সঠিক উত্তরঃ- (ডি) ঝাড়খণ্ড

ফোন অব ফ্রেণ্ড-এ সমাধান করেন।

ঘোষণা ঃ— ওয়াইল্ড কার্ড কনটেস্ট নং - ৮

(প্রশ্ন) এর মধ্যে কোন্ দেশের সীমানা সিকিম রাজ্যের সাথে নেই ?

অপশনস্—

(এ) নেপাল	(বি) চীন
(সি) ভূটান	(ডি) বাংলাদেশ

পুনরায় শুরু শ্রী জৈনের খেলা।

প্রশ্ন (৯) ঃ— ১৯৯০ সালের হিন্দী ছবি ' লেকিন ' এর লেখক ও নির্দেশক কে ছিলেন?

অপশনস্-—

(এ) ভূপেন হাজারিকা	(বি) গুলজার
(সি) অমল পালেকর	(ডি) দীপা মেহেতা

সঠিক উত্তরঃ- (বি) গুলজার।

প্রশ্ন (১০) ঃ— টেস্ট ক্রিকেটে লাগাতর ২১টি মেডেন ওভার লাভের রেকর্ড কে করেছিলেন ?

অপশনস্—

(এ) সুভাষ গুপ্তা	(বি) বাপু নাদকারনি
(সি) এস.ভেঙ্কটরাঘবন	(ডি) বিষেন সিং বেদী

সঠিক উত্তরঃ- (বি) বাপু নাদকারনি।

প্রশ্ন (১১) ঃ— ১৯৫৭ সালে কোন্ প্রধানমন্ত্রী বলরামপুর কেন্দ্র থেকে প্রথমবার নির্বাচিত হয়েছিলেন ?

অপশনস্—

(এ) চরণ সিং	(বি) অটল বিহারী বাজপেয়ী
(সি) ইন্দিরা গান্ধী	(ডি) চন্দ্রশেখর

সঠিক উত্তরঃ- (বি) অটল বিহারী বাজপেয়ী।

তিনি ভুল উত্তর বি-বলায় ৩,২০,০০০ এ চলে যান।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

● বিষ্ণুর এই অবতারের মধ্যে যিনি প্রথম আবির্ভূত হয়েছেন তা থেকে ক্রমানুসারে সাজিয়ে লিখ।

অপশনস্—

(এ) রাম	(বি) কল্কী
(সি) বরাহ	(ডি) পরশুরাম

সঠিক ক্রম হল— ১. (সি) বরাহ

২. (ডি) পরশুরাম

৩. (এ) রাম

৪. (বি) কল্‌কী

৯জনের মধ্যে ৫ জন সঠিক ক্রমে উত্তীর্ন হন। এর মধ্যে হট সীটে বসেন ভূবনেশ্বরের বিজয় সাহু। তাকে যা যা প্রশ্ন করা হয়, তা হল —

প্রশ্ন (১) ঃ— এক হিন্দী প্রবাদ মতে ক্ষিধার সময় পেটে কি দৌঁড়ায় ?

অপশনস্—

(এ) হাতী	(বি) ইঁদুর
(সি) শের	(ডি) ভাইনস্

সঠিক উত্তরঃ- (বি) ইঁদুর।

প্রশ্ন (২) ঃ— কোন্ পাখী নিজের বাসা পাতা দিয়ে বুনন করে তৈরী করে ?

অপশনস্—

(এ) বাবুই	(বি) হামিং
(সি) ঈগল	(ডি) কুকু

সঠিক উত্তরঃ- (এ) বাবুই।

প্রশ্ন (৩) ঃ— ক্রিকেটের থার্ড আম্পায়ার কোন্ রঙের লাইট জ্বালিয়ে ব্যাটসম্যানকে নট আউট ঘোষণা করেন ?

অপশনস্—

(এ) লাল	(বি) সবুজ
(সি) নীল	(ডি) হলুদ

সঠিক উত্তরঃ- (বি) সবুজ।

প্রশ্ন (৪) ঃ— এদের মধ্যে কংসের বোন কে ছিলেন ?

অপশনস্—

(এ) যশোধরা	(বি) রুক্ষিনী
(সি) দেবকী	(ডি) রাধা

সঠিক উত্তরঃ- (সি) দেবকী।

প্রশ্ন (৫) ঃ— 'Chanooya' কোন্ দেশের চায়ের প্রথাগত উৎসব ?

অপশনস্—

(এ) জাপান	(বি) মঙ্গোলিয়া
(সি) ভিয়েতনাম	(ডি) শ্রীলঙ্কা

সঠিক উত্তরঃ- (এ) জাপান।

তিনি জনতার রায় এ-তে ৬৭ শতাংশ পেয়ে সমাধান করেন।

প্রশ্ন (৬) ঃ— নীচের কোন্ রাজ্যের শাব্দিক অর্থ ' রত্নের প্রদেশ ' ?

অপশনস্—

(এ) নাগাল্যাণ্ড	(বি) মণিপুর
(সি) মিজোরাম	(ডি) মেঘালয়

সঠিক উত্তরঃ- (বি) মনিপুর।

প্রশ্ন (৭) ঃ— ফিল্ম ' খামোসী'র সংগীত ' আজ ম্যায় উপর ' কে গেয়েছিলেন ?

অপশনস্—

(এ) কবিতা কৃষ্ণমূর্তি	(বি) অলকা ইয়াগ্নিক
(সি) জসবিন্দর নরুলা	(ডি) অনুরাধা পাড়োয়াল

সঠিক উত্তরঃ- (এ) কবিতা কৃষ্ণমূর্তি ।

প্রশ্ন (৮) ঃ— ফারেনহাইট স্কেলে জল বরফে পরিণত হয় কত ডিগ্রীতে ?

অপশনস্—

(এ) ১০০ ডিগ্রী	(বি) -২৭৩ ডিগ্রী
(সি) ৩২ ডিগ্রী	(ডি) ০ ডিগ্রী

সঠিক উত্তরঃ- (সি) ৩২ ডিগ্রী।

প্রশ্ন (৯) ঃ— স্বাধীন ভারতে প্রথম কোন্ জাতীয় নেতার সম্মানে ডাক টিকিট প্রচলিত হয় ?

অপশনস্—

(এ) মহাত্মা গান্ধী	(বি) লোকমান্য তিলক
(সি) সুভাষ চন্দ্র বসু	(ডি) রবীন্দ্র নাথ ঠাকুর

সঠিক উত্তরঃ- (এ) মহাত্মা গান্ধী। খেলা আজ এখানেই শেষ।

২১ শে মার্চ, ২০০১ ইং

স্ব-ভাষ্যঃ- আজ বিশ্ব কবিতা দিবস। এই কথা ঠিক যে, পুরানো ঘটনার শিক্ষা ভবিষ্যতে কাজে লাগে। কিন্তু অতীত ঘটনার জন্য আফসোস করা নিরর্থক। ভবিষ্যতের জন্য ভাবনা করা দোষের নয়। আগত ভবিষ্যতের চিন্তা করে হাতের বর্তমানকে নষ্ট করা বুদ্ধিমানের কাজ নয়। কারন, বর্তমান হল ঐ কারখানা যেখানে সর্বদা ভুলের সংশোধন হয় এবং নতুন উজ্বল ভবিষ্যৎ তৈরী হয়। বর্তমান যখন হাতের মুঠোয়, তাকে যথাযথ ব্যবহার না করে ভবিষ্যতের দিকে তাকানো বুদ্ধিমানের কাজ নয়। কারন বর্তমান হল অতীতের বীজ এবং ভবিষ্যতের কুরি।

এখন খেলা শুরু গত রাতের শেষ খেলোয়াড় থেকে।

প্রশ্ন (১০) ঃ— ' বেদের যুগে ফিরো ' এই শ্লোগানটি কোন্ সামাজিক সংস্থার ?

অপশনস্—

(এ) আর্য সমাজ	(বি) বিশ্ব হিন্দু পরিষদ
(সি) চিন্ময় মিশন	(ডি) রামকৃষ্ণ মিশন

সঠিক উত্তরঃ- (এ) আর্য সমাজ।

ফোন অব ফ্রেণ্ড-এ সমাধান না পেরে ৫০ঃ৫০-তে সি ও ডি-কে দূর করে শুদ্ধ উত্তর করেন।

প্রশ্ন (১১) ঃ— ভারত নাট্যম নৃত্যাঙ্গনা ' কলাক্ষেত্র ' কে স্থাপন করেন ?

অপশনস্—

(এ) যামিনী কৃষ্ণমূর্তি	(বি) লীলা সামসন
(সি) রুক্মিণী দেবী	(ডি) বালা সরস্বতী

সঠিক উত্তরঃ- (সি) রুক্মিণী দেবী।

তিনি ভুল উত্তর এ-বলায় ৩,২০,০০০ নিয়ে ফিরে আসেন।

প্রথম নির্বাচনী প্রশ্ন—

○ এই শহরগুলো ভূমধ্যরেখা থেকে কম দূরত্ব থেকে বেশী দূরত্বের অবস্থান অনুযায়ী লিখ।

অপশনস্—

(এ) কলম্বো	(বি) চেন্নাই
(সি) সিওল	(ডি) সাংহাই

সঠিক ক্রম হল— ১. (এ) কলম্বো
২. (বি) চেন্নাই
৩. (ডি) সাংহাই
৪. (সি) সিওল

শুদ্ধ ক্রমে ১০ এ ২ জন। এর মধ্যে স্বল্প সময়ে উত্তর দিয়ে হট সীটে বসেন ভূপাল, মধ্য প্রদেশের বিকল্প শুক্লা। তাঁর পরবর্তী প্রশ্নগুলো হল —

প্রশ্ন (১) ঃ— নীচের কোন্ খেলাতে গোলাকার বস্তু ব্যবহার হয় না ?

অপশনস্—

(এ) বিলিয়ার্ড	(বি) রাগ্‌বি
(সি) টেবিল টেনিস	(ডি) স্কোয়াশ

সঠিক উত্তরঃ- (বি) রাগ্‌বি।

প্রশ্ন (২) ঃ— যদি আপনি ' হন্দর ' থেকে জয়পুর রওয়ানা হন, তবে আপনি কোন্ দিকে যাবেন ?

অপশনস্—	(এ) উত্তর	(বি) দক্ষিণ
	(সি) পূর্ব	(ডি) পশ্চিম

সঠিক উত্তরঃ- (এ) উত্তর।

এখানে জনতার রায় এ-তে ৪২ শতাংশ প্রাপ্ত হন।

প্রশ্ন (৩) ঃ— এর মধ্যে কোন্ ছবিতে সালমান খান এবং শাহরুখ খান একসাথে অভিনয় করেন নি ?

অপশনস্—	(এ) কুচ কুচ হোতা হেয়	(বি) হর দিল তো পাগল হেয়
	(সি) করণ অর্জুন	(ডি) বিবি নং-১

সঠিক উত্তরঃ- (ডি) বিবি নং-১

প্রশ্ন (৪) ঃ— নীচের কোন্ নামটি শিবের নাম নয় ?

অপশনস্—	(এ) শম্ভু	(বি) মহাকাল
	(সি) নীলকণ্ঠ	(ডি) মন্মথ

সঠিক উত্তরঃ- (ডি) মন্মথ।

প্রশ্ন (৫) ঃ— ইন্দিরা গান্ধীর জন্ম কোন্ শহরে হয়েছিল ?

অপশনস্—	(এ) এলাহাবাদ	(বি) দিল্লী
	(সি) কলকাতা	(ডি) লণ্ডন

সঠিক উত্তরঃ- (এ) এলাহাবাদ।

প্রশ্ন (৬) ঃ— এর মধ্যে কোন্ ব্যক্তি লতা মঙ্গেশকরের পিতা ছিলেন ?

অপশনস্—	(এ) দিননাথ মঙ্গেশকর	(বি) হৃদয়নাথ মঙ্গেশকর
	(সি) নরেন্দ্রনাথ মঙ্গেশকর	(ডি) কেদারনাথ মঙ্গেশকর

সঠিক উত্তরঃ- (এ) দিননাথ মাঙ্গেশকর।

প্রশ্ন (৭) ঃ— এদের মধ্যে কোন্ সোফি সন্তকে দিল্লীতে কবর দেওয়া হয়েছে ?

অপশনস্—	(এ) মুইনুদ্দীন ক্রিস্টি	(বি) সলীন ক্রিস্টি
	(সি) হাজি আলী	(ডি) নিজামুদ্দীন আওলিয়া

সঠিক উত্তরঃ- (ডি) নিজামুদ্দীন আওলিয়া।

বিদ্যুৎ বিভ্রাটের কোপে পরের প্রশ্ন থেকে পুরোটাই বঞ্চিত হলাম।

স্ব-ভাষ্যঃ- যখন কোন কাজের পূর্বে সঠিক সিদ্ধান্ত থাকে, তখন কোনও বন্ধুর প্রয়োজন হয় না । এখানে নিজের সিদ্ধান্তই মুখ্য। আমাদের কাছে যদি বিবেক থাকে,তবে অন্যের বুদ্ধির দরকার হয় না। নিজের বিবেকের চেয়ে মার্গ দর্শক আর নেই। যদি আমাদের কাছে জ্ঞান থাকে, তবে অলংকারের প্রয়োজন হয় না। পৃথিবীর সব রত্নের চেয়ে অমূল্য রত্ন হল জ্ঞান। এক কথায়, যখন মানুষের ভিতরে সমস্ত গুনের ভাণ্ডার থাকে , তখন তার অপরের সাহায্যের দরকার হয় না। ভিতরের গুনাবলীই মানুষকে পরিচালিত করে। এমন গুনাবলী ও জ্ঞান সমৃদ্ধ মানুষই সমাজে প্রতিষ্ঠিত হতে পারে। তাই নিজের জ্ঞানই নিজের পথ প্রদর্শক, অন্যের বুদ্ধিতে নয়। নিজের ভাল মন্দ নিজের জ্ঞানের পথেই বিচার করে অগ্রসর হওয়াই নিজের পূর্ন কৃতিত্ব। দ্বিতীয় ব্যক্তির বুদ্ধির সত্যতা যাচাই করাও নিজের বুদ্ধিমত্তারই পরিচয়। কাজেই নিজের বিবেক বুদ্ধির দ্বারা যে কাজ করা হবে তাই হল আন্তরজ্ঞানের ফুটন্ত আকার।

রাতের প্রথম খেলাতেই সট সীটে খেলছেন কানপুরের অর্চনা সুরতলা ৮ নং প্রশ্ন থেকে।

প্রশ্ন (৮) ঃ— এদের মধ্যে কোন্ মহিলা নেত্রীর পিতা নিজের দেশের প্রধানমন্ত্রী ছিলেন না ?

অপশনস্—

(এ)	ইন্দিরা গান্ধী	(বি)	বেনজীর ভুট্টো
(সি)	শেখ হাসিনা ওয়াজেদ	(ডি)	সিরিমাভো বন্দরনায়েক

সঠিক উত্তরঃ- (ডি) সিরিমাভো বন্দরনায়েক।

প্রশ্ন (৯) ঃ— 'Khub ladi mardani woh to Jhasiwali Rani' এটি কোন্ লেখিকার ডায়লগ ?

অপশনস্—

(এ)	অমৃতা প্রীতম	(বি)	মহাদেবী ভার্মা
(সি)	সুভদ্রা কুমারী চৌহান	(ডি)	মহাশ্বেতা দেবী

সঠিক উত্তরঃ- (সি) সুভদ্রা কুমারী চৌহান।

প্রশ্ন (১০) ঃ— এর মধ্যে কোন্ সম্প্রদায় ৫ম শতাব্দীতে ভারতে বহুবার আক্রমণ করেছিল ?

অপশনস্—

(এ)	ব্যাকট্রিয়ানস	(বি)	সাসানীরস
(সি)	হূনস্	(ডি)	খামের

সঠিক উত্তরঃ- (সি) হূনস্।

প্রশ্ন (১১) ঃ— Rumanvan, Susena, Vasu, Viswavasu এরা বিষ্ণু কোন্ অবতারের ভাই ?

অপশনস্—

(এ) নরসীমা	(বি) কল্কী
(সি) বামন	(ডি) পরশুরাম

সঠিক উত্তরঃ- (ডি) পরশুরাম। প্রথমে ৫০ঃ৫০-তে এ ও বি-কে অদৃশ্য করেন। ভুল উত্তর সি-বলায় ১০,০০০ নিয়ে ফেরেন।

প্রথম নির্বাচনী প্রশ্ন—

⚪ এই ফিল্মগুলো তাদের প্রথম রিলিজ হওয়া থেকে শেষ ক্রমানুসারে লিখ।

অপশনস্—

(এ) রাম জানে	(বি) রাম তেরী গঙ্গা মইলী
(সি) রাম রাজ্য	(ডি) রাম লক্ষ্মণ

সঠিক ক্রম হল— ১. (সি) রাম রাজ্য
২. (বি) রাম তেরী গঙ্গা মইলী
৩. (ডি) রাম লক্ষ্মণ
৪. (এ) রাম জানে

শুদ্ধ ক্রম করেন ১০ জনে ৪ জন। এর মধ্যে খেলার যোগ্যতা অর্জন করেন আগ্রার শৈলী ভাটিয়া। তাঁর প্রশ্নগুলো এইরূপ—

প্রশ্ন (১) ঃ— একটি হিন্দী প্রবাদ মতে ' এক ময়ানে ' দুটি কি থাকতে পারে না ?

অপশনস্—

(এ) তীর	(বি) ত্রিশূল
(সি) বালা	(ডি) তলোয়াড়

সঠিক উত্তরঃ- (ডি) তলোয়াড় ।

প্রশ্ন (২) ঃ— একটি First Aid Box এর মধ্যে কোন্‌টি থাকে না ?

অপশনস্—

(এ) Band-Aid	(বি) Cotton-wool
(সি) Pace-maker	(ডি) Gauge-Bandage

সঠিক উত্তরঃ- (সি) Pace-maker.

এখানে জনরায় সি-তে ৯৫ শতাংশ পেয়ে শুদ্ধ করেন।

প্রশ্ন (৩) ঃ— নীচের কোন্ খেলায় নেট ব্যবহার হয় না ?

অপশনস্—

(এ) ফুটবল	(বি) ভলিবল
(সি) গল্ফ	(ডি) টেনিস

সঠিক উত্তরঃ-　(সি)　গল্‌ফ।

প্রশ্ন (৪) ঃ— ফিলি্ম 'পিয়াসা'-তে সংগীত 'সর জো তেরা চক্রায়ে' কে গেয়েছিলেন?

অপশনস্—

(এ) মুকেশ	(বি) মান্না দে
(সি) মহম্মদ রফি	(ডি) কিশোর কুমার

সঠিক উত্তরঃ-　(সি)　মহম্মদ রফি।

প্রথমে ৫০ঃ৫০-তে উত্তর না দিতে পেরে উত্তর দেন ফোন অব ফ্রেণ্ড-এ।

প্রশ্ন (৫) ঃ— এর মধ্যে কোন্ খেলা আয়তকার ক্ষেত্রে খেলা হয় না ?

অপশনস্—

(এ) ভলিবল	(বি) টেনিস
(সি) ফুটবল	(ডি) ক্রিকেট

সঠিক উত্তরঃ-　(ডি)　ক্রিকেট।

প্রশ্ন (৬) ঃ— মাধুরী দীক্ষিত ইদানিংকালে কোন্ ছবিতে 'মোহিনী' নামক নৃত্যশিল্পীর ভূমিকায় অভিনয় করেছেন?

অপশনস্ —

(এ) বেটা	(বি) তেজাব
(সি) ত্রিদেব	(ডি) খলনায়ক

সঠিক উত্তর ঃ— (বি)　খলনায়ক।

প্রশ্ন (৭) ঃ— রোগ নির্ণয়ে X-Ray বিশেষজ্ঞকে কি বলা হয়?

অপশনস্ —

(এ) রেডিওলজিস্ট	(বি) কার্ডিওলজিস্ট
(সি) ফিজিওলজিস্ট	(ডি) অপথালমোজিস্ট

সঠিক উত্তর ঃ— (এ)　রেডিওলজিস্ট।

ভুল উত্তর 'বি' বলায় ১০,০০০ টাকা নিয়ে ফিরে আসেন।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

● ইণ্ডিয়ান ইনস্টিটিউট অব্ টেকনোলজির এই শহরগুলো উত্তর দিক থেকে দক্ষিণ দিকে লিখ।

অপশনস্ —

(এ) খরগপুর	(বি) চেন্নাই
(সি) দিল্লী	(ডি) মুম্বাই

সঠিক ক্রম হল — ১. (সি) দিল্লী

২. (এ) খরগপুর

৩. (ডি) মুম্বাই

.৪. (বি) চেন্নাই

শুদ্ধ ক্রম করেন ৯ জনে ৪ জন। এদের থেকে হট-সীটে বসেন তেজপুর, আসামের অমরজিৎ সিং। তাঁকে পরে যে যে প্রশ্ন করা হয় —

প্রশ্ন (১) ঃ— নীচের কোন্‌টি জলের প্রাকৃতিক রূপ নহে?

অপশনস্ —

(এ) আইস বার্গ	(বি) স্নো
(সি) হেইল স্টর্ম	(ডি) ড্রাই আইস

সঠিক উত্তর ঃ— (ডি) ড্রাই আইস।

প্রশ্ন (২) ঃ— 'Bell-bottoms' কিসের এক প্রকার?

অপশনস্ —

(এ) স্যুস্	(বি) হেটস্
(সি) শার্টস	(ডি) ট্রাউজারস্

সঠিক উত্তর ঃ— (ডি) ট্রাউজারস্।

প্রশ্ন (৩) ঃ— ভারতীয় ক্রিকেট টীমের প্রথম বিদেশী কোচ 'জন রাইট' কোন্ দেশের লোক?

অপশনস্ —

(এ) ইংল্যান্ড	(বি) অস্ট্রেলিয়া
(সি) জিম্বাবোয়ে	(ডি) নিউজিল্যান্ড

সঠিক উত্তর ঃ— (ডি) নিউজিল্যান্ড ।

প্রশ্ন (৪) ঃ— নীচের কোন্ ক্ষেত্রে 'জ্ঞানপীঠ' পুরস্কার দেওয়া হয়?

অপশনস্ —

(এ) সংগীত	(বি) সাহিত্য
(সি) খেলাধূলা	(ডি) আর্ট

সঠিক ডত্তর ঃ— (বি) সাহিত্য।

প্রশ্ন (৫) ঃ – উদ্যোগী শহর 'গুরগাঁও' কোন্ রাজ্যে অবস্থিত?

অপশনস্ - -

(এ) হরিয়ানা	(বি) দিল্লী
(সি) রাজস্থান	(ডি) উত্তর প্রদেশ

সঠিক উত্তর ঃ— (এ) হরিয়ানা।

প্রশ্ন (৬) ঃ— কোন্ শাস্ত্রীয় বাদককে ২০০১ সালে 'ভারতরত্ন'-এ ভূষিত করা হয়েছে?

অপশনস্ —

(এ)	শিব কুমার শর্মা	(বি)	আমজাদ আলী খান
(সি)	বিসমিল্লা খান	(ডি)	রবিশঙ্কর

সঠিক উত্তর ঃ— (সি) বিসমিল্লা খান।

প্রশ্ন (৭) ঃ— অলিম্পিক খেলায় কোন খেলাকে One-lap-Race বলা হয়?

অপশনস্ —

(এ)	১০০ মিটার	(বি)	২০০ মিটার
(সি)	৪০০ মিটার	(ডি)	৮০০ মিটার

সঠিক উত্তর ঃ— (সি) ৪০০ মিটার।

প্রশ্ন (৮) ঃ— 'হাম দিল দে চুকে সনম' ছবিতে অজয় দেবগন তার ভাবী শ্বশুরকে কোন্ গানে অনুরোধ করেছেন?

অপশনস্ —

(এ)	আপ জ্যায়সা কোই নেহী	(বি)	চিঙ্গারী কোই ভরকে
(সি)	রূপ তেরা মস্তানা	(ডি)	আওয়ারা হু

সঠিক উত্তর ঃ— (বি) চিঙ্গারী কোই্ ভরকে। এর সঙ্গে খেলাও শেষ।

ক্যাবল লাইনের ত্রুটির জন্য ২৬ তারিখ পুরো অনুষ্ঠান দেখা থেকে অনিবার্যভাবে বঞ্চিত হলাম।

২৭শে মার্চ, ২০০১ ইং

আজ হট-সীটে খেলতে দেখা গেল বিশাখাপত্তনমের শ্রী হরিহরণকে। তাঁর পরবর্তী প্রশ্নগুলো নিম্নরূপ —

প্রশ্ন (১) ঃ— ১৯৯৫ সালে নির্মিত হিন্দী ফিল্ম 'রঙ্গিলার' নায়িকা কে ছিলেন?

অপশনস্ —

(এ)	শিল্পা শেট্টী	(বি)	নম্রতা
(সি)	রাখী গুলজার	(ডি)	ঊর্মিলা মাতন্ডকর

সঠিক উত্তর ঃ— (ডি) ঊর্মিলা মাতন্ডকর।

প্রশ্ন (২) ঃ— মহাভারতে দুঃশাসন কার পুত্র ছিলেন?

অপশনস্ —

(এ)	ধৃতরাষ্ট্র	(বি)	দ্রোণাচার্য
(সি)	কৃপাচার্য	(ডি)	পান্ডু

সঠিক উত্তর ঃ— (এ) ধৃতরাষ্ট্র।

প্রশ্ন (৩) ঃ— দিন-রাতের একদিনের খেলায় 'ব্যাক স্ক্রীণ' কোন্ রঙের হয়?

অপশনস্ —

(এ) সাদা	(বি) নীল
(সি) সবুজ	(ডি) কালো

সঠিক উত্তর ঃ— (ডি) কালো।

প্রশ্ন (৪) ঃ— কম্পিউটার বাণিজ্য প্রক্রিয়ার MS-DOS কোন্ কোম্পানীর?

অপশনস্ —

(এ) মাইক্রোসফট্	(বি) থমসন ওয়েভ
(সি) মাইক্রো হার্ড	(ডি) আইওয়া

সঠিক উত্তর ঃ— (এ) মাইক্রো সফট্ ।

প্রশ্ন (৫) ঃ— কোন্ জিনিস পান করে শিবের নাম 'নীলকণ্ঠ' হয়?

অপশনস্ —

(এ) ফলিডল	(বি) কালকূট বিষ
(সি) ভাং	(ডি) মদিরা

সঠিক উত্তর ঃ— (বি) কালকূট বিষ।

প্রশ্ন (৬) ঃ— কোন্ দেশের পতাকায় তারকা অঙ্কিত নেই?

অপশনস্ —

(এ) চীন	(বি) আমেরিকা
(সি) ইউ. কে.	(ডি) নিউজিল্যান্ড

সঠিক উত্তর ঃ— (ডি) নিউজিল্যান্ড ।

প্রশ্ন (৭) ঃ— ভারতের সৈন্য বাহিনী কোন্ দেশের শান্তি প্রক্রিয়াতে অংশগ্রহণ করেছে?

অপশনস্ —

(এ) কঙ্গো	(বি) মায়ানমার
(সি) শ্রীলঙ্কা	(ডি) কোরিয়া

সঠিক উত্তর ঃ— (সি) শ্রীলঙ্কা। ভুল উত্তর ডি-র জন্য ১০,০০০ এ ফিরেন।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

● এই পাত্রদের তাদের সন্তানের সংখ্যানুসারে কম সংখ্যা থেকে বেশী সংখ্যানুসারে লিখ।

অপশনস্ —

(এ) দশরথ	(বি) ভীম
(সি) ধৃতরাষ্ট্র	(ডি) রাম

সঠিক ক্রম হল — ১. (বি) ভী
২. (ডি) রাম
৩. (এ) দশরথ
৪. (সি) ধৃতরাষ্ট্র

১০ জনে শুদ্ধ উত্তর করেন ৩ জন। এর মধ্যে হট-সীটে বসেন মীরাটের রেখা রাণা। হঠাৎ বিদ্যুতের অভাবে ১ ও ২ নং দেখতে পারিনি।

প্রশ্ন (৩) ঃ— ফিল্মের কোন্ বিষয় পূর্ণ হবার পর ছবিটি পূর্ণতা প্রাপ্ত হয়?

অপশনস্ —

(এ) শুটিং	(বি) প্রিমিয়ার
(সি) কাস্টিং	(ডি) ডাবলিং

সঠিক উত্তর ঃ— (বি) প্রিমিয়ার।

প্রশ্ন (৪) ঃ— শরীরের কোন্ অংশে রক্ত নালিকা থাকে না?

অপশনস্

(এ) চুল	(বি) কান
(সি) নাক	(ডি) ঠোঁট

সঠিক উত্তর ঃ- (এ) চুল।

প্রশ্ন (৫) ঃ— এর মধ্যে কোন্ পর্বত শহর হিমাচল প্রদেশে অবস্থিত?

অপশনস্

(এ) পহেলগাঁও	(বি) রাণীক্ষেত
(সি) সোলম	(ডি) মাউন্ট আবু

সঠিক উত্তর ঃ- (সি) সোলম।

প্রশ্ন (৬) ঃ— ভারতীয় ডাক সেবায় এর মধ্যে কোন্‌টি প্রথম শ্রেণীর ডাক হিসাবে গণ্য করা হয়?

অপশনস্

(এ) পোস্টকার্ড	(বি) ইনল্যান্ড লেটার
(সি) এন্‌ভেলাপ	(ডি) বুক প্যাকেজ

সঠিক উত্তর ঃ- (ডি) বুক প্যাকেজ।

প্রশ্ন (৭) ঃ— 'ধ্রুব তারা' পৃথিবী থেকে দেখলে কোন্ দিকে দেখা যায়?

অপশনস্

(এ) পূর্ব	(বি) পশ্চিম
(সি) দক্ষিণ	(ডি) উত্তর

সঠিক উত্তর - (ডি) উত্তর।

প্রশ্ন (৮) ঃ— কোন্ ভগবানের রথে বিভিন্ন নামের ৭টি ঘোড়া আছে?

অপশনস্

(এ) ইন্দ্র	(বি) বায়ু
(সি) সূর্য	(ডি) বিষ্ণু

সঠিক উত্তর ঃ- (সি) সূর্য।

প্রশ্ন (৯) ঃ— সিডনী অলিম্পিকের প্রতিযোগিতায় শুরুতে কোন্ দেশ নেতৃত্ব করেছিল?

অপশনস্

(এ) আলজেরিয়া	(বি) আমেরিকা
(সি) গ্রীস	(ডি) অষ্ট্রেলিয়া

সঠিক উত্তর ঃ- (সি) গ্রীস।

প্রশ্ন (১০) ঃ— ভারতের অরুণা রায় এবং যোগীন হরপীথণকে ২০০০ সালে কোন্ পুরস্কার দেওয়া হয়েছিল?

অপশনস্

(এ) বুকার	(বি) মেগাসাসাই
(সি) আগাখান	(ডি) জ্ঞানপীঠ

সাঠক উত্তর ঃ- (বি) মেগাসাসাই।

প্রশ্ন (১১) ঃ— ভারতীয় সুপ্রীম কোর্টের সর্বোচ্চ বিচারকের অবসর নেওয়ার বয়স কত বছর?

অপশনস্

(এ) ৫৫ বছর (বি) ৬০ বছর

(সি) ৬৫ বছর (ডি) ৭০ বছর

সঠিক উত্তর ঃ- (সি) ৬৫ বছর। এখানেই সময় সমাপ্ত হয়।

২৮শে মার্চ, ২০০১ ইং

আজ প্রভাতী সংবাদ হল—"৫৮ বছর বয়সেও জনপ্রিয়তায় পাঞ্জাতে ঋত্বিক রোশনকে হারিয়ে দিলেন সত্তর দশকের 'রাগী যুবক'। ওয়েব সাইট ফোবর্স ডট কম আয়োজিত 'ভারতের সবচেয়ে শক্তিশালী তারকাদের মধ্যে পয়লা নম্বরে নাম অমিতাভ বচ্চনের। দু'নম্বরে ঋত্বিক, 'খান'দের মধ্যে তালিকায় এসেছেন শুধু আমীর। স্থান তৃতীয়।"

প্রশ্ন (১২) ঃ— আয়ুর্বেদের কোন্ শাখা মানসিক রোগের চিকিৎসা করা হয়?

অপশনস্

(এ) কায়চিকিৎসা	(বি) ভূতবিদ্যা
(সি) বাজিকর্ণ	(ডি) রসায়ণ

সঠিক উত্তর ঃ- (বি) ভূতবিদ্যা।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

○ নির্বাচনের এই প্রক্রিয়াগুলোকে প্রথম থেকে শেষ ক্রমানুসারে লিখ।

অপশনস্

(এ) কাউন্টিং	(বি) নোমিনেশন
(সি) ওথ টেকিং	(ডি) ভোটিং

সঠিক ক্রম হল ঃ— ১. (বি) নোমিনেশন
২. (ডি) ভোটিং
৩. (এ) কাউন্টিং
৪. (সি) ওথ টেকিং

নির্ভুল ক্রম করেন ১০ জনে ৬ জন। এর মধ্যে হট সীটে বসেন মুম্বাইয়ের সন্দীপ পাওস্কর। তাঁর পরের প্রশ্নগুলো হল—

প্রশ্ন (১) ঃ— এদের মধ্যে কোন্ ফিল্ম স্টার অপর এক ফিলিম স্টারকে বিবাহ করেন?

অপশনস্

(এ) নূতন	(বি) মমতাজ
(সি) শর্মিলা ঠাকুর	(ডি) সায়রা বানু

সঠিক উত্তর ঃ- (ডি) সায়রা বানু।

প্রশ্ন (২) ঃ— নীচের কোন্ গাছের শিখড় ভূমির উপর ঝুলে থাকে?

অপশনস্

(এ) নীম	(বি) ব্যানিয়ান
(সি) কোকোনাট	(ডি) পিপল্

সঠিক উত্তর ঃ- (বি) ব্যানিয়ান।

প্রশ্ন (৩) ঃ— এর মধ্যে কোন্ রাজ্যের সীমানা পাকিস্তানের সীমানায় যুক্ত নহে?

অপশনস্

(এ) গুজরাট	(বি) রাজস্থান
(সি) পাঞ্জাব	(ডি) হরিয়ানা

সঠিক উত্তর - (ডি) হরিয়ানা। ৫০ ঃ ৫০ তে এ সি অদৃশ্য করে উত্তর দেন।

প্রশ্ন (৪) ঃ · নীচের কোন্ প্রকাশনাটি দৈনিক সংবাদপত্র নহে?

অপশনস্

(এ) দ্য স্টেটসম্যান	(বি) আউটলুক
(সি) এশিয়ান এজ	(ডি) দ্য হিন্দু

সঠিক উত্তর ঃ- (বি) আউটলুক।

এতে জনতার রায় ৮২ শতাংশ পেয়ে উত্তর দেন।

প্রশ্ন (৫) ঃ— এদের মধ্যে কোন্ প্রাণী ৫৪ দিন জলপান না করে থাকতে পারে?

অপশনস্

(এ) ইয়াক্	(বি) ক্যামেল
(সি) অ্যাস	(ডি) পুলার বেয়ার

সঠিক উত্তর ঃ- (বি) ক্যামেল।

প্রশ্ন (৬) ঃ— টেস্ট ক্রিকেটে লর্ডস-এ প্রথম শতক করা খেলোয়াড় কে?

অপশনস্

(এ) বিজয় মার্চেন্ট	(বি) সৌরভ গাঙ্গুলী
(সি) আব্বাস আলী বেগ	(ডি) দিলীপ ভেঙ্গসরকার

সঠিক উত্তর ঃ- (বি) সৌরভ গাঙ্গুলী।

প্রশ্ন (৭) ঃ— এশিয়ার কোন্ দেশের পতাকায় 'পিপল পাতা' আছে?

অপশনস্

(এ) নেপাল	(বি) ভূটান
(সি) শ্রীলঙ্কা	(ডি) থাইল্যান্ড

সঠিক উত্তর ঃ- (সি) শ্রীলঙ্কা।

ফোন অব ফ্রেন্ডে উত্তর না পেয়ে ভুল বি-বলায় ১০,০০০ নিয়ে ফেরেন।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

● এই খাদ্য পদার্থগুলোর বীজের সংখ্যা কম থেকে বেশী বীজ অনুযায়ী লিখ।

অপশনস্

(এ) মাশরুম	(বি) ওয়াটার মেলন
(সি) ম্যাংগো	(ডি) চীকু

সঠিক ক্রম হল ঃ— ১. (এ) মাশরুম
২. (সি) ম্যাংগো
৩. (ডি) চীকু
৪. (বি) ওয়াটার মেলন

সঠিক ক্রম করেন ১০ জনে মাত্র ১ জন। আর তিনি হলেন বেগমপেট, হায়দরাবাদের এম. বাসন্তী। তাকে যে যে প্রশ্ন করা হয়, তা হল —

প্রশ্ন (১) ঃ— এর মধ্যে কোন্‌টি ১২ সংখ্যার সাথে যুক্ত নয়?

অপশনস্

(এ) ডিকে	(বি) ডজন
(সি) মিড নাইট	(ডি) নুন্

সঠিক উত্তর ঃ- (এ) ডিকে।

প্রশ্ন (২) ঃ— কোন্ ছবির ঘুর্ণমান মঞ্চে ঋষি কাপুর 'ওম শান্তি ওম' গানটি গেয়েছিলেন?

অপশনস্

(এ) হাম কিসিসে কম নেহী	(বি) ববি
(সি) কর্জ	(ড়ি) জুলী

সঠিক উত্তর ঃ- (সি) কর্জ।

প্রশ্ন (৩) ঃ— সাধারণতঃ Ketchup কি দ্বারা তৈরী করা হয়?

অপশনস্

(এ) আপেল	(বি) অরেঞ্জ
(সি) টমাটু	(ডি) ষ্ট্রবেরী

সঠিক উত্তর ঃ- (সি) টমাটু।

প্রশ্ন (৪) ঃ— এর মধ্যে Fourth Estate কোন্‌টি জানা যায়?

অপশনস্

(এ) ডিফেন্স	(বি) জুডিসিয়ারী
(সি) পাবলিক	(ডি) প্রেস

সঠিক উত্তর ঃ- (ডি) প্রেস।

প্রশ্ন (৫) ঃ— ১৯৬০ সালে গুজরাট কোন্ রাজ্যের অংশ ছিল?

অপশনস্

(এ) মধ্যভারত	(বি) বোম্বে
(সি) সিন্ধি	(ডি) রাজস্থান

সঠিক উত্তর ঃ- (বি) বোম্বে।

৫০ ঃ ৫০ তে এ ও ডি-কে অদৃশ্য করে ফোন অব ফ্রেন্ড-এর উত্তর করেন

প্রশ্ন (৬) ঃ— নির্দেশক রূপে 'কমল আমরুহীর' শেষ ছবি কোন্‌টি?

অপশনস্

(এ) ডন	(বি) পাকিজা
(সি) মহল	(ডি) রাজিয়া সুলতান

সঠিক উত্তর ঃ- (ডি) রাজিয়া সুলতান।

প্রশ্ন (৭) ঃ— মহাভারতের কর্ণকে কে বধ করেছিলেন?

অপশনস্

(এ) ঘটোৎকচ	(বি) অর্জুন
(সি) ভীম	(ডি) সহদেব

সঠিক উত্তর ঃ- (বি) অর্জুন।

প্রশ্ন (৮) ঃ— কোন্ ফিল্‌ম অভিনেতার আসল নাম 'শিব শঙ্কর বারাপ্রসাদ'?

অপশনস্

(এ) কামাল হাসান	(বি) রজনীকান্ত
(সি) মামুট্টী	(ডি) চিরঞ্জীবী

সঠিক উত্তর ঃ- (ডি) চিরঞ্জীবী।

প্রশ্ন (৯) ঃ— ১৯৯৮ সালে ফুটবল বিশ্বকাপ-এ 'Cup of life' সংগীতটি কে গেয়েছিলেন?

অপশনস্

(এ)	Jennifer Lopez	(বি)	Julio Lghesias
(সি)	Ricky Marthin	(ডি)	Christna Aguitera

সঠিক উত্তর ঃ- (সি) Ricky Marthin

এখানে তিনি জনতার রায় সি-তে ৭৭ শতাংশ পেয়ে উত্তর দেন। এরই সঙ্গে হুটারের শব্দে আজ খেলা শেষ হয়।

২৯শে মার্চ, ২০০১ ইং

স্ব-ভাষ্য ঃ- পৃথিবীতে যদি কোন সহজ কাজ থাকে, তা হল অন্যকে উপদেশ দেওয়া। আর সবচেয়ে কঠিন কাজ হল নিজে কাজ করে দেখানো। সর্বদাই দেখা যায়, কথা ও কাজের মধ্যে আকাশ পাতাল প্রভেদ। নিজের মনেই যদি কাজের প্রতি অনীহা থাকে, তবে অন্যকে উপদেশ দেওয়া অর্থহীন। বড় কথার ব্যক্তি কখনো বড় হন না। কিন্তু তিনিই বড়, যিনি কাজ নিজে করেন এবং অন্যকে কাজ করতে উৎসাহ দেন। উপদেশের ফুলঝুড়ি না ঝড়িয়ে, যিনি কাজে নিজেকে নিয়োজিত করে অন্যকে কাজে প্রেরণা, উদ্দীপনা এবং মনোবল জাগ্রত করেন, তিনিই ছোট বা বড় যাই হোন না কেন, সবার আদর্শ ও প্রণম্য। উপদেশের চেয়ে কাজ করে দৃষ্টান্ত স্থাপন অনেক বেশী মূল্যবান।

প্রশ্ন (১০) ঃ— 'হায়দরাবাদ শহর' কে স্থাপন করেছিলেন?

অপশনস্

(এ)	কুতবুদ্দীন আইবক	(বি)	কুলী কুতব শাহ্
(সি)	বহমান শাহ	(ডি)	হায়দর আলী

সঠিক উত্তর ঃ- (বি) কুলী কুতব শাহ্।

প্রশ্ন (১১) ঃ— পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন?

অপশনস্

(এ)	মহম্মদ আলী জিন্না	(বি)	লিয়াকৎ আলী খান
(সি)	মহম্মদ ইকবাল	(ডি)	মৌলানা মহম্মদ আলী

সঠিক উত্তর ঃ- (বি) লিয়াকৎ আলী খান।

প্রশ্ন (১২) ঃ— ভারতের ভূমি সীমানা কটি দেশের সঙ্গে যুক্ত আছে?

অপশনস্

(এ)	৭টি	(বি)	৯টি
(সি)	৮টি	(ডি)	৬টি।

সঠিক উত্তর ঃ- (এ) ৭টি।

এখানে ভুলের ঝুঁকি না নিয়ে ৬,৪০,০০০ চেক হাতে ফিরে যান।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

● ফিল্ম শীর্ষক লিখিত সংখ্যা কম থেকে বেশী সংখ্যা হিসেবে লিখ।

অপশনস্

(এ) চৌকি নং-১১	(বি) শ্রী ৪২০
(সি) বিবি নং-১	(ডি) ১০০ দিন

সঠিক ক্রম হল ঃ— ১. (সি) বিবি নং-১
২. (এ) চৌকি নং-১১
৩, (ডি) ১০০ দিন
৪. (বি) শ্রী ৪২০

১০ জনে ৪ জন শুদ্ধ ক্রম করেন। কিন্তু হট সীটে খেলেন কটকের এন. কে. রায় চৌধুরী। তাকে যে যে প্রশ্ন করা হয়,তা হল —

প্রশ্ন (১) ঃ— নীচের কোন্‌টি 'ককপীটে'র অপর নাম?

অপশনস্

(এ) হেনস নেস্ট	(বি) ক্রেটার
(সি) বার্ডস	(ডি) পাইলটস্ ক্যাবিন

সঠিক উত্তর ঃ- (ডি) পাইলটস ক্যাবিন।

প্রশ্ন (২) ঃ— মানুষের মুখমন্ডলের কোন্ অংশের চামড়া সবচেয়ে পাতলা?

অপশনস্

(এ) কান	(বি) নাক
(সি) চক্ষু পল্লব	(ডি) গাল

সঠিক উত্তর ঃ- (সি) চক্ষু পল্লব।

প্রশ্ন (৩) ঃ— এর মধ্যে কিসের শুদ্ধতা মাপার জন্য 'ক্যারাট' ব্যবহার করা হয়?

অপশনস্

(এ) অ্যালুমিনিয়াম	(বি) ব্রোঞ্জ
(সি) গোল্ড	(ডি) আয়রণ

সঠিক উত্তর ঃ- (সি) গোল্ড।

প্রশ্ন (৪) ঃ— নীচের কোন্ ছবিতে শত্রুঘ্ন সিন্‌হা অভিনয় করেছেন?

অপশনস্

(এ) জ্বালামুখী	(বি) চন্দ্রমুখ
(সি) সূরজমুখী	(ডি) চিত্রলেখা

সঠিক উত্তর ঃ- (এ) জ্বালামুখী।

এখানে জনতার রায় এ-তে ৮০ শতাংশ পেয়ে উত্তর দেন।

প্রশ্ন (৫) ঃ— ভারতের কোন্ শহরকে 'অমৃতের ভান্ডার' বলা হয়?

অপশনস্

(এ) নৈনিতাল	(বি) ভীমতাল
(সি) অমৃতসর	(ডি) কোদাইকানাল

সঠিক উত্তর ঃ- (সি) অমৃতসর।

প্রশ্ন (৬) ঃ— প্রধানমন্ত্রীর পুত্রী এবং মা দুইয়ের হবার গৌরব কোন্ প্রধানমন্ত্রীর ছিল?

অপশনস্

(এ) সিরিমাভো বন্দরনায়েক	(বি) গোল্ডা মেয়ার
(সি) বেনজীর ভুট্টো	(ডি) ইন্দিরা গান্ধী

সঠিক উত্তর ঃ- (ডি) ইন্দিরা গান্ধী।

প্রশ্ন (৭) ঃ— হিন্দু মান্যতা অনুসারে এর মধ্যে কোন্‌টি সূর্যের অপর নাম?

অপশনস্

(এ) রবি	(বি) আদিত্য
(সি) মিহির	(ডি) পঙ্কজ

সঠিক উত্তর ঃ- (ডি) পঙ্কজ।

ফোন অব ফ্রেন্ড-এ না হওয়ায় ৫০ ঃ ৫০ তে এ ও বি অদৃশ্য হলে শুদ্ধ উত্তর বেছে নেন।

প্রশ্ন (৮) ঃ— আরব বিজয়ের পর ধার্মিক উৎপীড়ন থেকে বাঁচার জন্য পার্শীগণ কোন্ দেশ থেকে ভারতে আসেন?

অপশনস্

(এ) ইরান	(বি) সৌদি আরব
(সি) ঈজিপ্ট	(ডি) তুর্কী

সঠিক উত্তর ঃ- (এ) ইরান।

প্রশ্নের সমাধান করতে না পেরে ৪০,০০০ নিয়ে চলে যান।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

● ভারতীয় রেলের টিকিটগুলো কম মূল্য থেকে বেশী মূল্য অনুযায়ী লিখ

অপশনস্

(এ) আন রিজার্ভ সীট	(বি) ফারস্ট এসি
(সি) থ্রী টীয়ার স্লিপার ক্লাশ	(ডি) সেকেন্ড এসি

সঠিক ক্রম হল ঃ— ১. (এ) আন রিজার্ভ সীট
২. (সি) থ্রী টীয়ার স্লিপার ক্লাশ

৩. (ডি) সেকেন্ড এসি

৪. (বি) ফারস্ট এসি

শুদ্ধ ক্রমে ৯ জনে ২ জন করেছেন। এর মধ্যে হট সীটে বসেন নতুন দিল্লীর অরুণ চৌবে। তাঁর পরের প্রশ্নগুলো হল —

প্রশ্ন (১) ঃ— এর মধ্যে ধনের দেবী কাকে বলে?

অপশনস্

(এ) সরস্বতী	(বি) লক্ষ্মী
(সি) পার্বতী	(ডি) কালী

সঠিক উত্তর ঃ- (বি) লক্ষ্মী।

প্রশ্ন (২) ঃ— এদের মধ্যে কে ডান হাতে বল্লেবাজ এবং বাঁ হাতে গেমবাজ?

অপশনস্

(এ) এস. ভেঙ্কটরাঘবন	(বি) ই. এ. এস. প্রসন্ন
(সি) বি. চন্দ্রশেখর	(ডি) বি. এস. বেদী

সঠিক উত্তর ঃ- (ডি) বি. এস. বেদী।

প্রশ্ন (৩) ঃ— পাঁচ টাকা কয়টি ২৫ পয়সার মুদ্রা থাকে?

অপশনস্

(এ) ২০ টি	(বি) ২৫ টি
(সি) ৪০ টি	(ডি) ১০টি

সঠিক উত্তর ঃ- (এ) ২০টি।

প্রশ্ন (৪) ঃ— কোন্ পাখী নিজের বাচ্চাকে পালন পোষণের জন্য অপর পাখীর বাসায় প্রতারণা করে দিয়ে থাকে?

অপশনস্

(এ) কাক	(বি) কোকিল
(সি) পায়রা	(ডি) ময়ূর

সঠিক উত্তর ঃ- (বি) কোকিল।

প্রশ্ন (৫) ঃ— এর মধ্যে কোন্ দেশের গাড়ী রাস্তার ডান দিকে চালিয়ে থাকে?

অপশনস্

(এ) ভারত	(বি) থাইল্যান্ড
(সি) ইংল্যান্ড	(ডি) আমেরিকা

সঠিক উত্তর ঃ- (ডি) আমেরিকা।

প্রশ্ন (৬) ঃ— National school of Drama কোন্ শহরে অবস্থিত?

অপশনস্

(এ) চেন্নাই	(বি) কলকাতা
(সি) পুনে	(ডি) নতুন দিল্লী

সঠিক ডত্তর ঃ- (ডি) নতুন দিল্লী

প্রশ্ন (৭) ঃ— স্বাধীনতা সংগ্রামে আসার পূর্বে বাবু রাজেন্দ্র প্রসাদের পূর্বপেশা কি ছিল?

অপশনস্

(এ) চিকিৎসক	(বি) অধ্যাপক
(সি) আইনজ্ঞ	(ডি) গণিতজ্ঞ

সঠিক উত্তর ঃ- (সি) আইনজ্ঞ।

প্রশ্ন (৮) ঃ— ঋগ্‌বেদে সবচেয়ে বেশী শ্লোক কোন্ দেবতার প্রতি অর্পণ করা হয়েছে?

অপশনস্

(এ) ব্রহ্মা	(বি) বায়ু
(সি) মিত্র	(ডি) ইন্দ্র

সঠিক উত্তর ঃ- (ডি) ইন্দ্র।

এই প্রশ্নের আজকের খেলা সমাপ্ত হয়ে যায়।

২রা এপ্রিল, ২০০১ ইং

স্ব-ভাষ্য ঃ-আজ আসাম স্পেশাল এপিসোড। যদি আমরা দিনের শুরু করি তবে প্রথমেই আসে চা-পান। চায়ের চুমুখ পেলে মস্তিস্কের মধ্যে একটি চিত্র ফোঁটে উঠে। তা হল আসাম। তার সর্বত্র সবুজের সমারোহ। অপার সৌন্দর্যে ভরপুর। ভারতের উত্তর পূর্বাংশে এর অবস্থান। এখানে চা-বাগান, লোকজীবন, বিহু উৎসব, লোক সঙ্গীত, নৃত্যকলা, পোষাক-পরিচ্ছদ সবই এক অপূর্ব মহিমা নিয়ে বয়ে চলেছে। প্রাকৃতিক সম্পদে ভরপুর এই আসাম ভারতের গৌরব। বনের শান্ত শীতলতায় ব্রহ্মপুত্রের কলকল ধ্বনিতে প্রাণচঞ্চল, এই রাজ্য মানুষের সর্বদাই আকর্ষণ করছে। গত সপ্তাহের শেষ খেয়োলাড় স্পেশাল শুরুর পূর্বে খেলছেন।

প্রশ্ন (৯) ঃ— এর মধ্যে কোন্ ফিল্‌ম 'প্রেমচাঁদ' এর কাহিনীর উপর নির্মিত হয় নি?

অপশনস্

(এ) সদ্‌গতি	(বি) মিল মজদুর
(সি) গোদান	(ডি) গমন

সঠিক উত্তর ঃ- (ডি) গমন।

প্রথমে জনতার রায়-এ না হওয়ায় ৫০ ঃ ৫০ তে বি ও সি-কেঅদৃশ্য করান। কিন্তু ভুল এ বলায় ১০,০০০ নিয়ে ফিরে আসেন।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

● ভারতের জাতীয় সংগীতের প্রথম শব্দ থেকে শেষ.ক্রমানুসারে সাজিয়ে লিখ।

অপশনস্		
	(এ) মন	(বি) গণ
	(সি) অধিনায়ক	(ডি) জন

সঠিক ক্রম হল ঃ— ১. (ডি) জন
২. (বি) গণ
৩. (এ) মন
৪. (সি) অধিনায়ক

১০ জনে ৭ জন শুদ্ধ উত্তর দেন। তাদের থেকে হট সীটে খেলতে আসেন বিউটি কুয়ীন রশ্মি মাথুর। তিনি এখানে যে যে প্রশ্নের সম্মুখীন হন সেগুলো হল —

প্রশ্ন (১) ঃ— বিষ্ণুর কোন্ অবতারকে 'গোপাল' বলে জানা যায়?

অপশনস্		
	(এ) রাম	(বি) পরশুরাম
	(সি) বামন	(ডি) কৃষ্ণ

সঠিক উত্তর ঃ- (ডি) কৃষ্ণ।

প্রশ্ন (২) ঃ— ইংরেজ এই অক্ষরগুলোর মধ্যে কোন্‌টি ইংরেজী ক্যালেন্ডারের কোনও মাসের নাম হয় না?

অপশনস্		
	(এ) F	(বি) O
	(সি) B	(ডি) D

সঠিক উত্তর ঃ- (সি) B

প্রশ্ন (৩) ঃ— Manual Transfuission র‍্যালী গাড়ীতে গীয়ার পাল্টাতে এর মধ্যে কোন্‌টি ব্যবহার করা হয়?

অপশনস্		
	(এ) ক্লাচ্	(বি) ব্রেক্
	(সি) এক্সলেরেটর	(ডি) হ্যান্ড ব্রেক

সঠিক উত্তর ঃ- (এ) ক্লাচ্।

প্রশ্ন (৪) ঃ— সপ্তাহের কোন্ দিনের নাম দেবতাদের গুরুর নামে জানা যায়?

অপশনস্		
	(এ) মঙ্গলবার	(বি) বৃহস্পতিবার
	(সি) শনিবার	(ডি) সোমবার

সঠিক উত্তর ঃ- (বি) বৃহস্পতিবার।

এখানে জনতার রায় বি-তে ৫০ শতাংশ লাভ করে শুদ্ধ উত্তর দেন।

প্রশ্ন (৫) ঃ— এর মধ্যে কোন্ সংখ্যায় ২, ৩, ৪ এবং ৬ সবচেয়ে পূর্ণভাবে বিভাজ্য নয়?

অপশনস্

(এ) ১২	(বি) ৫৪
(সি) ২৪	(ডি) ৪৮

সঠিক উত্তর ঃ- (বি) ৫৪।

প্রশ্ন (৬) ঃ— নীচের কোন্ মহাদ্বীপে অলিম্পিক খেলার আয়োজন কখনো করা হয়নি?

অপশনস্

(এ) আফ্রিকা	(বি) এশিয়া
(সি) ইউরোপ	(ডি) উত্তর আমেরিকা

সঠিক উত্তর ঃ- (এ) আফ্রিকা।

প্রশ্ন (৭) ঃ— 'কাজিরাঙ্গা পার্কের মধ্য দিয়ে এর মধ্যে কোন্ নদী প্রবাহিত হয়?

অপশনস্

(এ) ব্রহ্মপুত্র	(বি) বরাক
(সি) পদ্মা	(ডি) মনু

সঠিক উত্তর ঃ- (এ) ব্রহ্মপুত্র। ৫০ ঃ ৫০ তে বি ও ডি-কে অদৃশ্য করেন।

প্রশ্ন (৮) ঃ— নীচের কোন ধাতুতে কাসা ও পিতলের উপস্থিতি থাকে?

অপশনস্

(এ) সিলভার	(বি) কপার
(সি) গোল্ড	(ডি) আয়রণ

সঠিক উত্তর ঃ- (বি) কপার।

প্রশ্ন (৯) ঃ— **Eczema** জিনিসটি কি?

অপশনস্

(এ) স্মৃতিভ্রম	(বি) বদহজম
(সি) সর্দিকাশি	(ডি) চর্মরোগ

সঠিক উত্তর ঃ- (ডি) চর্মরোগ।

প্রশ্ন (১০) ঃ— কোন্ ভারতীয় রাষ্ট্রপতি কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ে ইতিহাস পড়াশুনা করেন এবং পরবর্তীকালে আসামে বিধায়ক হয়েছিলেন?

অপশনস্

(এ) জাকির হুসেন	(বি) এস. ডি. শর্মা
(সি) এস. রাধাকৃষ্ণাণ	(ডি) ফকরুদ্দিন আলী আহমেদ

সঠিক উত্তর ঃ- (ডি) ফক্‌রুদ্দীন আলী আহমেদ।

প্রশ্ন (১১) ঃ— মহাভারতে ধৃতরাষ্ট্রের কোন্ পুত্র কুরুক্ষেত্র যুদ্ধে পান্ডবদের পক্ষে যুদ্ধ করেন?

অপশনস্

(এ) সুবহ	(বি) বিকর্ণ
(সি) যুযুৎস্যু	(ডি) উলুকা

সঠিক উত্তর ঃ- (সি) যুযুৎস্যু।

ফোন অব ফ্রেন্ড-এ উত্তর না পেয়ে ভুল ডি-বলায় ৩,২০,০০০ চেক নিয়ে ফিরে যান।

ায় নির্বাচনী প্রশ্ন —

O এই ব্যক্তিদের ঐ ক্রমানুসারে সাজাও যিনি প্রথমবার আসামের মুখ্যমন্ত্রী হয়েছিলেন।

অপশনস্

(এ) হীতেশ্বর সইকিয়া	(বি) প্রফুল্ল মোহান্তি
(সি) গোপীনাথ বড়দলুই	(ডি) শরৎচন্দ্র সিন্‌হা

সঠিক ক্রম হল ঃ— ১. (সি) গোপীনাথ বড়দলুই
২. (ডি) শরৎচন্দ্র সিন্‌হা
৩. (এ) হীতেশ্বর সইকিয়া
৪. (বি) প্রফুল্ল মোহান্তি

সঠিক ক্রম করেন ৯ জনে ৪ জন। এদের মধ্যে খেলতে আসেন মহম্মদ তারিক। তাঁর পরের প্রশ্নগুলো হল —

প্রশ্ন (১) ঃ— বিদেশ ভ্রমণের ক্ষেত্রে এর মধ্যে কোন্‌টির প্রয়োজন হয়?

অপশনস্

(এ) পাসওয়ার্ড	(বি) পাসবুক
(সি) পাসওভার	(ডি) পাসপোর্ট

সঠিক উত্তর ঃ- (ডি) পাসপোর্ট।

প্রশ্ন (২) ঃ— কোন্ উৎসবকে আসামে 'ফাকুয়াত' রূপে পালন করা হয়?

অপশনস্

(এ) জন্মাষ্টমী	(বি) দুর্গাপূজা
(সি) হোলী	(ডি) দেওয়ালী

সঠিক উত্তর ঃ- (সি) হোলী।

প্রশ্ন (৩) ঃ— টেস্ট ক্রিকেটে হেটট্রিক লাভকারী একমাত্র ভারতীয় খেলোয়াড় কে?

অপশনস্

(এ) চেতন শর্মা	(বি) কপিল দেব
(সি) অনিল কুম্বলে	(ডি) হরভজন সিং

সঠিক উত্তর ঃ- (ডি) হরভজন সিং।

প্রশ্ন (৪) ঃ— ১৯৭৫ সালের অহমিয়া ছবি 'চামেলী মেম সাহেব'-এর গীতিকার ও সংগীত নির্দেশক কে ছিলেন?

অপশনস্

(এ) ভূপেন হাজারিকা	(বি) সলিল চৌধুরী
(সি) অজিত বর্মন	(ডি) আর. ডি. বর্মন

সঠিক উত্তর ঃ- (এ) ভূপেন হাজারিকা।

৫০ ঃ ৫০ তে বি ও সি অদৃশ্য করে সঠিক উত্তর দেন। এবং হুটারের শব্দে আসাম স্পেশালের সমাপ্তি ঘোষিত হয়।

৩রা এপ্রিল, ২০০১ ইং

স্ব-ভাষ্য ঃ-জীবনে সফলতা কোন ব্যক্তির উপহারে পাওয়া যায় না। সফলতার জন্য চাই কঠোর শ্রম এবং সংগ্রাম। মাঝ সমুদ্রে বাঁধা নৌকা তীরে বসে চালানো যায় না। যদি সংঘর্ষে সফলতা না পাওয়া যেত, তবে অগ্নিতে সোনা গলানো যেত না। পাথরে ঘষেই মেহেন্দির সুন্দর রঙ প্রকাশ পায়। জীবনের সফলতা খুঁজতে হলে সংগ্রামের মধ্য দিয়েই খুঁজতে হবে। সংগ্রাম মানে, আত্মবল, আত্মবিশ্বাস, আত্মবিশ্লেষণ এবং আত্মক্রিয়া। এজন্যই বলা হয়, সংগ্রামের অপর নাম সফলতা। এই সফলতা কারো দয়া দাক্ষিণ্যে অর্জন করা যায় না। এর জন্য চাই নিজের নিশব্দ কর্মযজ্ঞ।

এখন আসাম স্পেশালের খেলোয়াড়ের অসমাপ্ত ৫নং প্রশ্ন আজ প্রথম শুরু।

প্রশ্ন (৫) ঃ— ইসলামে 'নিকাহ্'-র পর পাত্র দ্বারা পাত্রীকে দেওয়া অর্থকে কি বলা হয়?

অপশনস্

(এ) মেহের	(বি) মাহরুখ
(সি) বিলাল	(ডি) সেহের

সঠিক উত্তর ঃ- (এ) মেহের।

প্রশ্ন (৬) ঃ— কোন স্থানে মানুষের সরকারী গণনা পদ্ধতিকে কি বলা হয়?

অপশনস্

(এ) নেসেক্স	(বি) সেন্সর
(সি) সেন্সাস	(ডি) সেনসেই

সঠিক উত্তর ঃ- (সি) সেন্সাস।

প্রশ্ন (৭) ঃ— ১৯৯৯ সালে আসামের কোন্ প্রাক্তন মুখ্যমন্ত্রীকে মরণোত্তর 'ভারত রত্ন'-এ ভূষিত করা হয়েছে?

অপশনস্

(এ) হীতেশ্বর সইকিয়া	(বি) দীনেশ গোস্বামী
(সি) রঞ্জন বড়ুয়া	(ডি) গোপীনাথ বড়দলুই

সঠিক উত্তর ঃ- (ডি) গোপীনাথ বড়দলুই।

এখানে তিনি ফোন অব ফ্রেন্ড প্রয়োগ করেন।

প্রশ্ন (৮) ঃ— X-Ray শব্দের মধ্যে 'X' অক্ষরের অর্থ কি?

অপশনস্

(এ) Extra	(বি) Unknown
(সি) Exact	(ডি) Ultraviolet

সঠিক উত্তর ঃ- (বি) Unknown.

জনতার রায় ডি-তে ৭২ শতাংশ পান। তাকে লক করতেই ভুল হবার আশায় ৪০,০০০ নিয়ে খেলা ত্যাগ করেন। এই স্পেশাল এপিসোডে মোট ৩,৬০,০০০ টাকা পুরস্কার দেওয়া হয়।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

● ক্ষেত্রফলের এই পদ্ধতিগুলো বড় থেকে ছোট হিসেবে লিখ।

অপশনস্

(এ) স্কোয়ার মিটার	(বি) স্কোয়ার সেন্টিমিটার
(সি) হেক্টার	(ডি) স্কোয়ার কিলোমিটার

সঠিক ক্রম হল ঃ— ১. (ডি) স্কোয়ার কিলোমিটার
২. (সি) হেক্টার
৩. (এ) স্কোয়ার মিটার
৪. (বি) স্কোয়ার সেন্টিমিটার

১০ জনে ২ জন ক্রম করে টিকে থাকেন। কিন্তু সময়ের বিচারে হট সীটে আসেন মুম্বাইয়ের আশীষ শেঠী। তাকে যে যে প্রশ্ন করা হল —

প্রশ্ন (১) ঃ— ১৯৯১ সালে কোন্ ছবিতে সঞ্জয় দত্ত 'সাগর' নামে কবির ভূমিকায় অভিনয় করেছেন?

অপশনস্

(এ) সাদাক	(বি) সাহেব
(সি) সাজন	(ডি) নাম

সঠিক উত্তর ঃ- (সি) সাজন।

প্রশ্ন (২) ঃ— 10.15 AM এবং 11.05 AM-এর মধ্যে কত মিনিট হয়?

অপশনস্

(এ) ২০ মিনিট	(বি) ৫০ মিনিট
(সি) ১০ মিনিট	(ডি) ৪৫ মিনিট

সঠিক উত্তর ঃ- (বি) ৫০ মিনিট।

প্রশ্ন (৩) ঃ— টেস্ট ক্রিকেটে সর্বাধিক রান পাওয়ার ভারতীয় রেকর্ড কোন খেলোয়াড়ের?

অপশনস্

(এ) সুনীল গাভাস্কার	(বি) ভীনু মানকর
(সি) ভি. ভি. এস. লক্ষ্মণ	(ডি) শচীন তেন্ডুলকর

সঠিক উত্তর ঃ- (সি) ~~ভি. ভি. এস. লক্ষ্মণ~~।

প্রশ্ন (৪) ঃ— ঋষিকেশের লক্ষ্মণঝোলা যেতে কোন্ নদী অতিক্রম করতে হয়?

অপশনস্

(এ) গঙ্গা	(বি) যমুনা
(সি) সরযু	(ডি) গন্ডক

সঠিক উত্তর ঃ- (এ) গঙ্গা।

প্রশ্ন (৫) ঃ— এর মধ্যে কোন্ প্রাণীর মুখে দাঁত আছে?

অপশনস্

(এ) ওয়ালরাস	(বি) এলিফেন্ট
(সি) রাইনোসেরাস	(ডি) ওয়াইল্ড বোর

সঠিক উত্তর ঃ- (সি) রাইনোসেরাস।

প্রশ্ন (৬) ঃ— একটি বায়ুহীন পাত্রে যদি হাতুড়ী, পালক ও পিন একত্রে নীচে ফেলা যায়, তবে এর মধ্যে কোন্‌টি প্রথমে ভূমিতে পড়বে?

অপশনস

(এ) হাতুড়ী	(বি) পালক
(সি) পিন্	(ডি) একটিও নয়

সঠিক উত্তর ঃ- (ডি) একটিও নয়।

প্রশ্ন (৭) ঃ— 'পেন হোল্ডার গ্রীপ' কোন্ খেলায় ব্যবহার করা হয়?

অপশনস্

(এ) টেবিল টেনিস	(বি) ব্যাডমিন্টন
(সি) টেনিস	(ডি) স্কোয়াশ

সাঠক উত্তর ঃ- (এ) টেবিল টেনিস।

প্রশ্ন (৮) ঃ— ১৯৯৭ সালে সত্যজিৎ রায়ের নির্মিত 'সতরঞ্জ কী খিলাড়ী' কোন্ শহরের উপর করা হয়েছে?

অপশনস্

(এ) কলকাতা	(বি) হায়দরাবাদ
(সি) লক্ষ্ণৌ	(ডি) লাহোর

সঠিক উত্তর ঃ- (সি) লক্ষ্ণৌ।

৫০ ঃ ৫০ তে এ ও ডি অদৃশ্য হলেও ভুলের ভয়ে ৪০,০০০ নিয়ে ফেরেন।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

● সবচেয়ে কম গতিশীল এই প্রাণীদের থেকে বেশী গতির প্রাণী হিসাবে লিখ।

অপশশনস্

(এ) র‍্যাবিট	(বি) টরটয়েস
(সি) হিপোপটেমাস	(ডি) হর্স

সঠিক ক্রম হল ঃ— ১. (বি) টরটয়েস
২. (সি) হিপোপটেমাস
৩. (এ) র‍্যাবিট
৪. (ডি) হর্স

শুদ্ধ ক্রম করেন ৯ জনে ৪ জন। এর মধ্যে হট সীটে বসেন গুরগাঁও, হরিয়ানার রবি আস্থানা। তাঁর পরবর্তী প্রশ্নগুলো হল —

প্রশ্ন (১) ঃ— কোন্ অভিনেত্রী সম্প্রতি অক্ষয় কুমারকে বিবাহ করেন?

অপশনস্

(এ) পূজা ভাট	(বি) রবীনা টেনডন
(সি) শিল্পা শেঠী	(ডি) টুইঙ্কেল খান্না

সঠিক উত্তর - (ডি) টুইঙ্কেল খান্না।

প্রশ্ন (২) ঃ— তাজমহল কোন্ নদীর তীরে অবস্থিত?

অপশনস্

(এ) গঙ্গা	(বি) যমুনা
(সি) গোমতী	(ডি) গন্ডক

সঠিক উত্তর ঃ-   (বি)   যমুনা।

প্রশ্ন (৩) ঃ— ভারতীয় যাতায়াত নিয়ম অনুযায়ী আপনি নিজের গাড়ীকে কোন্ দিকে 'ওভার টেক' করতে পারবেন?

অপশনস্

(এ) বাঁ দিকে	(বি) ডান দিকে
(সি) উভয় দিকে	(ডি) কোন দিকেই নয়

সঠিক উত্তর ঃ-   (বি)   ডানদিকে।

প্রশ্ন (৪) ঃ— কোন্ দেশ টানা ১৬ বার টেস্ট ক্রিকেট জয়লাভ করেছে?

অপশনস

(এ) ওয়েষ্ট ইন্ডিজ	(বি) অষ্ট্রেলিয়া
(সি) পাকিস্তান	(ডি) দক্ষিণ আফ্রিকা

সঠিক উত্তর ঃ-   (বি)   অষ্ট্রেলিয়া।

প্রশ্ন (৫) ঃ— চাচা চৌধুরী গল্পের 'সাবু' রাগ করলে কোন্ গ্রহের আগ্নেয়গিরি নির্গত হয়?

অপশনস্

(এ) বুধ	(বি) মঙ্গল
(সি) বৃহস্পতি	(ডি) শনি

সঠিক উত্তর ঃ-   (সি)   বৃহস্পতি।

ফোন অব ফ্রেন্ড এ সমাধান করেন। এরসঙ্গে খেলাও শেষ।

৪ঠা এপ্রিল, ২০০১ ইং

প্রশ্ন (৬) ঃ— এর মধ্যে কোন্ প্রাণীর 'শক্ত কবজ' থাকে না?

অপশনস্

(এ) কচ্ছপ	(বি) আরশোলা
(সি) কাঁকড়া	(ডি) শামুক

সঠিক উত্তর ঃ-   (বি)   আরশোলা।

প্রশ্ন (৭) ঃ— কোন্ প্রধানমন্ত্রীর সর্বাধিক সমর্থন ছিল লোকসভাতে?

অপসনস্

(এ) জওহরলাল নেহেরু	(বি) ইন্দিরা গান্ধী
(সি) রাজীব গান্ধী	(ডি) লালবাহাদুর শাস্ত্রী

সঠিক উত্তর ঃ-   (সি)   রাজীব গান্ধী।

প্রশ্ন (৮) ঃ— ক্ষত্রিয়গণের বিনাশের জন্য বিষ্ণুর কোন্ অবতারের জন্ম হয়েছিল?

অপশনস্

(এ) বামন	(বি) কল্কী
(সি) পরশুরাম	(ডি) নরসীমা

সঠিক উত্তর ঃ- (সি) পরশুরাম।

প্রশ্ন (৯) ঃ— মোঘল বাদশা আকবরের নবরত্ন সভায় এর মধ্যে কে নবরত্ন ছিলেন না ?

অপশনস্

(এ) আবুল ফজল	(বি) রাজা বীরবল
(সি) বৈরাম খা	(ডি) টোডরমল

সঠিক উত্তর ঃ- (সি) বৈরাম খা।

ভুল উত্তর ডি-বলায় ১০,০০০ নিয়ে ফিরে আসেন।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

O একটি নারকেলের এই ভাগগুলো তার উপরের দিক থেকে শুরু করে ভিতরের দিক অনুযায়ী লিখ।

অপশনস্

(এ) শেল	(বি) কয়ার
(সি) ক্রীম	(ডি) ওয়াটার

সঠিক ক্রম হল ঃ— ১. (বি) কয়ার
২. (এ) শেল
৩. (সি) ক্রীম
৪. (ডি) ওয়াটার

১০ জনে শুদ্ধ ক্রম করেন ৩ জন। এর মধ্যে হট সীটে বসেন গুরগাঁও, হরিয়ানা থেকে সত্যেন্দ্র সাবর্য়াল।

প্রশ্ন (১) ঃ— 'Blazer' কোন্ প্রকারের বস্ত্র ?

অপশনস্

(এ) ক্যাপ	(বি) টাই
(সি) জ্যাকেট	(ডি) স্কার্ফ

সঠিক উত্তর ঃ- (সি) জ্যাকেট।

প্রশ্ন (২) ঃ— গুলজারের কোন্ ফিল্ম পাঞ্জাবের আতঙ্কবাদের উপর করা হয়েছে?

অপশনস্

(এ) মাচিস্	(বি) পরিচয়
(সি) মৌসম	(ডি) লেকিন

সঠিক উত্তর ঃ- (এ) মাচিস্।

প্রশ্ন (৩) ঃ— এর মধ্যে কোন্‌টি জ্যামিতিক আকৃতির নয় ?

অপশনস্

(এ) ইলিপ্‌স	(বি) প্যারাবুলা
(সি) হাইপারবুলা	(ডি) তাম্বুলা

সঠিক উত্তর ঃ- (ডি) তাম্বুলা।

প্রশ্ন (৪) ঃ— যদি কোন একজন অ্যাথলিট অন্য স্থানের রানারকে ওভার টেক করেন, তবে ওভারটেক করা ব্যক্তি কোন্ স্থানে থাকবেন?

অপশনস্

(এ) প্রথম	(বি) দ্বিতীয়
(সি) তৃতীয়	(ডি) চতুর্থ

সঠিক উত্তর ঃ- (সি) তৃতীয়।

প্রশ্ন (৫) ঃ— কোন্ ভগবানকে আমরা 'গজানন' নামে জানি?

অপশনস্

(এ) ব্রহ্মা	(বি) ইন্দ্র
(সি) গণেশ	(ডি) কার্তিকেয়

সঠিক উত্তর ঃ- (সি) গণেশ।

প্রশ্ন (৬) ঃ— কোন্ খেলায় খেলোয়াড় তার জিব ও দাঁত রক্ষা করার জন্য 'মাউথপীস' ব্যবহার করেন?

অপশনস্

(এ) বক্সিং	(বি) ক্রিকেট
(সি) সুমো	(ডি) ফেনসিং

সঠিক উত্তর ঃ- (এ) বক্সিং।

প্রশ্ন (৭) ঃ— 'Mazhab nehi sikhata, aapas mai ....' এইটি কোন্ দেশাত্ববোধক সংগীতের এক পংক্তি?

অপশনস্ —

(এ) বন্ধে মাতরম্	(বি) জন গণ মন
(সি) সারে জাহা সে আচ্ছা	(ডি) ঝান্ডা উচা রহে হামারা

সঠিক উত্তর ঃ— (সি) সারে জাহা সে আচ্ছা।

প্রশ্ন (৮) ঃ— 'চিতোরগড়' এর মধ্যে কোন্ ভারতীয় রাজার রাজধানী?

অপশনস্ —

(এ) শিবাজী	(বি) কৃষ্ণ দেবরায়
(সি) পৃথীরাজ চৌহান	(ডি) রাণা কুম্ভ

সঠিক উত্তর ঃ— (ডি) রাণা কুম্ভ।

প্রশ্ন (৯) ঃ— সংযুক্ত রাষ্ট্রের পতাকায় কোন্ গাছের পাতা অঙ্কিত আছে?

অপশনস্ —

(এ) আইভী	(বি) রোস
(সি) ওলিভ	(ডি) পাইন

সঠিক উত্তর ঃ— (সি) ওলিভ।

প্রশ্ন (১০) ঃ— পাঁচ দিনের টেস্ট ম্যাচে 'ফলো-অন' বাঁচাতে বিপক্ষ দলকে ন্যূনতম কত রাণ করতে হয়?

অপশনস্ —

(এ) ১৫০ রাণ	(বি) ২০০ রাণ
(সি) ৩০০ রাণ	(ডি) ২৫০ রাণ

সঠিক উত্তর ঃ— (বি) ২০০ রাণ।

প্রশ্ন (১১) ঃ— ১৯১৯ সালের 'Anarchical' এবং 'Revolutionary Crime'-কে অপর কোন্ নামে জানা যায়?

অপশনস্ —

(এ) মন্টেগো চেল্‌মু	(বি) শরদা অ্যাক্ট
(সি) রেগুলেটিং অ্যাক্ট	(ডি) রাওলেট অ্যাক্ট

সঠিক উত্তর ঃ— (ডি) রাওলেট অ্যাক্ট।

৫০ ঃ ৫০-তে এ ও বি-কে অদৃশ্য করে উত্তর দেন।

প্রশ্ন (১২) ঃ— হস্তিনাপুরে দ্রৌপদীর বস্ত্রহরণ প্রতিরোধ করার একমাত্র দুর্যোধনের ভ্রাতা কে ছিলেন ?

অপশনস্ —

(এ) চিত্রায়ুধ	(বি) উগ্রসেন
(সি) বিকর্ণ	(ডি) যুযুৎসু

সঠিক উত্তর ঃ— (সি) বিকর্ণ।

জনতার রায় ও ফোন অব্ ফ্রেণ্ড কাজ না হওয়ায় ৬,৪০,০০০-এ খেলা ত্যাগ করেন।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

○ এই রাজনীতিজ্ঞদের তাঁদের প্রধানমন্ত্রী হবার বয়স কম থেকে বেশী বয়সানুক্রমে লিখ।

অপশনস্ —

(এ) ইন্দিরা গান্ধী	(বি) মোরারজী দেশাই
(সি) জওহরলাল নেহরু	(ডি) রাজীব গান্ধী

সঠিক ক্রম হল — ১. (ডি) রাজীব গান্ধী
২. (এ) ইন্দিরা গান্ধী
৩. (সি) জওহরলাল নেহরু
৪. (বি) মোরারজী দেশাই

সঠিক ক্রম করেন ৯ জনে ৫ জন। তাদের থেকে খেলতে আসেন সোদপুর, কলকাতার অভিষেক দাস। তাঁকে যে যে প্রশ্ন করা হয়, সেগুলো হল —

প্রশ্ন (১) ঃ— প্রসিদ্ধ লোককথা অনুযায়ী চল্লিশ চোর ধনের গুহা কে আবিষ্কার করেন?

অপশনস্ —

(এ) সিন্দালা	(বি) আলাদীন
(সি) মহম্মদ আলী	(ডি) আলী বাবা

সঠিক উত্তর ঃ— (ডি) আলী বাবা।

প্রশ্ন (২) ঃ— 'ভিগি ভিগি রাতো মে' এটি কে গেয়েছেন?

অপশনস্ —

(এ) আদ্‌নান স্বামী	(বি) সনু নিগম
(সি) শঙ্কর মহাদেবন	(ডি) লাকী আলী

সঠিক উত্তর ঃ— (এ) আদ্‌নান স্বামী।

প্রশ্ন (৩) ঃ— কম্পিউটারের প্রাথমিক ভাগ কোন্ পদার্থ দ্বারা তৈরী হয়?

অপশনস্ —

(এ) সিলিকন	(বি) সিলভার
(সি) অ্যালুমিনিয়াম	(ডি) সোডিয়াম

সঠিক উত্তর ঃ— (এ) সিলিকন।

প্রশ্ন (৪) ঃ— ক্রিকেটের কোন্ স্ট্রোক খেলোয়াড মাঠের অফ্ সাইডে খেলে থাকেন?

অপশনস্ —

(এ) সুইপ	(বি) পুল
(সি) রিভার্স সুইপ	(ডি) হুক্

সঠিক উত্তর ঃ— (সি) রিভার্স সুইপ।

প্রশ্ন (৫) ঃ— ওয়েস্টার্ণ ক্যালেণ্ডার অনুসারে ঈশা-মসীর কোন্ রাশি ছিল?

অপশনস্ —

(এ) সুজাটারিয়ান	(বি) ক্যাপরিকন
(সি) স্করপিও	(ডি) অ্যাক্যুয়ারিয়াম

সঠিক উত্তর ঃ— (বি) ক্যাপরিকন।

এখানে বি-তে জনতার রায় ৫১ শতাংশ পেয়ে উত্তর দেন। এরই সঙ্গে আজ খেলায় সমাপ্তি হয়।

৫ই এপ্রিল, ২০০১ ইং

প্রশ্ন (৬) ঃ— সত্যজিৎ রায়ের ছবি 'জয় বাবা ফেলুনাথ'-এ ফেলুদার ভূমিকায় কে অভিনয় করেছেন?

অপশনস্ —	(এ) রঞ্জিত মল্লিক	(বি) ছবি বিশ্বাস
	(সি) পাহাড়ী সান্যাল	(ডি) সৌমিত্র চ্যাটার্জী

সঠিক উত্তর ঃ— (ডি) সৌমিত্র চ্যাটার্জী।

প্রশ্ন (৭) ঃ— বামন রাজা বলীর কাছে দক্ষিণা হিসেবে কত কদম ভূমি চেয়েছিলেন?

অপশনস্ —	(এ) ১ কদম	(বি) ২ কদম
	(সি) ৩ কদম	(ডি) ৪ কদম

সঠিক উত্তর ঃ— (সি) ৩ কদম। ৫০ ঃ ৫০-তে এ ও ডি অদৃশ্য হলে শুদ্ধ করেন।

প্রশ্ন (৮) ঃ— ঘানার প্রাচীন নাম কি ছিল?

অপশনস্ —	(এ) আপার ভোল্টা	(বি) স্লেভ কোস্ট
	(সি) আইভরী কোস্ট	(ডি) গোল্ড কোস্ট

সঠিক উত্তর ঃ— (ডি) গোল্ড কোস্ট।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

● নীচের ইঞ্জিনগুলোর শব্দ সবচেয়ে কম থেকে বেশী শব্দ অনুযায়ী লিখ?

অপশনস্ —	(এ) ব্রেথিং	(বি) টিকিং ক্লক
	(সি) জেট ইঞ্জিন	(ডি) মোটর সাইকেল

সঠিক ক্রম হল — ১. (এ) ব্রেথিং
২. (বি) টি কিং ক্লক
৩. (ডি) মোটর সাইকেল
৪. (সি) জেট ইঞ্জিন

১০ জনে ৪ জন ক্রমের ক্ষেত্রে টিকে থাকেন। এর মধ্যে হট-সীটে বসেন মুম্বাইয়ের বিশ্বনাথ। তাঁর পরের প্রশ্নগুলো হল —

প্রশ্ন (১) ঃ— দেবানন্দের ছবি 'গাইড' এ 'রোজীর' ভূমিকায় কে অভিনয় করেছেন?

অপশনস্ —	(এ) হেমা মালিনী	(বি) বৈজয়ন্তীমালা বালী
	(সি) গীতা দত্ত	(ডি) ওয়াহিদা রহমান

সঠিক উত্তর ঃ— (ডি) ওয়াহিদা রহমান।

প্রশ্ন (২) ঃ— দিল্লী থেকে কাবুল যেতে কোন্ পথে সবচেয়ে কম দূরত্ব লঙ্ঘন করতে হয়?

অপশনস্ —

(এ)	কাজাকিস্তান	(বি)	তাজিকিস্তান
(সি)	পাকিস্তান	(ডি)	ইরাণ

সঠিক উত্তর ঃ— (সি) পাকিস্তান।

প্রশ্ন (৩) ঃ— যে প্রাণী জলে ও স্থলে থাকতে পারে তার নাম কি ?

অপশনস্ —

(এ)	রেপটাইলস্	(বি)	অ্যাম্ফিবিয়ানস্
(সি)	ম্যামালস্	(ডি)	মারিশ কুয়াইজ

সঠিক উত্তর ঃ— (বি) অ্যাম্ফিবিয়ানস্।

প্রশ্ন (৪) ঃ— হিতাই মোটরের প্রধান কার্যালয় এশিয়ার কোন্ দেশে?

অপশনস্ —

(এ)	জাপান	(বি)	দক্ষিণ কোরিয়া
(সি)	চীন	(ডি)	মালয়েশিয়া

সঠিক উত্তর ঃ— (বি) দক্ষিণ কোরিয়া।

প্রশ্ন (৫) ঃ— পূর্ণিমার রাতের পর কোন্ প্রাকৃতিক বস্তু রাতের আকাশে সবচেয়ে বেশী উজ্জ্বল দেখা যায়?

অপশনস্ —

(এ)	বুধ	(বি)	মঙ্গল
(সি)	পোলস্টার	(ডি)	জুপিটার

সঠিক উত্তর ঃ— (এ) বুধ। ৫০ ঃ ৫০-তে সি ও ডি অদৃশ্য করে সমাধান করেন।

প্রশ্ন (৬) ঃ— ২০০০ সালের সিডনী অলিম্পিক খেলায় পুরুষদের ১০০ মিটার দৌড় প্রতিযোগিতায় স্বর্ণপদক কে লাভ করেন?

অপশনস্ —

(এ)	Linford Christie	(বি)	Donovan Bailey
(সি)	Mick Marce	(ডি)	Morise Green

সঠিক উত্তর ঃ— (ডি) Morise Green।

প্রশ্ন (৭) ঃ— ৭ই ডিসেম্বর ১৯৪১ সালে জাপান দ্বারা কোন্ পোতাশ্রয় আক্রমণ করার পর আমেরিকা দ্বিতীয় বিশ্বযুদ্ধে জড়িয়ে পড়ে?

অপশনস্ —

(এ)	পোর্ট পোটস্মাউথ	(বি)	পার্ল হার্বার
(সি)	ডায়মণ্ড হার্বার	(ডি)	পোর্ট আর্থার

সঠিক উত্তর ঃ— (বি) পার্ল হার্বার।

প্রশ্ন (৮) ঃ— ফিল্ম 'গজগামিণী'-এর সংগীত নির্দেশক কে ছিলেন?

অপশনস্ —

(এ) ভূপেন হাজারিকা	(বি) এ. আর. রহমান
(সি) পণ্ডিত রবিশঙ্কর	(ডি) হৃদয়নাথ মঙ্গেশকর

সঠিক উত্তর ঃ— (এ) ভূপেন হাজারিকা। এখানে এ-তে জনরায় পান ৪৬ শতাংশ।

প্রশ্ন (৯) ঃ— কোন্ মোঘল বাদশা তাঁর লাইব্রেরীর সিঁড়ি থেকে পড়ে মৃত্যুবরণ করেছিলেন?

অপশনস্ —

(এ) ঔরঙ্গজেব	(বি) হুমায়ূন
(সি) বাবর	(ডি) জাহাঙ্গীর

সঠিক উত্তর ঃ— (বি) হুমায়ূন।

প্রশ্ন (১০) ঃ— ভারতের প্রথম স্ব-নির্মিত সুপার কম্পিউটারের নাম কি ?

অপশনস্ —

(এ) কলকী	(বি) বজ্র
(সি) পুষ্পক	(ডি) পরম

সঠিক উত্তর ঃ— (ডি) পরম।

প্রশ্ন (১১) ঃ— জ্যোতি বসুর ঠিক পূর্বে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী কে ছিলেন?

অপশনস্ —

(এ) পি. সি. ঘোষ	(বি) এ. কে. মুখার্জী
(সি) বিধান চন্দ্র রায়	(ডি) এস. এস. রায়

সঠিক উত্তর ঃ— (ডি) এস. এস. রায়।

ফোন অব্ ফ্রেণ্ড-এ ভুল উত্তর সি-বলায় ৩,২০,০০০ এ থামেন।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

● টেলিফোনের 'পুশ বাটনের' এই সংখ্যাগুলো উপর দিক থেকে নীচে সাজিয়ে লিখ।

অপশনস্ —

(এ) ৫	(বি) ২
(সি) ৮	(ডি) ০

সঠিক ক্রম হল — ১. (বি) ২
২. (এ) ৫
৩. (সি) ৮
৪. (ডি) ০

৯ জনে ৬ জন শুদ্ধ উত্তর করেন। এর মধ্যে হট-সীটে বসেন কলকাতার স্বাত্বিক সিদ্ধান্ত। তাঁকে যে যে প্রশ্ন করা হয়, তা হল —

প্রশ্ন (১) ঃ— এর মধ্যে কোন্‌টি এক প্রকার খেলা বলে জানা যায়?

অপশনস্ —

(এ) রোড	(বি) ব্রিজ
(সি) ট্রেক	(ডি) স্টেয়ার

সঠিক উত্তর ঃ— (বি) ব্রিজ।

প্রশ্ন (২) ঃ— ফিল্‌ম 'Ashiki'-তে রাহুল রায়ের নায়িকা কে ছিলেন?

অপশনস্ —

(এ) পূজা ভাট	(বি) মধু
(সি) অনু আগরওয়াল	(ডি) শিল্পা শিরোদকার

সঠিক উত্তর ঃ— (সি) অনু আগরওয়াল।

প্রশ্ন (৩) ঃ— মুরগী পালনের প্রক্রিয়াকে কি বলা হয়?

অপশনস্ —

(এ) হরটিকালচার	(বি) ফ্লুরিকালচার
(সি) পোলট্রি ফার্মিং	(ডি) ডেয়ারী ফার্মিং

সঠিক উত্তর ঃ— (সি) পোলট্রি ফার্মিং।

প্রশ্ন (৪) ঃ— বিজ্ঞাপন স্লোগানে 'Wah Taj Wah' এটি কে বলেছেন?

অপশনস্ —

(এ) পণ্ডিত রবিশঙ্কর	(বি) ওস্তাদ জাকির হুসেন
(সি) ওস্তাদ বিসমিল্লা খান	(ডি) ওস্তাদ আমজাদ আলী

সঠিক উত্তর ঃ— (বি) ওস্তাদ জাকির হুসেন।

প্রশ্ন (৫) ঃ— এর মধ্যে কোন্ দেশের সমুদ্রতট নেই?

অপশনস্ —

(এ) পাকিস্তান	(বি) আফগানিস্তান
(সি) ওমান	(ডি) সৌদি আরব

সঠিক উত্তর ঃ— (বি) আফগানিস্তান। খেলারও এখানেই সমাপ্তি।

৬ই এপ্রিলের প্রভাতী সংবাদ অতি ছোট আকারে, যার গুরুত্ব বৃহৎ। সংবাদ হল — *"বহু পরীক্ষায়ই একটি প্রশ্নের ৪টি করে উত্তর দেওয়া থাকে। তার মধ্যে সঠিকটিকে দাগ দিতে হয়। তা হলে ওই পরীক্ষাগুলোকেই সবার আগে জুয়া ঘোষণা করতে হয়। এই যুক্তিতেই অমিতাভ বচ্চনের উপস্থাপনায় 'কৌন বনেগা ক্রোড়পতি' কে জুয়া বলা যাবে না। রায় মুম্বই হাইকোর্টের।"*

৯ তারিখের সংবাদ হল — *"লক্ষ্ণৌ থেকে সোজা মুম্বইয়ের ফিল্ম সিটিতে, কৌ-ব-ক্রো-র সেটে একেবারে অমিতাভ বচ্চনের মুখোমুখি হট-সীটে! যোগেশ ও উমা*

গৌড়ের কাছে এ সুযোগ এসেছে প্রায় ছপ্পড় ফাড়কেই ! কারণ আজ সোমবার থেকেই শুরু হচ্ছে 'কৌন বনেগা ক্রোড়পতি'র বিশেষ পর্ব পতি-পত্নী স্পেশাল। চলবে গোটা এপ্রিল মাস। যোগেশ আর উমাই এই সিরিজের প্রথম প্রতিযোগী জুটি ।"

এই দিনের দ্বিতীয় সংবাদ — *"অমৃতসরের স্বর্ণমন্দির প্রতিষ্ঠার সাল নিয়ে বিতর্ক বেধেছে। বিষয়টা নিয়ে কৌ-ব-ক্রো কর্তৃপক্ষের বিরুদ্ধে মামলা ঠুকেছেন এক প্রতিযোগী, ডি. এ. ভট্টাচার্য। বিতর্কের সূত্রপাত হয় স্টার চ্যানেলের জনপ্রিয় অনুষ্ঠান কৌন বনেগা ক্রোড়পতি-র চূড়ান্ত রাউন্ডের প্রতিযোগী বাছাইয়ের সময়। ব্রিটানিয়া অফারের মাধ্যমে ওই প্রতিযোগীকে দেওয়া হয় তিনটি প্রশ্ন। তার মধ্যে একটি ছিল কত খ্রীষ্টাব্দে স্বর্ণমন্দির প্রতিষ্ঠিত হয়? প্রতিযোগী ডি. এ. ভট্টাচার্য উত্তর দেন ১৬০১ খ্রীষ্টাব্দে। কৌ-ব-ক্রো-র তরফে জানানো হয়, ওই উত্তর ভুল। তাদের মতে, স্বর্ণমন্দির প্রতিষ্ঠিত হয় ১৭৬৪ খ্রীষ্টাব্দে। কৌ-ব-ক্রো কর্তৃপক্ষের এই দাবী অগ্রাহ্য করে ওই প্রতিযোগী জানান, তাঁর উত্তরই ঐতিহাসিক তথ্যভিত্তিক। বর্তমানে স্বর্ণমন্দির বলে খ্যাত শিখ ধর্মকেন্দ্রটি আগে পরিচিত ছিল হরমন্দির নামে। ১৬০১ খ্রীষ্টাব্দে সেটি তৈরী করেন শিখগুরু অর্জন দেব। পরবর্তীকালে, ১৭৬৪ সালে মহারাজা রঞ্জিত সিং মন্দিরটি পুনর্নির্মাণ করেন। তখন সেটির নাম হয় স্বর্ণমন্দির। সোনার পাতে মোড়া চূড়ার দরুন। কৌ-ব-ক্রো কর্তৃপক্ষের মতে, প্রশ্নে যেহেতু স্পষ্টত স্বর্ণমন্দিরের উল্লেখ ছিল তাই সঠিক উত্তরটি হবে ১৬০১ নয়, ১৭৬৪ খ্রীষ্টাব্দই।"*

আবার শুরু শ্রী সিদ্ধান্তের ৬ নং প্রশ্ন দিয়ে।

প্রশ্ন (৬) ঃ— বিদ্যুৎ বাল্বের ফিলামেন্ট সাধারনতঃ কোন্ ধাতু দ্বারা তৈরী করা হয় ?

অপশনস্—

(এ) কপার	(বি) সিলভার
(সি) টাংস্টেন	(ডি) ব্রোঞ্জ

সঠিক উত্তরঃ- (সি) টাংস্টেন।

প্রশ্ন (৭) ঃ— যীশু খ্রীষ্টের জন্ম এর মধ্যে কোন্ শহরে হয়েছিল ?

অপশনস্—

(এ) নাজারেথ	(বি) জেরুজালেম
(সি) রোম	(ডি) বেথ্যালহাম

সঠিক উত্তরঃ- (ডি) বেথ্যালহাম। ৫০ ঃ ৫০-তে সমাধান করেন।

প্রশ্ন (৮) ঃ— রামায়ণে অহল্যা কার পত্নী ছিলেন ?

অপশনস্—

(এ) গৌতম	(বি) বিশ্বামিত্র
(সি) বশিষ্ঠ	(ডি) অগস্ত

সঠিক উত্তরঃ- (এ) গৌতম। ফোন অব ফ্রেণ্ড এ তার উত্তর দেন।

প্রশ্ন (৯) ঃ— আন্তর্জাতিক হকি খেলায় প্রতি হাফ-এ কত মিনিট থাকে ?

অপশনস্—

(এ) ৪৫ মিনিট	(বি) ৩০ মিনিট
(সি) ৩৫ মিনিট	(ডি) ৪০ মিনিট

সঠিক উত্তরঃ- (সি) ৩৫ মিনিট।

প্রশ্ন (১০) ঃ— শেখ আবদুল্লা সরকারকে বরখাস্ত করার পর ১৯৫৩ সালে জম্মু ও কাশ্মীরের মুখ্যমন্ত্রী কে ছিলেন ?

অপশনস্—

(এ) জি. এম. সাদিক	(বি) সৈয়দ মীর কাসীম
(সি) জি. এম. শাহ	(ডি) বক্স গোলাম মহম্মদ

সঠিক উত্তরঃ- (ডি) বক্স গোলাম মহম্মদ।

তিনি ভুলের ভয়ে ১,৬০,০০০ নিয়ে খেলা ছেড়ে দেন।

আজ কৌন বানেগা পতি পত্নীর প্রথম স্পেশাল এপিসোডের প্রথম নির্বাচন প্রক্রিয়া।

● একটি বিদ্যালয়ে এক দিনে যে ক্রিয়াগুলো প্রথমে করা হয়, তা থেকে পরের ক্রিয়া হিসেবে লিখ।

অপশনস্—

(এ) ফারস্ট পিরিয়ড	(বি) মর্নিং এসেম্ব্লী
(সি) লান্স ব্রেক্	(ডি) ছুটি

সঠিক ক্রম হল— ১. (বি) মর্নিং এসেম্ব্লী
২. (এ) ফারস্ট পিরিয়ড
৩. (সি) লান্স ব্রেক্
৪. (ডি) ছুটি

শুদ্ধ ক্রম করে ১০ জুড়ির মধ্যে ৯ জুড়ি । এদের মধ্যে হট সীটে বসেন (প্রথম পতি-পত্নী) লক্ষ্ণৌ এর যোগেশ এবং উমা গৌড়। সদ্য বিবাহিত তাদের পরের প্রশ্নগুলো হল—

প্রশ্ন (১) ঃ— ফিল্ম 'হরে কৃষ্ণ হরে রাম'- এ দেবানন্দের বোনের ভূমিকায় কে অভিনয় করেছেন?

অপশনস্— (এ) মমতাজ (বি) জীনাত আমন
(সি) অচেলা সচদেব (ডি) পরভীন ববি

সঠিক উত্তরঃ- (বি) জীনাত আমন।

প্রশ্ন (২) ঃ— কোন্ খেলায় Bullseye এর প্রয়োজনীয়তা হয় ?

অপশনস্—

(এ) ডারটস	(বি) জ্যাভলিন থ্রো
(সি) আরচারী	(ডি) শুটিং

সঠিক উত্তরঃ- (বি) জ্যাভলিন থ্রো।

প্রশ্ন (৩) ঃ— ১০০ কোটিতে কয়টি শূন্য থাকে ?

অপশনস্—

(এ) ৪ টি	(বি) ৯ টি
(সি) ১০ টি	(ডি) ১১ টি

সঠিক উত্তরঃ- (বি) ৯ টি।

প্রশ্ন (৪) ঃ— হিন্দু প্রবাদ মতে সাপ মারার সময় কোন্ জিনিস ভাঙ্গে না ?

অপশনস্—

(এ) লাঠি	(বি) খাড়া
(সি) কুঠারী	(ডি) কলম

সঠিক উত্তরঃ- (এ) লাঠি।

প্রশ্ন (৫) ঃ— হৃদপিণ্ডের গতি মাপার জন্য এর মধ্যে কোন্ যন্ত্র ব্যবহার করা হয় ?

অপশনস্—

(এ) টেলিগ্রাফ	(বি) পোলিগ্রাফ
(সি) কার্ডিওগ্রাফ	(ডি) সিসমোগ্রাফ

সঠিক উত্তরঃ- (সি) কার্ডিওগ্রাফ।

ঘোষণাঃ—ওয়াইল্ড কার্ড কনটেস্ট নং -১০

(প্রশ্ন) নীচের কোন্ খেলায় তলোয়াড় প্রয়োজন হয় ?

অপশনস্—

(এ) ফ্যানসিং	(বি) বক্সিং
(সি) সোর্ড	(ডি) জুডো

আবার শুরু নর্মাল খেলা ৬ নং প্রশ্ন থেকে।

প্রশ্ন (৬) ঃ— বিষ্ণুর অন্তিম অবতার কল্কি কোন্ যুগে অবতীর্ণ হয়েছিলেন ?

অপশনস্—

(এ) ত্রেতা যুগ	(বি) দ্বাপর যুগ
(সি) সত্য যুগ	(ডি) কলি যুগ

সঠিক উত্তরঃ- (ডি) কলি যুগ।

প্রশ্ন (৭) ঃ— ' কামায়ণী ' কাব্য গ্রন্থ কে লিখেছেন ?

অপশনস্—

(এ) জয় শঙ্কর প্রসাদ	(বি) মৈথেলী সারণ গুপ্তা
(সি) এস. কে. টি. নিরালা	(ডি) মুন্সী প্রেমচাঁদ

সঠিক উত্তরঃ- (এ) জয় শঙ্কর প্রসাদ।

প্রশ্ন (৮) ঃ— ১৯৬০ সালে ' মোঘল-ই-আজম ' ছবিতে আকবরের ভূমিকায় কে অভিনয় করেছেন ?

অপশনস্—

(এ) পৃথ্বীরাজ কাপুর	(বি) দিলীপ কুমার
(সি) প্রদীপ কুমার	(ডি) সোরাব মোদী

সঠিক উত্তরঃ- (এ) পৃথ্বীরাজ কাপুর।

৫০ঃ৫০-তে বি ও সি-কে অদৃশ্য করে উত্তর দিতে না পেরে, জনতার রায় এ-তে ৮৯ শতাংশ পেয়ে শুদ্ধ করেন।

প্রশ্ন (৯) ঃ— হিন্দু বিধি মতে একটি ঘট সাজাতে এর মধ্যে কোন্ পাতা ব্যবহার করা হয় ?

অপশনস্—

(এ) পিপল	(বি) নারকেল
(সি) আম	(ডি) কলা

সঠিক উত্তরঃ- (সি) আম।

প্রশ্ন (১০) ঃ— প্রথম ও দ্বিতীয় বিশ্ব যুদ্ধের সময় এর মধ্যে কোন্ দেশ কোন পক্ষেই ছিল না ?

অপশনস্—

(এ) রোমানিয়া	(বি) সুইজারল্যাণ্ড
(সি) পোল্যাণ্ড	(ডি) তুর্কী

সঠিক উত্তরঃ- (বি) সুইজারল্যাণ্ড।

প্রশ্ন (১১) ঃ— রাষ্ট্রপতি লোকসভাতে কত জন ' এ্যাংলো-ইণ্ডিয়ান ' কে মনোনীত করতে পারেন ?

অপশনস্—

(এ) একজনও নয়	(বি) দুইজন
(সি) চারজন	(ডি) বারজন

সঠিক উত্তরঃ- (বি) দুইজন।

এই প্রশ্নের সাথেই আজ রাতের খেলা সমাপ্তি হয়।

স্ব-ভাষ্যঃ- পৃথিবীতে সব সম্পর্কের মধ্যে বন্ধুর সম্পর্ক অতি গুরুত্বপূর্ণ। আবার পতি-পত্নীর সম্পর্ক কখনো তিক্ত-মধুর সম্পর্ক হয়ে থাকে। প্রতিটি ক্ষেত্রে ভালবাসা, বিবাদ, তর্ক, যুক্তি,অভিমান থাকা চাই। কিন্তু কখনোই দৈহিক সংঘর্ষ বাঞ্ছনীয় নয়। পতি ও পত্নী হল দুই পা, যার উপর ভর দিয়ে একটি সংসার দাঁড়িয়ে থাকে। পতি-পত্নী নির্বাচনে যাই থাকুক না কেন,তাদের দৈনন্দিন কর্ম ধারায় নির্ভর করে গৃহের শান্তি । পতি পত্নীর চিন্তা যদি দড়ি টানাটানির খেলায় পরিণত হয়,তখন পারিবারিক দ্বন্দ-বিবাদ অনিবার্য। উভয়ের মতামতে যথেষ্ট সন্মান থাকা বাঞ্ছনীয়। সর্বোপরি দুজনের মধ্যে ত্যাগ করার মানসিকতা থাকলেই একটি পতি-পত্নী জুড়ি প্রতিষ্ঠা লাভ করতে পারে। বাইরের কান কথা করো অন্তরে জমিয়ে রাখলে তিক্ততা বৃদ্ধি পাবে ।তাই জমানো কথা খুলে বলা পতি পত্নীর জুড়ির পক্ষে অবশ্যই মঙ্গল দায়ক ।

প্রশ্ন (১২) ঃ— এর মধ্যে কোন্ ইমারতের নির্মাণ মোঘলরা করেছিলেন ?

অপশনস্—

(এ) গোল গম্বুজ	(বি) চারমিনার
(সি) শানওয়ার ওয়াদা	(ডি) বিবি কা মক্‌বরা

সঠিক উত্তরঃ- (ডি) বিবি কা মক্‌বরা।

প্রশ্ন (১৩) ঃ— কোন্ ভারতীয় খেলোয়াড় প্রথম রঞ্জি ট্রফি, দলীপ ট্রফি এবং ইরাণী ট্রফিতে শতক করেন?

অপশনস্—

(সি) ববি দেওল	(ডি) করিশমা কাপুর

সঠিক উত্তরঃ- (সি) ববি দেওল।

প্রশ্ন (১০) ঃ— EEG শরীরের কোন্ অঙ্গের পরীক্ষা করে থাকে ?

অপশনস্—

(এ) হার্ট	(বি) লাঞ্জ
(সি) অ্যাবডুম্যান	(ডি) ব্রেন্

সটিক উত্তরঃ- (ডি) ব্রেন্।

এখানে জনতার রায় ডি-তে ৪২ শতাংশ পেয়ে প্রশ্ন সমাধান করেন।

প্রশ্ন (১১) ঃ— ' ববি ' ছবিতে পার্শ কন্ঠশিল্পী হিসেবে কাকে ফিল্ম ফেয়ার পুরস্কার দেওয়া হয় ?

অপশনস্—

(এ) শৈলেন্দ্র সিং	(বি) কিশোর কুমার
(সি) নরেন্দ্র চঞ্চল	(ডি) মহম্মদ রফি

সঠিক উত্তরঃ- (সি) নরেন্দ্র চঞ্চল। ফোন অব ফ্রেণ্ড-এ ভুল উত্তর এ-বলায় ৩,২০,০০০ নিয়ে ফেরেন।

দ্বিতীয় নির্বাচিনী প্রশ্ন —

○ উত্তর দিক থেকে শুরু করে ভারতের এই স্মারকগুলো ক্রমানুসারে সাজিয়ে লিখ।

অপসনস্—

(এ) হাওয়া মহল	(বি) রেড ফোর্ট
(সি) চারমিনার	(ডি) বিবেকানন্দ রক ম্যামোরিয়াল

সঠিক ক্রম হল— ১. (বি) রেড ফোর্ট
২. (এ) হাওয়া মহল
৩. (সি) চারমিনার
৪. (ডি) বিবেকানন্দ রক ম্যামোরিয়াল

১০ জনে শুদ্ধ ক্রম করেন ৬ জন । এর মধ্যে হট সীটে বসেন আহমেদাবাদের প্রবীন গাভান্দে। তাকে যে যে প্রশ্ন করা হয়, তা হল—

প্রশ্ন (১) ঃ— ডিক্টেশান গ্রহণ করার সময় সেক্রেটারী কোন্ কোড ব্যবহার করেন ?

অপসনস্—

(এ) মুর্স কোড	(বি) শর্ট হ্যাণ্ড
(সি) পাস্কেল	(ডি) স্পেরেন্টু

সঠিক উত্তরঃ- (বি) শর্ট হ্যাণ্ড।

প্রশ্ন (২) ঃ— এর মধ্যে কোন্ দিনের নাম কোন গ্রহের নামে রাখা হয় নি ?

অপশনস্—

(এ) সোমবার	(বি) মঙ্গলবার
(সি) বুধবার	(ডি) শনিবার

সঠিক উত্তরঃ- (এ) সোমবার।

প্রশ্ন (৩) ঃ— ক্রিকেট খেলায় যখন রান পাওয়া যায় না তখন ভাষ্যকার তাকে কি বলেন ?

অপশনস্—

(এ) ডেড বল	(বি) নো বল
(সি) ওয়াইড বল	(ড়ি) ডট বল

সঠিক উত্তরঃ- (ডি) ডট বল।

প্রশ্ন (৪) ঃ— আফ্রিকার কোন্ দেশ নিজেদের পিরামিডের জন্য বিখ্যাত ?

অপসনস্—

(এ) কেনিয়া	(বি) নাইজেরিয়া
(সি) সাউথ আফ্রিকা	(ডি) ঈজিপ্ট

সঠিক উত্তরঃ- (ডি) ঈজিপ্ট।

প্রশ্ন (৫) ঃ— সাধারণতঃ দাঁত ব্যাথা দূর করার জন্য এর কোন্‌টি ব্যবহার করা হয় ?

অপশনস্—

(এ) গালির্ক	(বি) নাটমেগ
(সি) ক্লোভ	(ডি) জিঞ্জার

সঠিক উত্তরঃ- (সি) ক্লোভ।

প্রশ্ন (৬) ঃ— দুটি পরস্পর বিপরীত দর্পণের মাঝে দাঁড়িয়ে একজন ব্যক্তি তার কয়টি প্রতিবিম্ব দেখতে পাবে ?

অপশনস্—

(এ) ১ টি	(বি) ২ টি
(সি) ৪ টি	(ডি) অনন্ত

সঠিক উত্তরঃ- (ডি) অনন্ত।

প্রশ্ন (৭) ঃ— মহাভারতের এর মধ্যে কে দ্রোণাচার্যের শিষ্য ছিলেন ?

অপশনস্—

(এ) অর্জুন	(বি) দুর্যোধন
(সি) ভীম	(ডি) কর্ণ

সঠিক উত্তরঃ- (ডি) কর্ণ।

প্রশ্ন (৮) ঃ— পাকিস্তানের জাতীয় পতাকার কটি তারা আছে ?

অপশনস্—

(এ) ১ টি	(বি) ২ টি
(সি) ৩ টি	(ডি) ৫ টি

সঠিক উত্তরঃ- (এ) ১ টি। এখানে জনতার রায় এ-তে ৭০ শতাংশ লাভ করে শুদ্ধ উত্তর করেন।

প্রশ্ন (৯) ঃ— ১৯৯০ সালে রথ যাত্রা কালে কোন্ মুখ্যমন্ত্রীর নির্দেশে লালকৃষ্ণ আডবাণীকে অ্যারেস্ট করা হয়েছিল ?

অপশনস্-

(এ) মুলায়ম সিং যাদব	(বি) জ্যোতি বসু
(সি) দিগ্বীজয় সিং	(ডি) লালু প্রসাদ যাদব

সঠিক উত্তরঃ- (ডি) লালু প্রসাদ যাদব। ফোন অব ফ্রেণ্ড এবং ৫০ঃ৫০ নিশ্চিত না হয়ে ভুল উত্তর এ-বলায় ১০,০০০ নিয়ে বিদায় হলেন। এখানেই রাতের খেলা শেষ।

পরদিন ১৭তাং-এর ছোট্ট সংবাদ — *" বড়দের কৌ ব ক-কে জনপ্রিয়তায় হারিয়ে দিচ্ছে 'কৌন বনেগা ক্রোড়পতি জুনিয়র ' । মাত্র এক রবিবার পুরনো কৌ বক জুনিয়র বিভিন্ন চ্যানেলে সেরা ১০ টি সিরিয়ালের তালিকায় উঠে এসেছে। রেটিং শতকরা ৭.৫। বড়দের ' কৌন বনেগা ক্রোড়পতি'র অমিতাভ বচ্চন এখানে ছোটদের নিয়েও নতুন করে জমিয়ে দিয়েছেন ক্যুইজের আসর।"*

২১শে মে, ২০০১ ইং

স্ব-ভাষ্যঃ- এক চিত্র শিল্পী এক ছবিতে এক ব্যক্তির দুহাত প্রসারিত উজ্জ্বল হাসি মুখের ছবি একেছেন। ছবির মাথায় সামনে যথেষ্ঠ চুল ছিল, কিন্তু পেছনে ছিল সম্পূর্ণ খালি। শিল্পীর মতে সময় আসে সামনের দিক দিয়ে। তাই তাকে ধরার জন্য সামনের চুলের ব্যবহার। যদি সময়কে অবহেলার অতিক্রান্ত হতে দেওয়া যায়,তবে তা হবে ঐ চলহীন খালি পিচ্ছিল মাথার মতো । যাকে শত চেষ্টা করেও আর আয়ত্বে আনা যায় না। কারণ, সুযোগ একমাত্র একবারই দরজায় এসে উপস্থিত হয়। যদি ঐ সময় দরজা না খোলা হয়, তবে ঐ আগত সুযোগ হাত ছাড়া হবে। এরপর সুযোগ নেয় দুর্ভাগ্য-দুঃসময়। এই দুঃসময় যতক্ষণ দরজা দিয়ে ঘরে প্রবেশ করতে না পারবে,ততক্ষন দরজায় খট্‌খট্‌ করবে। যদি সুযোগ একবার হাত ছাড়া হয়,তা শত চিৎকারেও পুনরায় ফিরে পেতে কষ্ট হবে। তাই সময়ের বৃথা যন্ত্রনার চেয়ে,তাকে হাতে বরণ করাই বুদ্ধিমানের কাজ।

প্রথম নির্বাচনী প্রশ্ন—

○ মানব দেহের এই অংশগুলো তাদের আকার অনুসারে ছোট থেকে বড় ক্রমানুসারে লিখ।

অপশনস্—

(এ) দাঁত	(বি) কান
(সি) চোখ	(ডি) মস্তিষ্ক

সঠিক ক্রম হল—
১. (এ) দাঁত
২. (সি) চোখ
৩. (বি) কান
৪. (ডি) মস্তিষ্ক

১০ জনে ৭ জনই শব্দ করেন। ৭ জন থেকে হট সীটে খেলেন সেকেন্দ্রাবাদের দীপক গোয়েল। তাকে যে যে প্রশ্ন করা হয়—

প্রশ্ন (১) ঃ— বৎসরের কোন্ মাসে দিনের সংখ্যা পৃথক পৃথক বর্ষে পাল্টে যায় ?

অপশনস্—

(এ) অক্টোবর	(বি) ফেব্রুয়ারী
(সি) মার্চ	(ডি) এপ্রিল

সঠিক উত্তরঃ- (বি) ফেব্রুয়ারী।

প্রশ্ন (২) ঃ— পারম্পরিক রূপে হিন্দুরা এর মধ্যে কোন্ গাছকে পূজা করে ?

অপশনস্—

(এ) গুলাব	(বি) তুলসী
(সি) বেত	(ডি) নাগফণি

সঠিক উত্তরঃ- (বি) তুলসী।

প্রশ্ন (৩) ঃ— এক প্রবাদ মতে যদি আল্লা ' মেহেরবান ' হন, তবে পালোয়ান কে হন?

অপশনস্—

(এ) ঘোড়া	(বি) গাধা
(সি) শের	(ডি) ইদুঁর

সঠিক উত্তরঃ- (বি) গাধা।

প্রশ্ন (৪) ঃ— Leaf এবং Dust কোন্ জিনিসের একটি প্রকারভেদ ?

অপশনস্—

(এ) কাফি	(বি) চা
(সি) চিনি	(ডি) ধান

সঠিক উত্তরঃ- (বি) চা।

প্রশ্ন (৫) ঃ— জেমস্ বণ্ড সম্পর্কীত তিন অঙ্কের পূর্নযুগ নাম্বার কোন্‌টি ?

অপসনস্—

(এ) ০	(বি) ৭
(সি) ১৭	(ডি) ৭০০

সঠিক উত্তরঃ- (বি) ৭।

প্রশ্ন (৬) ঃ— ১৯৭৯ সালের ছবি ' গোলমাল ' এর নির্দেশক কে ছিলেন ?

অপসনস্—

(এ) গুলজার	(বি) বাসু চ্যাটার্জী
(সি) ঋষিকেশ মুখার্জী	(ডি) বাসু ভট্টাচার্য

সঠিক উত্তরঃ- (সি) ঋষিকেশ মুখার্জী।

এখানে জনতার রায় সি-তে ৫৫ শতাংশ পেয়ে উত্তর দেন।

প্রশ্ন (৭) ঃ— জ্বলে যাওয়ার তাপমাত্রাকে বোঝাতে এর মধ্যে কোন্ শব্দের প্রয়োগ করা হয়?

অপশনস্—

(এ)	ডিপ্লোমা	(বি)	ডিগ্রী
(সি)	সার্টিফিকেট	(ডি)	ডক্টরেট

সঠিক উত্তরঃ- (বি) ডিগ্রী।

প্রশ্ন (৮) ঃ— এর মধ্যে কোন্ উপন্যাস একজন ভারতীয় লিখেন নি ?

অপসনস্—

(এ)	The God of Small things	(বি)	English, August
(সি)	A Suitable Boy	(ডি)	A Passege to India

সঠিক উত্তরঃ- (ডি) A Passege to India.

প্রশ্ন (৯) ঃ— ১৯৯৯ ক্রিকেট বিশ্বকাপে কোন্ ভারতীয় খেলোয়াড় ডাবল সেঞ্চুরী করে ছিল ?

অপসনস—

(এ)	শচীন তেণ্ডুলকার	(বি)	রাহুল দ্রাবিড়
(সি)	সৌরভ গাঙ্গুলী	(ডি)	অজয় জাদেজা

সঠিক উত্তরঃ- (বি) রাহুল দ্রাবিড়।

প্রশ্ন (১০) ঃ— কোন্ কেন্দ্রশাসিত প্রদেশে ইলেক্টেড লেজিসলেটিভ অ্যাসেমব্লী আছে?

অপশনস্—

(এ)	দাদরা ও নগর হাবেলী	(বি)	চণ্ডিগড়
(সি)	আন্দামান ও নিকোবর	(ডি)	পণ্ডিচেরী

সঠিক উত্তরঃ- (ডি) পণ্ডিচেরী।

প্রশ্ন (১১) ঃ— মরক্কোর কোন্ লেখক ভারত ভ্রমণের সময় Rihlah রচনা করেছিলেন?

অপশনস্—

(এ)	মার্কো পোলো	(বি)	ইবন বুততা
(সি)	আলবেরুনী	(ডি)	ফরিস্তা

সঠিক উত্তরঃ- (বি) ইবন বতুতা। এখানে তিনি ৫০ঃ৫০তে এ ও ডি অদৃশ্য করে,পরে ফোন অব ফ্রেণ্ড-এ না হলে ভুল বি-বলায় ৩,২০,০০০ নিয়ে বিদায়।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

● এই হকি খেলোয়াড়গণ যারা অলিম্পিকে ভারতীয় নেতৃত্ব করেছেন তাদের প্রথম থেকে শেষ ক্রম লিখ।

অপশনস্—

(এ)	রমনদ্বীপ সিং	(বি)	ধ্যান চাঁদ
(সি)	জাফর ইকবাল	(ডি)	পরগত সিং

সঠিক ক্রম হল— ১ (বি) ধ্যান চাঁদ
২. (সি) জাফর ইকবাল
৩. (এ) রমনদ্বীপ সিং
৪. (ডি) পরগত সিং

৯ জনে শুদ্ধ করেন মাত্র ১ জন। তাই হট সীটে খেলেন পাটনার এস.পি.সিন্হা। তাঁর পরের প্রশ্নগুলো হল—

প্রশ্ন (১) ঃ— কোন্ ফিল্মে ' কবুতর যা যা ' সংগীতটি গাওয়া হয়েছে ?

অপশনস্—

(এ) ম্যায়নে প্যায় কিয়া	(বি) কয়েদ ম্যা হ্যায় বুলবুল
(সি) ফুল অউর কাটে	(ডি) ঝুট বলে কাওয়া কাটে

সঠিক উত্তরঃ- (এ) ম্যায়নে প্যায় কিয়া।

প্রশ্ন (২) ঃ— কোন্ ভগবানকে প্রায়ই বাঘের চামড়া পরিধান করতে দেখা যায় ?

অপশনস্—

(এ) ব্রহ্মা	(বি) শিব
(সি) বিষ্ণু	(ডি) ইন্দ্র

সঠিক উত্তরঃ- (বি) শিব।

প্রশ্ন (৩) ঃ— এর মধ্যে কোনটির বীজ একই পংক্তিতে পাওয়া যায় ?

অপসনস্—

(এ) পেয়ারা	(বি) মটর
(সি) মরিচ	(ডি) টমাটু

সঠিক উত্তরঃ- (বি) মটর।

প্রশ্ন (৪) ঃ— এক ' ইয়ার্ডে ' কত ইঞ্চি থাকে ?

অপশনস্—

(এ) ২৪ ইঞ্চি	(বি) ৩৬ ইঞ্চি
(সি) ৪৮ ইঞ্চি	(ডি) ৬০ ইঞ্চি

সঠিক উত্তরঃ- (বি) ৩৬ ইঞ্চি ।

প্রশ্ন (৫) ঃ— প্রবাদ মতে এর মধ্যে কোন্ যন্ত্র একটি মহিষের সামনে বাজানো ব্যর্থ ?

অপশনস্—

(এ) ঢোল	(বি) বীন্
(সি) তবলা	(ডি) বাঁশী

সঠিক উত্তরঃ- (বি) বীন্।

প্রশ্ন (৬) ঃ— এর মধ্যে কোন্‌টি বৃটিশ শাসকের সবচেয়ে বড় উপাধি ?

অপসনস্— (এ) Duke of Edwinburg (বি) Prince of Wales
(সি) Earl of Gloucester (ডি) Duke of York

সঠিক উত্তরঃ- (বি) Prince of Wales.

প্রশ্ন (৭) ঃ— ক্রিকেট খেলার ব্যাট কোন্ কাঠ দ্বারা তৈরী করা হয় ?

অপশনস্—

(এ) Teak	(বি) Ebony
(সি) Willow	(ডি) Balse

সঠিক উত্তরঃ- (সি) Willow.

প্রশ্ন (৮) ঃ— কোন্ কীট সম্প্রদায়ের রাজা, রাণী, সৈনিক ও শ্রমিক থাকে ?

অপশনস্—

(এ) উই	(বি) মৌমাছি
(সি) ফ্লিজ	(ডি) পিঁপড়ে

সঠিক উত্তরঃ- (এ) উই। আজ এখানেই খেলা শেষ হল হুটারের শব্দে।

২৩শে মে,২০০১ইং

স্ব-ভাষ্যঃ- ‘ জীবনের’ অনেক পরিভাষা আছে। কেহ বলেন রঙ্গমঞ্চ,কেহ বলেন স্রোতধারা, কেহ বলেন কর্মভূমি, কেহ বলেন মুক্ষ। কিন্তু কেউ বলেন যে জীবন হল সুখ দুঃখের সংমিশ্রণ। জীবনে খুশি কম ,ঝামেলা বেশী-এই চিন্তার মানুষ কখনো সুখী হতে পারে না। এমন ব্যক্তিরা সর্বদাই ভীতু। অন্যদিকে যে ব্যক্তির জীবনে কঠিনতার স্পর্শ লেগেছে, তিনিই জীবনের সফলতার আলো দেখাতে পারেন। যে ব্যক্তি প্রার্থনা করেন যে, তার জীবনে, দুঃখ,যন্ত্রনা,নিন্দা, বিপদ, ঝামেলা, ভয় যাতে না আসে। এমন ব্যক্তি সমাজের সবচেয়ে দুর্বল ব্যক্তি, আর যিনি প্রার্থনা করেন হে ভগবান! তুমি আমাকে সব সমস্যার সঠিক সমাধানে, ভয়ে শক্তি, নিন্দায় , ধৈর্য, দুঃখে মনোবল দাও। আর এমন মনোবলের মানুষেই জীবনের সব বিঘ্নকে নীরবে দূরে সরিয়ে, জীবন গঠনে সাফল্য লাভ করবে- এটাই জীবনের মূল মন্ত্র। এমন জীবনে সুখ এলে তা হবে অমৃতময়,পরম শান্তিময়, উপভোগের ।

২২ তারিখ বিদ্যুৎ না থাকায় শেষ প্রার্থী মথুরার ভবতোষ মহেশ্বরীর ৪ নং প্রশ্ন পযর্ন্ত দেখা হয়নি। আজ (২৩ মে) তাঁর ৫ নং থেকে শুরু।

প্রশ্ন (৫) ঃ— ২০০০ সালের পূর্বে নির্মিত পৃথিবীর সুদীর্ঘ প্রাচীর কোন্ দেশে হয়েছে?

অপশনস্

(এ) ফ্রান্স	(বি) ঈজিপ্ট
(সি) চীন	(ডি) ইটালী

সঠিক উত্তর ঃ (সি) চীন।

প্রশ্ন (৬) ঃ— এর মধ্যে কোনটি বক্সিং-এর ওয়েট ক্যাটাগরীর নহে?

অপশনস্

(এ) ফ্লাই ওয়েট	(বি) ফেদার ওয়েট
(সি) বেন্টাম	(ডি) ডাবল ওয়েট

সঠিক উত্তর ঃ (ডি) ডাবল ওয়েট।

প্রশ্ন (৭) ঃ— ১৯৬০ সালে ভারতীয় সেনা UN সেনাদের সঙ্গে আফ্রিকায় কোন দেশের বিরুদ্ধে যুদ্ধে অংশ নিয়েছিল?

অপশনস্

(এ) সিয়ারা নিওন	(বি) রোডেশিয়া
(সি) কঙ্গো	(ডি) ঈজিপ্ট

সঠিক উত্তর ঃ (সি) কঙ্গো।

প্রশ্ন (৮) ঃ—১৯৭১ সালের ফিল্ম 'মেলা' তে কোন দুই ভাই -একত্রে অভিনয় করেছেন?

অপশনস্

(এ) আমীর ও ফয়জল খান	(বি) দেব ও বিজয় আনন্দ
(সি) সঞ্জয় ও ফিরোজ খান	(ডি) শাম্মী ও শশী কাপুর

সঠিক উত্তর ঃ (সি) সঞ্জয় ও ফিরোজ খান।

প্রশ্ন (৯) ঃ— জুলাই ১৮৫৭ সালে তাতিয়া তোপী এবং তাঁর সহায়ক কাকে 'পেশোয়া' ঘোষণা করেন?

অপশনস্

(এ) কুনবার সিং	(বি) নানা সাহেব
(সি) মঙ্গল পান্ডে	(ডি) বাজি রাও-দ্বিতীয়

সঠিক উত্তর ঃ (বি) নানা সাহেব। ভুল ডি-বলায় ১০,০০০ নিয়ে ফিরে আসেন।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

● আন্তর্জাতিক ফোন করার ক্ষেত্রে প্রথম পদ্ধতির থেকে ক্রমশঃ শেষ পদ্ধতি হিসাবে লিখ।

অপশনস্

(এ) রেসিডেন্ট ফোন নাম্বার	(বি) ইন্টারন্যাশনাল এসেস কোড
(সি) কানট্রি কোড	(ডি) সিটি কোড

সঠিক ক্রম হল — ১. (বি) ইন্টারন্যাশনাল এসেস কোড
২. (সি) কানট্রি কোড
৩. (ডি) সিটি কোড
৪. (এ) রেসিডেন্ট ফোন নাম্বার

শুদ্ধ ক্রম করেন ১০ জনে ৭ জন। এদের থেকে হট সীটে খেলেন জব্বল পুরের আনিল কুমার। তাঁর পরের প্রশ্নগুলো হল—

প্রশ্ন (১) ঃ—'মেয় ক্যায়া করো হায় রাম, মুঝে বুড্ডা মিলগয়া' সংগীতের বুড্ডা কে ছিলেন ?

অপশনস্

(এ) প্রদীপ কুমার	(বি) দিলীপ কুমার
(সি) ভারত ভূষণ	(ডি) রাজ কাপুর

সঠিক উত্তরঃ (ডি) রাজ কাপুর।

প্রশ্ন (২) ঃ—একটি মিটার স্টিকে কত মিলিমিটার থাকে?

অপশনস্

(এ) ১০ মি.মি	(বি) ১০০ মি.মি
(সি) ১,০০০ মি.মি	(ডি) ১০,০০০ মি.মি

সঠিক উত্তরঃ (সি) ১,০০০ মি.মি।

প্রশ্ন (৩) ঃ—প্রবাদ মতে উটের মুখ কোন্ জিনিসের জন্য নৌকার বরাবর মানা হয়?

অপশনস্

(এ) সৌনফ	(বি) আঙ্গুর
(সি) জীরা	(ডি) কেশর

সঠিক উত্তরঃ (সি) জীরা।

প্রশ্ন (৪)ঃ—১৯৭১ সালে ভারত-পাক যুদ্ধের পরে নতুন কোন্ দেশের সৃষ্টি হয়?

অপশনস্

(এ) বার্মা	(বি) ভূটান
(সি) নেপাল	(ডি) বাংলাদেশ

সঠিক উত্তরঃ (ডি) বাংলাদেশ।

প্রশ্ন (৫)ঃ—মেচের শলাকার অগ্রভাগে কোন্ প্রজ্বলান পদার্থ থাকে?

অপশনস্

(এ) সোডিয়াম	(বি) ফসফরাস
(সি) মাকরী	(ডি) ব্রোমিন

সঠিক উত্তর ঃ (ডি) ব্রোমিন।

প্রশ্ন (৬)ঃ—এর মধ্যে সুন্দর নারীর শাব্দিক অর্থ কোনটি ?

অপশনস্

(এ) গজগামিনী	(বি) শালিনী
(সি) কামিনী	(ডি) দামিনী

সঠিক উত্তর ঃ (সি) কামিনী।

প্রশ্ন (৭)ঃ—মহাভারতের মতে রাধার জন্ম কোথায় হয়েছে?

অপশনস্

(এ) মথুরা	(বি) ইন্দ্র প্রস্থ
(সি) দ্বারকা	(ডি) গকুল

সঠিক উত্তর ঃ (ডি) গকুল।

প্রশ্ন (৮)ঃ—অভিনেতা আমজাদ খানের পিতার নাম কি?

অপশনস্

(এ) জয়রাজ	(বি) জানকী দাস
(সি) জয়ন্ত	(ডি) জীবন

সঠিক উত্তর ঃ (সি) জয়ন্ত।

প্রশ্ন (৯)ঃ—বোকারো স্টীল প্ল্যান্ট কোথায় অবস্থিত?

অপশনস

(এ) বিহার	(বি) ছত্তিশগড়
(সি) মধ্য প্রদেশ	(ডি) ঝাড়খন্ড

সঠিক উত্তরঃ (ডি) ঝাড়খন্ড।

প্রশ্ন (১০)ঃ—নির্মলা বার্মার সঙ্গে কোন পাঞ্জাবী লেখককে ২০০০ সালে জ্ঞানপীঠ পুরস্কার দেওয়া হয়েছে?

অপশনস

(এ) খুশবন্ত সিং	(বি) গুরু দয়াল সিং
(সি) ভাইবীর সিং	(ডি) নিরঞ্জন সিং

সঠিক উত্তর ঃ (বি) গুরু দয়াল সিং।

প্রশ্ন (১১)ঃ—১৯৪৭ সালে সৃষ্টি এবং পরে আসামের কোন্ জেলা পূর্ব পাকিস্তানের অর্ন্তভূক্ত হয়?

অপশনস্

(এ) তিনসুকিয়া	(বি) সিলেট
(সি) নলবাড়ী	(ডি) লোহিত

সঠিক উত্তর ঃ (বি) সিলেট। এর সমাধান করেন ফোন অব ফ্রেণ্ড-র মাধ্যমে।

প্রশ্ন (১২) ঃ— ভারতীয় বায়ু সেনার প্রথম চীফ মার্শাল কে ছিলেন ?

অপশনস্—

(এ) অর্জুন সিং	(বি) টমাস এল্মহিরস
(সি) সুব্রত মুখার্জী	(ডি) পি. সি. লাল

সঠিক উত্তরঃ- (এ) অর্জুন সিং।

৫০ঃ৫০-তে বি ও ডি-কে অদৃশ্য করেও উত্তর দিতে না পেরে জনতার রায় এ-তে ৫৩

শতাংশ পেয়ে সমাধান করেন। এরই সঙ্গে রাতের খেলা শেষ হয়।

২৫শের প্রভাতী ছোট্ট সংবাদ হল— *"ক্রোড়পতি হওয়ার ইচ্ছা থাকলেও দূরভাবে স্টার প্লাসের ডাক সহজে মেলে না। কে বি সি এবং কে বি সি জুনিয়র-এ অংশ গ্রহনকারীদের এই সমস্যার কথা ভেবেই স্টার প্লাসের এবার নতুন ভাবনা। সঠিক উত্তরদাতা হিসেবে প্রথম ১০০ জনের মধ্যে নাম থাকলেই, তাদের এলোমেলোভাবে বেছে নেওয়া হবে চূড়ান্ত তালিকার জন্য। বিবেচিত হলে নাম দেখা যাবে স্টারের কে বি সি ইণ্ডিয়া ডট কম এ।"*

প্রশ্ন (১৩) ঃ— কোন্ প্রাক্তন ক্রিকেট খেলোয়াড় পোলো খেলার সময় হৃদরোগে মারা যান ?

অপশনস্—

(এ) রঞ্জিৎ সিং	(বি) আই. এ. খান পতৌদি
(সি) যাদবিন্দ্র সিং	(ডি) দুলীপ সিংজী

সঠিক উত্তরঃ- (বি) আই. এ.খান পতৌদি।

এর শুদ্ধ উত্তর জানা না থাকায় ১২,৫০,০০০ নিয়ে ফিরে আসেন।

প্রথম নির্বাচনী প্রশ্ন—

○ একটি মহাকাশ যানের প্রথম যাত্রাকালের ক্রিয়া থেকে শেষ ক্রিয়া অনুসারে লিখ।

অপশনস্—

(এ) লিফট-অফ	(বি) কাউন্ট-ডাউন
(সি) টাচ্-ডাউন	(ডি) রি-এন্ট্রি

সঠিক ক্রম হল— ১. (বি) কাউন্ট-ডাউন
২. (এ) লিফট-অফ
৩. (ডি) রি-এন্ট্রি
৪. (সি) টাচ্-ডাউন

শুদ্ধ ক্রম করেন ১০ জনে মাত্র ১ জন। আর তিনি হলেন পাতিয়ালার বিকাশ ঠাকরাল তাকে যে যে প্রশ্ন করা হয় —

প্রশ্ন (১) ঃ— ' পানি রে পানি ' সংগীতটি কোন্ অভিনেত্রীর উপর গাওয়া হয় ?

অপশনস্—

(এ) করিশমা কাপুর	(বি) টাবু
(সি) রবিনা টেনডন	(ডি) উর্মিলা

সটিক উত্তরঃ- (বি) টাবু।

প্রশ্ন (২) ঃ— মহাভারতে কোন্ নারীর সবচেয়ে বেশী সন্তান ছিল ?

অপসনস্—

(এ) দ্রৌপদী	(বি) কুন্তী
(সি) গান্ধারী	(ডি) মাদ্রী

সঠিক উত্তরঃ- (সি) গান্ধারী।

প্রশ্ন (৩) ঃ— ' ব্ল্যাক হোল ' এর মধ্যে কিসের সাথে সম্পর্কযুক্ত ?

অপশনস্—

(এ) আউটার স্পেস	(বি) ওসেনস
(সি) আর্থ সেন্টার	(ডি) ব্ল্যাকমিষ্ট সপ

সঠিক উত্তরঃ- (এ) আউটার স্পেস।

প্রশ্ন (৪) ঃ— হিন্দু মান্যতা অনুযায়ী শুক্রবারে কোন্ দেবীর পূজা করা হয় ?

অপশনস্—

(এ) দুর্গা	(বি) সন্তোষী
(সি) লক্ষ্মী	(ডি) পার্বতী

সঠিক উত্তরঃ- (বি) সন্তোষী।

প্রশ্ন (৫) ঃ— নীচের কোন্ ভিটামিনটি মানুষের শরীরে উৎপন্ন হয় ?

অপশনস্—

(এ) ডি	(বি) কে
(সি) ই	(ডি) সি

সঠিক উত্তরঃ- (এ) ডি।

প্রশ্ন (৬) ঃ— ক্রিকেট খেলায় ' লেগ থিওরী 'কে কি বলা হয় ?

অপশনস্—

(এ) ব্লু লাইন	(বি) ওয়াসট লাইন
(সি) থিন রেড লাইন	(ডি) বডি লাইন

সঠিক উত্তরঃ- (ডি) বডি লাইন।

প্রশ্ন (৭) ঃ— এর মধ্যে কোন্‌টি স্টক মার্কেটের সঙ্গে যুক্ত নয় ?

অপশনস্—

(এ) Nikkei	(বি) Sensex
(সি) Dow Jones	(ডি) Gatt

সঠিক উত্তরঃ- (ডি) Gatt.

প্রশ্ন (৮) ঃ— 'মিলে সুর মেরা তোমহারা' সংগীতে কোন্ অভিনেত্রীকে দেখা যায় না ?

অপশনস্—

(এ) শাবানা আজমী	(বি) ওয়াহিদা রহমান
(সি) শর্মিলা ঠাকুর	(ডি) বৈজয়ন্তীমালা বালী

সঠিক উত্তরঃ- (ডি) বৈজয়ন্তীমালা বালী। ৫০ঃ৫০-তে এর সমধান করেন।

প্রশ্ন (৯) ঃ— রামায়ণে ভরত শ্রীরামের খড়ম কোথায় পূজা করেন ?

অপশনস্—

(এ) নান্দিগ্রাম	(বি) একচক্র
(সি) চিত্রকূট	(ডি) পঞ্চবটী

সঠিক উত্তরঃ- (এ) নান্দিগ্রাম।

প্রশ্ন (১০) ঃ— এদের মধ্যে কাকে মরণোত্তর ' পরমবীর ' চক্র প্রদান করা হয় ?

অপশনস্—

(এ) যোগেন্দ্র যাদব	(বি) বানা সিং
(সি) আবদুল হামিদ	(ডি) সঞ্জয় কুমার

সঠিক উত্তরঃ- (সি) আবদুল হামিদ।

প্রশ্ন (১১) ঃ— এক টেস্ট ম্যাচে অনিল কুম্বলে ১০ উইকেট লাভ করে কার রেকর্ডের বরাবর চলে আসেন ?

অপশনস্—

(এ) জিম্ লেকার	(বি) রায় লিণ্ডওয়াল
(সি) হুরাল্ড লারউড	(ডি) সানি রামাদী

সঠিক উত্তরঃ- (এ) জিম্ লেকার।

প্রশ্ন (১২) ঃ— ১৯১৫ সালে এর মধ্যে কাকে লর্ড হার্তিপুঞ্জ দ্বারা ' Kaiser-e-Hind' উপাধীতে সম্মানিত করা হয়েছিল ?

অপশনস্—

(এ) জওহরলাল নেহেরু	(বি) মহাত্মা গান্ধী
(সি) লালা হরদয়াল	(ডি) গোপাল কৃষ্ণ গোখলে

সঠিক উত্তরঃ- (বি) মহাত্মা গান্ধী।

এখানে এসে ভুলের ঝুঁকি না নিয়ে ৬,৪০,০০০ নিয়ে খেলা ছেড়ে দেন।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন—

● এই ফিল্ম ব্যক্তিত্বকে এই ক্রমানুসারে লিখ, যারা প্রথম পার্লামেন্টের সদস্য নির্বাচিত হয়েছিলেন ?

অপশনস্—

(এ) পৃথ্বীরাজ কাপুর	(বি) বিনোদ খান্না
(সি) শত্রুঘ্ন সিন্‌হা	(ডি) সুনীল দত্ত

সঠিক ক্রম হল— ১. (এ) পৃথ্বীরাজ কাপুর
২. (ডি) সুনীল দত্ত

৩. (সি) শত্রুঘ্ন সিন্‌হা

৪. (বি) বিনোদ খান্না

৯ জনে শুদ্ধ ক্রম করেন ৪ জন। এদের থেকে হট সীটে বসেন নতুন দিল্লীর রাজীব নন্দা তাকে যা যা প্রশ্ন করা হয়, তা হল—

প্রশ্ন (১) ঃ— ক্রিকেট খেলায় LBW সম্পর্কীত 'L' কথার অর্থ কি ?

অপশনস্—

(এ) Low	(বি) Leg
(সি) Line	(ডি) Leap

সঠিক উত্তরঃ- (বি) Leg.

প্রশ্ন (২) ঃ— 'আতি ক্যায়া খাণ্ডালা' সংগীতে আমীর খান এর মধ্যে কোন্‌টি করতে মানা করেন ?

অপশনস্—

(এ) ঘুমেঙ্গে	(বি) গায়েঙ্গে
(সি) পদেঙ্গে	(ডি) নাচেঙ্গে

সঠিক উত্তরঃ- (সি) পদেঙ্গে।

প্রশ্ন (৩) ঃ— এর মধ্যে কোন্‌টি ঠাণ্ডা করার যন্ত্র নয় ?

অপশনস্—

(এ) আইস ব্রেকার	(বি) রেফ্রিজারেটর
(সি) আইস বক্স	(ডি) ডীপ ফ্রিজার

সঠিক উত্তরঃ- (এ) আইস ব্রেকার।

প্রশ্ন (৪) ঃ— এর মধ্যে কোন্ হিন্দী নাম সংস্কৃত শব্দ থেকে নেওয়া হয়েছে, যার অর্থ 'সব্‌জি' হয় ?

অপশনস্—

(এ) ক্যারট	(বি) রেডিশ
(সি) টারনিপ	(ডি) অনিয়ন

সঠিক উত্তরঃ- (বি) রেডিশ।

জনরায় বি-তে ৪৪শতাংশ পেয়ে উত্তর শুদ্ধ করেন।

প্রশ্ন (৫) ঃ— নীচের কোন্ খেলাটি শুধুমাত্র মহিলাদের জন্য প্রচলিত ?

অপশনস্—

(এ) ম্যারাথন	(বি) ড্যাকাথলন
(সি) হেপ্টাথলন	(ডি) জিমন্যাসটিক্স

সঠিক উত্তরঃ- (সি) হেপ্টাথলন।

এখানেই হুটারের শব্দে আজকের খেলার সমাপ্তি হয়ে যায় ।

২৯শে মে, ২০০১ ইং

প্রশ্ন দেখা শুরু হল ৯.২০ মিঃ থেকে বিদ্যুৎ এর আগমনে।

প্রশ্ন (১২) ঃ— এর মধ্যে কোন্ ব্যক্তি মহাভারতে কুরুক্ষেত্র যুদ্ধ অংশগ্রহণ করেছিলেন ?

অপশনস্—

(এ) বলরাম	(বি) সঞ্জয়
(সি) জয়দ্রথ	(ডি) ধৃতরাষ্ট্র

সঠিক উত্তরঃ- (সি) জয়দ্রথ।

প্রশ্ন (১৩) ঃ— ইংল্যাণ্ডের কোন্ টেস্ট ক্রিকেট অধিনায়ক ভারতে জন্মায় নি ?

অপশনস্—

(এ) Naseer Hussain	(বি) Colin Cowdrey
(সি) Douglas Jardine	(ডি) Ted Dexter

সঠিক উত্তরঃ- (ডি) Ted Dexter.

উত্তরে সংশয় থাকায় ১২,৫০,০০০ টাকা নিয়ে খেলা ছেড়ে দেন।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

○ এই ধর্মগুলো ভারতে প্রথম স্থাপন কাল থেকে শেষ ক্রম অনুসারে লিখ

অপশনস্—

(এ) বৌদ্ধ ধর্ম	(বি) হিন্দু ধর্ম
(সি) ইসলাম ধর্ম	(ডি) শিখ ধর্ম

সঠিক ক্রম হল— ১. (বি) হিন্দু ধর্ম
২. (এ) বৌদ্ধ ধর্ম
৩. (সি) ইসলাম ধর্ম
৪. (ডি) শিখ ধর্ম

১০ জনে ৩ জন শুদ্ধ ক্রম করেন। কিন্তু হট সীটে খেলেন কোলাপুরের বিজেন্দ্র কে. আর। তাঁর পরের প্রশ্নগুলো হল—

প্রশ্ন (১) ঃ— যদি তন্দুড়ি রুটি মোটা হয়, তবে এর মধ্যে কোন্‌টি পাতলা হবে ?

অপশনস্—

(এ) Nun	(বি) Paratha
(সি) Rumali	(ডি) Kulcha

সঠিক উত্তরঃ- (সি) Rumali.

প্রশ্ন (২) ঃ— ' সমঝোতা এক্সপ্রেস' রেলগাড়ী ভারত ও অপর কোন্ দেশের মধ্যে চলাচল করে ?

অপশনস্—

(এ) বাংলাদেশ	(বি) নেপাল
(সি) ভূটান	(ডি) পাকিস্তান

সঠিক উত্তরঃ- (ডি) পাকিস্তান।

প্রশ্ন (৩) ঃ— ' জানে কাহা মেরা জীগার গয়া জী ' এটি কোন্ অভিনেতা গেয়েছেন?

অপশনস্—

(এ) গুরু দত্ত	(বি) জনি ওয়াকার
(সি) আঘা	(ডি) দেব আনন্দ

সঠিক উত্তরঃ- (বি) জনি ওয়াকার।

প্রশ্ন (৪) ঃ— গোবি, কালাহারি এবং আটাকামা এগুলি কিসের প্রতীক ?

অপশনস্—

(এ) ভিজিল্যাব	(বি) লেইকস
(সি) মাউনটেনস	(ডি) ডেজার্ট

সঠিক উত্তরঃ- (ডি) ডেজার্ট।

প্রশ্ন (৫) ঃ— রাবণের মৃত্যুর পর লঙ্কার রাজা কে হয়েছিলেন ?

অপশনস্—

(এ) কুবের	(বি) অঙ্গদ
(সি) বিভীষণ	(ডি) বালী

সঠিক উত্তরঃ- (সি) বিভীষণ।

প্রশ্ন (৬) ঃ— নীচের কোন্ স্থানে চারবার বিশ্বকাপ ফাইন্যাল খেলা হয়েছিল?

অপশনস্—

(এ) এম. সি. জি	(বি) দ্য ওভাল
(সি) লর্ডস	(ডি) ইডেন গার্ডেন

সঠিক উত্তরঃ- (সি) লর্ডস।

প্রশ্ন (৭) ঃ— ' তুলু ' ভারতের কোন্ রাজ্যের মূল ভাষা ?

অপশনস্—

(এ) অন্ধ্র প্রদেশ	(বি) উড়িষ্যা
(সি) কর্নাটিক	(ডি) কেরালা

সঠিক উত্তরঃ- (সি) কর্নাটিক।

প্রশ্ন (৮) ঃ— নীচের কোন্ ফিল্মটি ইংরেজী উপন্যাসের উপর করা হয়েছে ?

অপশনস্—

(এ) উমরাও জান	(বি) এক চাদর মইলী সি
(সি) জুনুন	(ডি) গরম হাওয়া

সঠিক উত্তরঃ- (সি) জুনুন।

প্রশ্ন (৯) ঃ— প্রাক্তন ক্রিকেট খেলোয়াড় ইমরান খান কোন্ রাজনৈতিক দল গঠন করেছেন ?

অপশনস্—

(এ) তেহ্‌রাক-ই-ইনসাফ	(বি) পাকিস্তান পিপলস পার্টি
(সি) পাকিস্তান মুসলীম লীগ	(ডি) জামহুরী ইতাহেদ

সঠিক উত্তরঃ- (এ) তেহ্‌রাক-ই-ইনসাফ।

এখানে জনতার রায় এ-তে ৭১ শতাংশ পেয়ে শুদ্ধ উত্তর করেন। এরই সঙ্গে রাতের খেলার সমাপ্তি ঘোষিত হয়।

৩০ শে মে,২০০১ ইং

৯.১৪ মিঃ বিদ্যুৎ এলে নির্বাচন প্রক্রিয়া শেষ হয়ে হট সীটে প্রথম প্রশ্নে খেলছেন দীপেন্দরজী। তাঁর পরের প্রশ্নগুলো হল—

প্রশ্ন (১) ঃ— ' Ande Ke Kunda' এটি কোন্ নতুন হিন্দী ছবির সংগীত ?

অপশনস্—

(এ) আলবেলা	(বি) জোদাই নং-১
(সি) ওয়ান টু কা ফোর	(ডি) বেটি নং-১

সঠিক উত্তরঃ- (বি) জোদাই নং-১।

প্রশ্ন (২) ঃ— হিন্দী প্রবাদ অনুযায়ী আকাশ থেকে পতনের সময় প্রথমে কোন্ গাছের উপর পড়বে ?

অপশনস্—

(এ) আম	(বি) কলা
(সি) পীপল	(ডি) খাজুর

সঠিক উত্তরঃ- (ডি) খাজুর।

প্রশ্ন (৩) ঃ— সম্প্রতি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টেস্ট ক্রিকেটে ভারতের কে সর্বাধিক রান করেছেন ?

অপশনস্—

(এ) শচীন তেণ্ডুলকার	(বি) রাহুল দ্রাবিড়
(সি) ভি.ভি.এস.লক্ষ্মণ	(ডি) সৌরভ গাঙ্গুলী

সঠিক উত্তরঃ- (সি) ভি.ভি.এস.লক্ষ্মণ।

প্রশ্ন (৪) ঃ— এর মধ্যে কোন্ নামের অর্থ ' বায়ু ' ?

অপশনস্—

(এ) সুশীল	(বি) পঙ্কজ
(সি) নীরজ	(ডি) সমীর

সঠিক উত্তরঃ- (ডি) সমীর।

প্রশ্ন (৫) ঃ— ফিল্ম 'দমন ' এ কাকে শ্রেষ্ঠ অভিনেত্রীর জাতীয় পুরস্কার দেওয়া হয়েছে?

অপশনস্—

(এ) টাবু	(বি) করিশমা কাপুর
(সি) রবিনা টেনডন	(ডি) মনিষা কৈরালা

সঠিক উত্তরঃ- (সি) রবিনা টেনডন

প্রশ্ন (৬) ঃ— Crawl এবং Butterfly কোন্ খেলার সাথে সম্পর্ক যুক্ত ?

অপশনস্—

(এ) কবাডি	(বি) পোলো
(সি) সাইক্লীং	(ডি) সুইমিং

সঠিক উত্তরঃ- (ডি) সুইমিং।

এখানে তিনি জনতার রায় ডি-তে ৮৭ শতাংশ পেয়ে উত্তর দেন।

প্রশ্ন (৭) ঃ— ' শালিমার এক্সপ্রেস ' দিল্লীর সঙ্গে কোন্ শহরকে সংযুক্ত করেছে ?

অপশনস্—

(এ) জয়পুর	(বি) লক্ষ্ণৌ
(সি) জম্মু	(ডি) ভূপাল

সঠিক উত্তরঃ- (সি) জম্মু। ৫০ঃ৫০-তে এ ও ডি-কে অদৃশ্য হলে উত্তর দেন

প্রশ্ন (৮) ঃ— মহাভারতে পরশুরাম নিজের অস্ত্র কাকে দান করেছিলেন ?

অপশনস্—

(এ) কৃপাচার্য	(বি) ভীষ্ম
(সি) দ্রোণাচার্য	(ডি) অর্জুন

সঠিক উত্তরঃ- (সি) দ্রোণাচার্য।

তিনি ভুল উত্তর ডি-বলায় ১০,০০০ নিয়ে ফিরে যান

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

● এই শব্দগুলোকে ক্রমানুসারে লিখ যা এক হিন্দী প্রবাদ হিসেবে উপস্থিত হয় ?

অপশনস্—

(এ) ন	(বি) হোনা
(সি) গার	(ডি) দু

সঠিক ক্রম হল— ১. (এ) ন
২. (ডি) দু
৩. (সি) গার
৪. (বি) হোনা

৯ জনে ৪ জন শুদ্ধ ক্রম করেন। এর মধ্যে হট সীটে খেলেন চক্রধরপুর,ঝাড়খণ্ডের অরবিন্দ জয়সয়াল। তাঁর পরের প্রশ্নগুলো হচ্ছে—

প্রশ্ন (১) ঃ— নীচের কোন্ ছবিতে আমীর খান নায়কের ভূমিকায় অভিনয় করেছেন?

অপশনস্—

(এ) হাম দিল দে চুকে সনম	(বি) হাম আপকে হেয় কৌন
(সি) হাম হেয় রাহী প্যায়ার কা	(ডি) হাম সাথ সাথ হেয়

সঠিক উত্তরঃ- (সি) হাম হেয় রাহী প্যায়ার কা।

প্রশ্ন (২) ঃ— যদি উদিত সূর্যের দিকে মুখ করে দাঁড়াও, তবে বা-হাতটি কোন্ দিকে থাকবে?

অপশনস্—

(এ) পুর্ব	(বি) পশ্চিম
(সি) উত্তর	(ডি) দক্ষিণ

সঠিক উত্তরঃ- (সি) উত্তর।

প্রশ্ন (৩) ঃ— Tripple Sandeye এ আইস ক্রীমের কটি চাপন থাকে ?

অপশনস্—

(এ) ১ টি	(বি) ২ টি
(সি) ৩ টি	(ডি) ৪ টি

সঠিক উত্তরঃ- (সি) ৩ টি।

প্রশ্ন (৪) ঃ— CNG শব্দের মধ্যে 'N' এর অর্থ কি ?

অপশনস্—

(এ) Neutron	(বি) Natural
(সি) Normal	(ডি) Neutral

সঠিক উত্তরঃ- (বি) Natural.

প্রশ্ন (৫) ঃ— অলিম্পিকের কোন্ খেলায় Hop, Skip এবং Jump যুক্ত ?

অপশনস্—

(এ) ত্রিপল জাম্প	(বি) পুল ভল্ট
(সি) হাই জাম্প	(ডি) লং জাম্প

সঠিক উত্তরঃ- (এ) ত্রিপল জাম্প।

প্রশ্ন (৬) ঃ— Vasundara এর মধ্যে কোন্‌টিকে বোঝায় ?

অপশনস্—

(এ) সূর্য	(বি) চন্দ্র
(সি) পৃথ্বী	(ডি) বরুন

সঠিক উত্তরঃ- (সি) পৃথ্বী।

প্রশ্ন (৭) ঃ— জব্বলপুরে অবস্থিত প্রসিদ্ধ মার্বেল রকের পাশ দিয়ে কোন্ নদী প্রবাহিত হয় ?

অপশনস্—

(এ) গোদাবরী	(বি) কৃষ্ণা
(সি) কাবেরী	(ডি) নর্মদা

সঠিক উত্তরঃ- (ডি) নর্মদা।

প্রশ্ন (৮) ঃ— ' দ্রুপদ ' সংগীতের সময় কোন্ যন্ত্র বাজানো হয় ?

অপশনস্—

(এ) ঘটম	(বি) তবলা
(সি) ঢোলক	(ডি) পাখোয়াজ

সঠিক উত্তরঃ- (ডি) পাখোয়াজ।

প্রশ্ন (৯) ঃ— এর মধ্যে প্রস্তাবিত ফিলিস্তানের রাষ্ট্রপতি কে ?

অপশনস্—

(এ) আবদুররহম ওয়াহিদ	(বি) আবু নিদল
(সি) ইয়াসের আরা ফত	(ডি) হোসনী মোবারক

সঠিক উত্তরঃ- (সি) ইয়াসের আরাফত।

প্রশ্ন (১০) ঃ— লোদী বংশের কোন্ শাসক আগ্রা শহর স্থাপন করেছিলেন ?

অপশনস্—

(এ) সিকান্দর লোদী	(বি) বহলুল লোদী
(সি) ইব্রাহীম লোদী	(ডি) দৌলত খান লোদী

সঠিক উত্তরঃ- (এ) সিকান্দর লোদী। প্রথমে ফোন অব ফ্রেণ্ড এবং পরে ৫০ঃ৫০ তে টিকে থাকেন। এরই সঙ্গে খেলার সমাপ্তি ঘোষণা করা হয়।

৪ ঠা জুন,২০০১ ইং

স্ব-ভাষ্যঃ- প্রাচীন বৌদ্ধ কাহিনী মতে অযোগ্য সন্তানের জন্য অর্থ সঞ্চয় করলে তা সে বিনষ্ট করে দেবে। আর যোগ্য সন্তানের জন্য অধিক অর্থ সঞ্চয় করা উচিত। যোগ্য সন্তান তার নিজের যোগ্যতার দ্বারা ব্যয়িত অর্থ অনায়াসেই উপার্জন করবে ভবিষ্যতে। কিন্তু একথা ভুললে চলবে না যে, সন্তানের যোগ্যতার জন্য প্রতিটি মাতা-পিতার কঠোর নিষ্ঠা ও মহত্ব আছে। সন্তানের ভবিষ্যৎ রচনায় তাঁরা তাদের মূল্যবান বর্তমানকে নিঃশেষিত করছে। সন্তান যতই বিত্তবান হোক না কেন, মাতা-পিতার ঋণ কখনো পরিশোধ করতে পারে না। কিন্তু নিজের কর্মের দ্বারা সুনাম অর্জন করে তা প্রতিটি মাতা-পিতার মুখে হাসি ফোটাতে পারে। আর এতেই হবে যোগ্য মাতা-পিতার প্রতি সুযোগ্য সন্তানের বিনম্র উপহার। তাই সন্তানের মানসিক গঠনও ঠিক ওভাবেই বৃদ্ধি হওয়া আবশ্যক।

প্রশ্ন (১১) ঃ— অভিনেতা সৈয়দ জাফ্রীর প্রথম হিন্দী ফিল্‌ম কোন্‌টি ?

অপশনস্‌—

(এ) গান্ধী	(বি) সতরঞ্জ কী খিলাড়ী
(সি) চশমে বদদুর	(ডি) মাসুম

সঠিক উত্তরঃ- (বি) সতরঞ্জ কী খিলাড়ী।

প্রশ্ন (১২) ঃ— টেস্ট ক্রিকেটে পর পর ৪ বার ছক্কা মারার একমাত্র খেলোয়াড় কে ?

অপশনস্‌—

(এ) ভিভ রিচার্ডস	(বি) কপিল দেব
(সি) সন্দীপ পাতিল	(ডি) সৈয়দ আফ্রিদি

সঠিক উত্তরঃ- (বি) কপিল দেব।

প্রশ্ন (১৩) ঃ— ভাস্কর-দ্বিতীয় তাঁর কন্যার নামে রচনা ' লীলাবতী ' কোন্‌ বিষয়ের উপর লিখেছিলেন ?

অপশনস্‌—

(এ) আইন	(বি) গণিত
(সি) জ্যোতিষশাস্ত্র	(ডি) নক্ষত্র বিদ্যা

সঠিক উত্তরঃ- (বি) গণিত। ভুলের ঝুঁকি না নিয়ে ১২,৫০,০০০ নিয়ে ফেরেন।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

● মাথা থেকে শুরু করে ভারতীয় মহিলাদের পরিহিত এই আভূষণকে পা পর্যন্ত ক্রমানুসারে লিখ।

অপশনস্‌—

(এ) ঝুমকা	(বি) কংগন
(সি) পায়েল	(ডি) মালা

সঠিক ক্রম হল— ১. (এ) ঝুমকা
২. (ডি) মালা
৩. (বি) কংগন
৪. (সি) পায়েল

১০ জনে ৩ জন শুদ্ধ ক্রম করেন। এর থেকে হট সীটে বসেন নতুন দিল্লীর সরোজিনী রাবট। তাকে যে যে প্রশ্ন করা হয়, তা হল—

প্রশ্ন (১) ঃ— নীচের কোন্‌টি প্রেসার কুকারে দেখা যায় ?

অপশনস্‌—

(এ) সেফটি পিন	(বি) সেফটি জ্যাকেট
(সি) সেফটি ভাল্ব	(ডি) সেফটি বেল্ট

সঠিক উত্তরঃ- (সি) সেফটি ভাল্ব।

প্রশ্ন (২) ঃ— এর মধ্যে কোন্ প্রাণী রাশিচক্রে দেখা যায় না ?

অপশনস্—

(এ) ষাড়	(বি) কাঁকড়া
(সি) সিংহ	(ডি) হাতী

সাঠক উত্তরঃ- (ডি) হাতী।

প্রশ্ন (৩) ঃ— যদি ১ কে বর্গ করা যায়, তবে কত পাওয়া যায় ?

অপশনস্—

(এ) ০	(বি) ৪
(সি) ২	(ডি) ১

সঠিক উত্তরঃ- (ডি) ১।

প্রশ্ন (৪) ঃ— নীচের কোন্ জিনিসটি সমুদ্র থেকে পাওয়া যায় না ?

অপশনস্—

(এ) শঙখ	(বি) ঝিনুক
(সি) মোতি	(ডি) রুদ্রাক্ষ

সঠিক উত্তরঃ- (ডি) রুদ্রাক্ষ।

প্রশ্ন (৫) ঃ— মহাভারতের পরিক্ষীৎ কার নাতি ছিলেন ?

অপশনস্—

(এ) উত্তরা	(বি) কুন্তী
(সি) গান্ধারী	(ডি) সুভদ্রা

সঠিক উত্তরঃ- (ডি) সুভদ্রা।

প্রশ্ন (৬) ঃ— ফিল্ম ' জোশ '-এ শাহরুখ খানের গ্যাংগের নাম কোন্ পাখীর নামে রাখা হয়েছিল ?

অপশনস্—

(এ) ভালচার	(বি) ঈগল
(সি) পেঙ্গুইন	(ডি) ওস্ট্রিচ

সঠিক উত্তরঃ- (বি) ঈগল।

প্রশ্ন (৭) ঃ— ১৯৯৪ সালে কোন্ শহরে সুস্মিতা সেন মিস ইউনিভার্স খেতাব লাভ করেন ?

অপশনস্—

(এ) লণ্ডন	(বি) সান সিটি
(সি) লস এ্যাঞ্জেলস	(ডি) মেনিলা

সঠিক উত্তরঃ- (ডি) মেনিলা।

জনতার রায় বি-তে ৪৬ শতাংশ পেয়ে ভুল বলায় ১০,০০০ নিয়ে বিদায়।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

০ বিবাহের সঙ্গে সম্পর্কীত এই বিষয়গুলো প্রথম থেকে শেষ ক্রমানুসারে লিখ।

অপশনস্—

(এ) সগাই	(বি) সাত ফেরা
(সি) বিদাই	(ডি) জয় মালা

সঠিক ক্রম হল— ১. (এ) সগাই
২. (ডি) জয়মালা
৩. (বি) সাত ফেরা
৪. (সি) বিদাই

৯ জনে শুদ্ধ ক্রম করেন ৪ জন। এদের মধ্যে হট সীটে বসেন কলকাতার নীতা দুজাড়ী। তাকে যে যে প্রশ্ন করা হয়, তা হল —

প্রশ্ন (১) ঃ— ফিল্‌ম ' খুব সুরত '-এ সঞ্জয় দত্ত 'এ শিবানী ' সংগীতটি কার জন্য গেয়েছেন ?

অপশনস্—

(এ) মমতা কুলকার্নি	(বি) জুহি চাওলা
(সি) উর্মিলা মাতন্ডকর	(ডি) শিল্পা শেট্টী

সঠিক উত্তরঃ- (সি) উর্মিলা মাতন্ডকর।

প্রশ্ন (২) ঃ— ' হোয়াইট হাউসে '-এ বর্তমানে কে বসবাস করছেন ?

অপশনস্—

(এ) বিল গ্যাটস	(বি) জর্জ ডাব্‌লু বুশ
(সি) মাইকেল জেকসন	(ডি) বিল ক্লিন্টন

সঠিক উত্তরঃ- (বি) জর্জ ডাব্‌লু বুশ।

প্রশ্ন (৩) ঃ— এর মধ্যে কোন্ খেলোয়াড় টেস্ট ক্রিকেটে ভারতের প্রতিনিধিত্ব করছেন ?

অপশনস্—

(এ) রজার হার্পার	(বি) রজার বনিস্টার
(সি) রজার বিন্নি	(ডি) রজার মিলান

সঠিক উত্তরঃ- (সি) রজার বিন্নি।

প্রশ্ন (৪) ঃ— নীচের কোন্ গ্যাসটি ' গ্রীন হাউস ' প্রভাবের মুখ্য কারণ ?

অপশনস্—

(এ) অক্সিজেন	(বি) কার্বন ডাই অক্সাইড
(সি) হাইড্রোজেন	(ডি) নাইট্রোজেন

সঠিক উত্তরঃ-　(বি)　কার্বন ডাই অক্সাইড।

প্রশ্ন (৫) ঃ— ' হরভজন সিং মান ' কে কোন্ ক্ষেত্রে দেখা যায় ?

অপশনস্—

(এ) হকি	(বি) সংগীত
(সি) ক্রিকেট	(ডি) বিজ্ঞান

সঠিক উত্তরঃ-　(বি)　সংগীত।

প্রশ্ন (৬) ঃ— সাধারণতঃ প্লাস্টিক কোন্ জিনিস থেকে তৈরী করা হয় ?

অপশনস্—

(এ) অপরিশোধিত তেল	(বি) কাঠের গুড়ো
(সি) সমুদ্র মাছ	(ডি) প্রাণীর হাড়

সঠিক উত্তরঃ-　(এ)　অপরিশোধিত তেল।

এখানে জনতার রায় এ-তে ৭৮ শতাংশ পেয়ে শুদ্ধ উত্তর দেন।

প্রশ্ন (৭) ঃ— কোন্ অভিনেত্রীর মোমবাতী তৈরীর কারখানার নাম ছিল 'The Farmetree'?

অপশনস্—

(এ) অমৃতা সিং	(বি) ডিমপল কপাডিয়া
(সি) ওয়াহিদা রহমান	(ডি) মুনমুন সেন

সঠিক উত্তরঃ-　(বি)　ডিমপল কপাডিয়া।

প্রশ্ন (৮) ঃ— এর মধ্যে কে নিজের পিতা জীবিত থাকতেই মোঘল সম্রাট হয়েছিলেন ?

অপশনস্—

(এ) আকবর	(বি) বাবর
(সি) জাহাঙ্গীর	(ডি) ঔরঙ্গজেব

সঠিক উত্তরঃ-　(ডি)　ঔরঙ্গজেব।

প্রশ্ন (৯) ঃ— কোন্ অধ্যয়ণকে 'Osteology' বলা হয় ?

অপশনস্—

(এ) দন্ত	(বি) অস্থি
(সি) চর্ম	(ডি) নয়ন

সঠিক উত্তরঃ-　(বি)　অস্থি।

প্রশ্ন (১০) ঃ— পৃথক পৃথক হিন্দী ছবিতে ' আকবর ' আলেকজাণ্ডার এবং 'পুরু'র ভূমিকায় কে অভিনয় করেছেন ?

অপশনস্—

(এ) শিবাজী গণেশন	(বি) কে.এল.সাইগল
(সি) পৃথ্বীরাজ কাপুর	(ডি) মহিপাল

সঠিক উত্তরঃ- (সি) পৃথ্বীরাজ কাপুর। এরই মাঝে খেলার সমাপ্তি হয়ে গেল।

৫ই জুন,২০০১ইং

ক্যাবল লাইন আউট থাকায় ৯.৩৫ পর্যন্ত পূর্ব নির্বাচিত অনুপমা তেওয়ারীর ৭নং প্রশ্ন পর্যন্ত দেখা হল না।

প্রশ্ন (৮) ঃ— ১৯১৩ সালে 'গদর পার্টির' গঠন কোন্ শহরে হয়েছিল ?

অপশনস্—

(এ) সান ফ্রানসিসকো	(বি) লস এ্যাঞ্জেল্স
(সি) চিকাগো	(ডি) নিউ ইয়র্ক

সঠিক উত্তরঃ- (এ) সান ফ্রানসিসকো।

প্রশ্ন (৯) ঃ— AITUC কোন্ রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত ?

অপশনস্—

(এ) বি.জে.পি	(বি) সি.পি.আই
(সি) কংগ্রেস আই	(ডি) আর.এস.পি

সঠিক উত্তরঃ- (বি) সি.পি.আই।

উত্তর জানা না থাকায় ৮০,০০০ নিয়ে খেলা ছেড়ে দেন।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

এই প্রাণীগুলোর জীবন সীমা কম থেকে বেশী হিসেবে সাজিয়ে লিখ।

অপশনস্—

(এ) অ্যান্ট	(বি) স্কুইরেল
(সি) টারটেল	(ডি) সিম্পাঞ্জী

সঠিক ক্রম হল— ১. (এ) অ্যান্ট
২. (বি) স্কুইরেল
৩. (ডি) সিম্পাঞ্জী
৪. (সি) টারটেল

৯ জনে শুদ্ধ উত্তর করেন ৮ জন। এদের থেকে হট সীটে বসেন হায়দরাবাদের ডি. গোপাল কৃষ্ণ। তাকে যে যে প্রশ্ন করা হয়, সেগুলো হল —

প্রশ্ন (১) ঃ— ট্রাফিক আইন অনুসারে ভারতে একটি স্কুটারে একসঙ্গে কতজন চলতে পারে?

অপশনস্—

(এ) ১ জন	(বি) ২ জন
(সি) ৩ জন	(ডি) ৪ জন

সঠিক উত্তরঃ- (বি) ২ জন।

প্রশ্ন (২) ঃ— 'হাম আপকে হেয় কৌন' ছবিতে নিশার ভূমিকায় কে অভিনয় করেছেন?

অপশনস্

(এ) মাধুরী দীক্ষিত	(বি) রেনুকা শর্মা
(সি) করিশমা কাপুর	(ডি) সোনালী বেন্দ্রে

সঠিক উত্তর ঃ- (এ) মাধুরী দীক্ষিত।

এখানে জনতার রা এ-তে ৮৮ শতাংশ পেয়ে শুদ্ধ উত্তর করেন।

প্রশ্ন (৩) ঃ— মিলখা সিং-এর পুত্র কোন্ খেলার সাথে যুক্ত?

অপশনস্

(এ) অ্যাথলেটিক্স	(বি) গলফ
(সি) হকি	(ডি) ব্যাডমিন্টন

সঠিক উত্তর ঃ- (বি) গলফ।

ফোন অব ফ্রেন্ড-এ উত্তর দেওয়ার সাথে সাথেই খেলা শেষ হল।

৬ই জুন, ২০০১ ইং

প্রশ্ন (৪) ঃ— টিভি ধারাবাহিক 'ফ্লপ শো'তে মুখ্য ভূমিকায় কে অভিনয় করেন?

অপশনস্

(এ) সতীশ শাহ	(বি) টিকু তালসানিয়া
(সি) রাকেশ বেদী	(ডি) যশপাল ভাট্টি

সঠিক উত্তর ঃ- (ডি) যশপাল ভাট্টি।

এখানে জনতার রায় ডি-তে ৯৫ শতাংশ পেয়ে সমাধান করেন।

প্রশ্ন (৫) ঃ— ১ কিলোগ্রাম কুইন্টালের কত শতাংশ হয়?

অপশনস্

(এ) ১ শতাংশ	(বি) ১০ শতাংশ
(সি) ১০০ শতাংশ	(ডি) ১০০০ শতাংশ

সঠিক উত্তর ঃ- (এ) ১ শতাংশ।

প্রশ্ন (৬) ঃ— আগামী লীপ ইয়ার কখন হবে?

অপশনস্

(এ) ২০০২ সালে	(বি) ২০০৪ সালে
(সি) ২০০৬ সালে	(ডি) ২০৪৮ সালে।

সঠিক উত্তর ঃ- (বি) ২০০৪ সালে।

প্রশ্ন (৭) ঃ— *Vampire bats* - এর প্রিয় খাবার কি?

অপশনস্

(এ) ফল	(বি) ফুল
(সি) মধু	(ডি) রক্ত

সঠিক উত্তর ঃ- (ডি) রক্ত।

প্রশ্ন (৮) ঃ— শারজায় ক্রিকেট ম্যাচ দেখতে হলে কোন্ দেশে যেতে হবে?

অপশনস্

(এ) সৌদি আরব	(বি) ইউ. এ. ই.
(সি) ওমান	(ডি) কাতার

সঠিক উত্তর ঃ- (বি) ইউ. এ. ই।

প্রশ্ন (৯) ঃ— ২০০১ সালে বঙ্গারুলক্ষ্মণের ঠিক পরে ভারতীয় জনতা পার্টির সভাপতি কে ছিলেন?

অপশনস্

(এ) এম. এম. যোশী	(বি) কলরাজ মিশ্র
(সি) এল. কে. আদবানী	(ডি) জনা কৃষ্ণমূর্ত্তি

সঠিক উত্তর ঃ- (ডি) জনা কৃষ্ণমূর্ত্তি।

ক্যাবল নাই চলে যায়। পরক্ষণেই ছবি আসায় প্রথম প্রার্থী বাছাই চলছে।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

● ভারতের এই পর্বত শহরগুলো উত্তর দিক থেকে দক্ষিণ দিকের হিসেবে লিখ।

অপশনস্

(এ) সিমলা	(বি) পহেলগাঁও
(সি) দার্জিলিং	(ডি) উটি

সঠিক ক্রম হল ঃ— ১. (বি) পহেলগাঁও
২. (এ) সিমলা
৩. (সি) দার্জ্জিলিং
৪. (ডি) উটি

১০ জনে শুদ্ধ করেন ৩ জন। এদের মধ্যে হট সীটে বসেন ধানবাদের শুভরঞ্জন দাস তাঁর পরের প্রশ্নগুলো হচ্ছে—

প্রশ্ন (১) ঃ— প্রবাদ মতে কোন ব্যক্তি নিজের পায়ে কি মেরে ক্ষতি করতে পারে?

অপশনস্

(এ) গুলী	(বি) তলোয়াড়
(সি) হাতুড়ী	(ডি) কুঠারী

সঠিক উত্তর ঃ- (ডি) কুঠারী।

প্রশ্ন (২) ঃ— কোন্ অভিনেত্রীর ডাক নাম 'বেবু'?

অপশনস্

(এ) কাজল	(বি) জুহি চাওলা
(সি) করীণা কাপুর	(ডি) উর্মিলা

সঠিক উত্তর ঃ- (সি) করীণা কাপুর।

প্রশ্ন (৩) ঃ— সমবাহু ত্রিভুজের কয়টি সমকোণ থাকে?

অপশনস্

(এ) ০টি	(বি) ১টি
(সি) ২টি	(ডি) ৩টি

সঠিক উত্তর ঃ- (এ) ০টি।

প্রশ্ন (৪) ঃ— শ্রীরাম দ্বারা সীতা পরিত্যক্ত হবার পর কোথায় আশ্রয় নেন?

অপশনস্

(এ) বিশ্বামিত্র আশ্রমে	(বি) বাল্মীকি আশ্রমে
(সি) অগস্ত্য আশ্রমে	(ডি) গৌতম আশ্রমে

সঠিক উত্তর ঃ- (বি) বাল্মীকি আশ্রমে।

প্রশ্ন (৫) ঃ— EU-এর পুরো অর্থ কি?

অপশনস্

(এ) Egyptian Union	(বি) Eskimo Union
(সি) Eccentries Union	(ডি) Europian Union

সঠিক উত্তর ঃ- (ডি) Europian Union.

প্রশ্ন (৬) ঃ— ফিল্ম 'চোরি চোরি'-তে 'আজা সনম' সংগীতটি রাজকাপুর কোন্ অভিনেত্রীর জন্য গেয়েছেন?

অপশনস

(এ) পদ্মিনী	(বি) নার্গিস
(সি) বৈজয়ন্তীমালা	(ডি) নূতন

সঠিক উত্তর ঃ- (বি) নার্গিস।

প্রশ্ন (৭) ঃ— ৯ম লোকসভার কোন্ সাংসদ কখনো লোকসভার কাজে অংশগ্রহণ করেন নি?

অপশনস্

(এ) উমা ভারতী	(বি) ফুলন দেবী
(সি) সিমরানজিৎ সিং মান	(ডি) মায়াবতী

সঠিক উত্তর ঃ- (সি) সিমরানজিৎ সিং মান।

৫০ ঃ ৫০ তে এ ও ডি-কে অদৃশ্য করে উত্তর দেন।

প্রশ্ন (৮) ঃ— কোন্ নেতা ২৭ বছর কারাবাসের পর নিজের দেশের প্রেসিডেন্ট হন?

অপশনস্

(এ) ইয়াসের আরাফত	(বি) জুলফিকার আলী ভুট্টো
(সি) নেলসন ম্যান্ডেলা	(ডি) মুজিবর রহমান

সঠিক উত্তর ঃ- (সি) নেলসন ম্যান্ডেলা।

এরই সঙ্গে আজ রাতের খেলার সমাপ্তি ঘোষিত হয়।

১১ই জুন, ২০০১ ইং

বিদ্যুৎ বিভ্রাটের জন্য ৯.৫৫ মিনিট পর্যন্ত খেলা দেখা হল না। বিদ্যুৎ এলে শেষ নির্বাচন ক্রিয়াকে হাতছাড়া করিনি।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

⭘ এই সকল ব্যক্তিদের পদ মর্যাদা অনুযায়ী উচ্চ পদ থেকে নিম্নপদ অনুযায়ী লিখ।

অপশনস্

(এ) মুখ্যমন্ত্রী	(বি) প্রধানমন্ত্রী
(সি) লোকসভার সদস্য	(ডি) বিধানসভার সদস্য

সঠিক ক্রম হল ঃ— ১. (বি) প্রধানমন্ত্রী

২. (এ) মুখ্যমন্ত্রী

৩. (সি) লোকসভার সদস্য

৪. (ডি) বিধানসভার সদস্য

৯ জনে ৬ জন শুদ্ধ উত্তর করেন। এর মধ্যে খেলার যোগ্যতা অর্জন করেন ব্যাঙ্গালোরের মনিকা পিড়গাল। তাঁর প্রশ্ন শুরু হবার পূর্বেই হুটারের শব্দে রাতের খেলা সমাপ্ত হয়।

১২ই জুন, ২০০১ ইং

স্ব-ভাষ্য ঃ- আমাদের সর্বশ্রেষ্ঠ সম্পদ হল মানব জীবন। এই জীবন একদিন বিনষ্ট হবেই। জীবনের উদ্দেশ্য কেবল শ্বাস-প্রশ্বাস নেওয়া নয়। এর মানে হল, শ্বাস-প্রশ্বাসের সঙ্গে নতুন চিন্তা-চেতনা উদ্দেশ্য উদয় হওয়া হৃদয়ের প্রতিটি স্পন্দন জীবনের ছন্দ দান করে। কিন্তু জীবনের স্পন্দন হল সফলতার সঙ্গে মানসিক ছন্দ। মানসিক ছন্দে যদি শক্তি সঞ্চালিত হয়, তবে সব সমস্যার সুষ্ঠু সমাধান করা যায়। আমাদের শিরা-ধমণীতে শুধু রক্ত প্রবাহিত হয় না, বরং এর সঙ্গে শক্তি ও সাহস সঞ্চালিত হল। এতে পদক্ষেপে উদ্দেশ্য, চোখে লক্ষ্য, মনে উপলব্দি, বাহুতে কর্ম, বুদ্ধিতে ধাড় ইত্যাদি উদয় হয়। উত্তম বিচারের মানুষই শ্রেষ্ঠ। ভাবহীন, বিচারহীন, বুদ্ধিহীন, হৃদয়হীন, লক্ষ্যহীন, কর্মহীন মানুষ শতবর্ষ জীবিত থাকলেও কর্মী মানুষের নিকট মূল্যহীন। চলার পথে বাধাকে বুদ্ধি দ্বারা, কর্ম দ্বারা অতিক্রম করার নামই জীবন। আত্ম কাজের ফাঁকে অপরের কাজে হাত বন্টনও জীবনের এক ছন্দ। সব ছন্দের মিলনই মহাজীন।

প্রশ্ন (১) ঃ— কোন্ খেলায় এক বল দ্বারা অপর বলকে আঘাত করা হয়?

অপশনস্

(এ) স্কোয়াশ	(বি) ফুটবল
(সি) টেনিস	(ডি) স্নুকার

সঠিক উত্তর ঃ- (ডি) স্নুকার।

প্রশ্ন (২) ঃ— সৈনিক সম্মান PVC-র মধ্যে 'V' অক্ষরের অর্থ কি?

অপশনস্

(এ) Vijoy	(বি) Veer
(সি) Vivek	(ডি) Veerata

সঠিক উত্তর ঃ- (বি) Veer.

প্রশ্ন (৩) ঃ— মিস ইউনিভার্স খেতাব লাভকারী ভারতের শেষ বিজয়িনী কে?

অপশনস্

(এ) সুস্মিতা সেন	(বি) সেলিনা জেটলী
(সি) ডায়না হেডেন	(ডি) লারা দত্ত

সঠিক উত্তর ঃ- (ডি) লারা দত্ত।

প্রশ্ন (৪) ঃ— যোগাসনের মধ্যে 'পদ্মাসন' এর মধ্যে কোন্‌টি?

অপশনস্

(এ) শুয়ে থাকা	(বি) দুই পা ক্রশ করে বসা
(সি) উপর-নীচ দাঁড়ানো	(ডি) পায়ের উপর দাঁড়ানো

সঠিক উত্তর ঃ- (বি) দুই পা ক্রশ করে বসা।

প্রশ্ন (৫) ঃ— হিন্দী প্রবাদ মতে আম কে আম হলে, কোন্‌টি দাম সম্পর্কীত?

অপশনস্

(এ) চিল্কা	(বি) দাড়ি
(সি) পাতে	(ডি) গুট্‌লী

সঠিক উত্তর ঃ- (ডি) গুট্‌লী।

প্রশ্ন (৬) ঃ— ১৯৭৪ সালের ফিল্ম Badhti Ka Nam Dahri-এর নির্দেশক কে ছিলেন?

অপশনস্

(এ) মহম্মদ রফি	(বি) কিশোর কুমার
(সি) মুকেশ	(ডি) মান্না দে

সঠিক উত্তর ঃ- (বি) কিশোর কুমার।

প্রশ্ন (৭) ঃ— হিন্দু মান্যতা অনুসারে দেবতাদের চিকিৎসক কে ছিলেন?

অপশনস্

(এ) ধন্বন্তরি	(বি) পরাশর
(সি) বাল্মীকি	(ডি) বেদ ব্যাস

সঠিক উত্তর ঃ- (এ) ধন্বন্তরি।

তিনি ভুল উত্তর ডি-বলায় ১০,০০০ নিয়ে হট সীট ত্যাগ করেন।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

● এই প্রসিদ্ধ মহিলাদের আগমন প্রথম থেকে শেষ ক্রমানুসারে সাজিয়ে লিখ।

অপশনস্

(এ) সারোজিনী নাইডু	(বি) রানী লক্ষ্মী বাঈ
(সি) আম্রপালী	(ডি) মীরা বাঈ

সঠিক ক্রম হল — ১. (ক্যাবল লাইন আউট)

ছবি এলে হট সীটে দেখা গেল মনিশ আগরওয়ালকে। তাঁর প্রশ্নগুলো হল —

প্রশ্ন (১) ঃ— কোন্ অভিনেতার ডাক নাম 'কাকা'?

অপশনস্

(এ) অশোক কুমার	(বি) রাজেশ খান্না
(সি) বিনোদ খান্না	(ডি) ধর্মেন্দ্র

সাঠক ডত্তর ঃ- (বি) রাজেশ খান্না।

প্রশ্ন (২) ঃ— কোন্ মূল্যবান পাথরকে মহিলাদের বন্ধু বলা হয়?

অপশনস্

(এ) রুবি	(বি) ডায়মন্ড
(সি) পার্ল	(ডি) টুম্পেজ

সঠিক উত্তর ঃ- (ডি) ডায়মন্ড।

প্রশ্ন (৩) ঃ— (আবার ক্যাবল লাইন চলে যাওয়ায় ৩ থেকে ৫ প্রশ্ন দেখা হয় নি)।

প্রশ্ন (৬) ঃ— সাধারণত: তৃতীয় শ্রেণীর স্লিপার রেলওয়ে কম্পার্টমেন্টে এর মধ্যে কোন্ সংখ্যার কামড়া থাকে না?

অপশনস্

(এ) ১৩ নং	(বি) ৭২ নং
(সি) ৭৪ নং	(ডি) ০ নং

সঠিক ডত্তর ঃ- (সি) ৭৪ নং।

প্রশ্ন (৭) ঃ— পৃথক পৃথক শহরে ৪ বার গ্রীষ্ম অলিম্পিক আয়োজনকারী একমাত্র দেশ কোন্‌টি?

অপশনস্

(এ) ফ্রান্স	(বি) গ্রীস
(সি) অষ্ট্রেলিয়া	(ডি) আমেরিকা

সঠিক উত্তর ঃ- (ডি) আমেরিকা।

প্রশ্ন (৮) ঃ— Balraj, my brother এই আত্মজীবনী বইটির লেখক কে?

অপশনস্

(এ) ভীষম সাহানী	(বি) শশী কাপুর
(সি) রাজেশ পাইলট	(ডি) অমৃতা প্রীতম

সঠিক উত্তর ঃ- (এ) ভীষম সাহানী। ভুল ডি-বলায় ১০,০০০ নিয়ে ফিরে যান

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

০ শহরের এই পিনকোডগুলো উত্তর দিক থেকে দক্ষিণের কোড হিসেবে লিখ।

অপশনস্

(এ) ৭০০০০১	(বি) ১১০০০১
(সি) ৪০০০০১	(ডি) ৬০০০০১

সঠিক ক্রম হল ঃ— ১. (বি) ১১০০০১

২. (এ) ৭০০০০১

৩. (সি) ৪০০০০১

৪. (ডি) ৬০০০০১

৯ জনে শুদ্ধ ক্রম করেন ২ জন। ২ থেকে হট সীটে খেলেন ব্যাঙ্গালোরের আনন্দ কে। তাঁর পরের প্রশ্নগুলো হল —

প্রশ্ন (১) ঃ— ক্রিকেট খেলোয়াড় কয়টি বলে একটি হেট্রিক করতে পারেন?

অপশনস্

(এ) ২টি	(বি) ৪টি
(সি) ৩টি	(ডি) ৬টি

সঠিক উত্তর ঃ- (সি) ৩টি।

প্রশ্ন (২) ঃ — সাধারণত: আমরা গাজরের কোন্ অংশ খেয়ে থাকি?

অপশনস্

(এ) স্টীম	(বি) রুট
(সি) লীফ	(ডি) ফ্লাওয়ার

সঠিক উত্তর ঃ- (বি) রুট।

প্রশ্ন (৩) ঃ— লোকপ্রিয় সংগীত 'থোরিসি তু লিফট করা দে' কে গেয়েছেন?

অপশনস্

(এ) শান্	(বি) সনু নিগম
(সি) আদনান স্বামী	(ডি) শঙ্কর মহাদেবন

সঠিক উত্তর ঃ- (সি) আদনান স্বামী।

প্রশ্ন (৪) ঃ— এর মধ্যে কোন্ বাগান রাষ্ট্রপতি ভবনের সামনে অবস্থিত?

অপশনস্

(এ) হেঙ্গিং গার্ডেন	(বি) শালিমার বাগ
(সি) লোদী গার্ডেন	(ডি) মোঘল গার্ডেন

সঠিক উত্তর ঃ- (ডি) মোঘল গার্ডেন।

প্রশ্ন (৫) ঃ— থার্মোমিটারে তাপমাত্রা সূচিত করার জন্য কোন্‌টি ব্যবহৃত হয়?

অপশনস্

(এ) আয়োডিন	(বি) হিলিয়াম
(সি) ক্রোমিয়াম	(ডি) মার্কারী

সঠিক উত্তর ঃ- (ডি) মার্কারী।

প্রশ্ন (৬) ঃ— ফিল্ম 'মেরা নাম জোকার'-এ রাজুর বাল্য অভিনয় কে করেছেন?

অপশনস্

(এ) রণধীর কাপুর	(বি) ঋষি কাপুর
(সি) অনিল কাপুর	(ডি) রাজীব কাপুর

সঠিক উত্তর ঃ- (বি) ঋষি কাপুর।

প্রশ্ন (৭) ঃ— যীশু খ্রীষ্টের জন্ম কোন্ মহাদেশে হয়েছিল?

অপশনস্

(এ) ইউরোপ	(বি) আফ্রিকা
(সি) উত্তর আমেরিকা	(ডি) এশিয়া

সঠিক উত্তর ঃ- (ডি) এশিয়া। হুটারের শব্দে খেলা এখানেই সমাপ্ত হয়।

১৩ই জুন, ২০০১ ইং

আজ হচ্ছে ইংল্যান্ড স্পেশাল এপিসোড।

স্ব-ভাষ্য ঃ—মানুষ সাফল্যের খুঁজে আজ বিদেশ যাত্রায় মেতে উঠেছে। মানুষ যেখানেই জীবিকার জন্য যাক না কেন, তাদের মন থাকে মাতৃভূমির দিকেই। আপন দেশের মাটি, হাওয়া, জনতা, সভ্যতা, সংস্কৃতি সবই আকৃষ্ট করে। বিদেশে যতই অর্থ সম্পদে বড় হোক না কেন, তাদের অন্তরাত্মা তাকিয়ে থাকে দেশের দিকেই। তাই দেশে আসার সুযোগ এলেই হাতছাড়া করেন না প্রবাসীগণ। আজ স্পেশাল এপিসোডে দেশের মাটিতেএসে স্বল্প সময়ের জন্য খেলায় একাত্ম হবার সুযোগ পাচ্ছেন ইংল্যান্ডের ভারতীয় প্রবাসীরা। দর্শক হিসেবে আমরাও তাদের দেখে আনন্দিত।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

● এই স্মারকগুলি তাদের নির্মাণ ক্রিয়া প্রথম থেকে শেষ ক্রমানুসারে লিখ।

অপশনস্

(এ) রাষ্ট্রপতি ভবন	(বি) মিলেনিয়াম গম্বুজ
(সি) আইফেল টাওয়ার	(ডি) ঈজিপ্টের পিরামিড

সঠিক ক্রম হল ঃ— ১. (ডি) ঈজিপ্টের পিরামিড
২. (সি) আইফেল টাওয়ার
৩. (এ) রাষ্ট্রপতি ভবন
৪. (বি) মিলেনিয়াম গম্বুজ

১০ জনে শুদ্ধ ক্রম করেন ৪ জন। এদের থেকে হট সীটে খেলেন লন্ডনের ক্যানেথ রবিনসন কুইলো। তাকে যে যে প্রশ্ন করা হয়, সেগুলো হল —

প্রশ্ন (১) ঃ— এর মধ্যে কোন্ আরবী শব্দের অর্থ 'যদি আল্লার ইচ্ছা হয় তু'?

অপশনস্

(এ) সুভানাল্লা	(বি) ইন্‌শাল্লা
(সি) মাশাল্লা	(ডি) বিসমিল্লা

সঠিক উত্তর ঃ- (বি) ইন্‌শাল্লা।

প্রশ্ন (২) ঃ— এর মধ্যে কোন্‌টি Byte-এর উচিত ব্যাখ্যা করে?

অপশনস্

(এ) Computer Memory Unit	(বি) Picec of cake
(সি) Food Poisoining	(ডি) A Type of Bird

সঠিক উত্তর ঃ- (এ) Computer Memory Unit.

প্রশ্ন (৩) ঃ— নীচের কোন্‌টি ৩৬৫ দিনে সূর্যকে একবার প্রদক্ষিণ করে?

অপশনস্

(এ) শনি	(বি) বৃহস্পতি
(সি) পৃথিবী	(ডি) নেপচুন

সঠিক উত্তর ঃ- (সি) পৃথিবী।

এখানে জনতার রায় সি-তে ৯০ শতাংশ পেয়ে উত্তর দেন।

প্রশ্ন (৪) ঃ— নীচের কোন্ ক্ষেত্রে শব্দ RIP ব্যবহার করা হয়?

অপশনস

(এ) গেইট	(বি) সমাধি প্রস্তর
(সি) মেডেল	(ডি) ফ্লেগ

সঠিক উত্তর ঃ- (বি) সমাধি প্রস্তর।

প্রশ্ন (৫) ঃ— কোন্ ফিল্ম সংগীতে শ্রীদেবীকে 'হাওয়া হাওয়াই' রূপে দেখা যায়?

অপশনস্

(এ) মি. ইন্ডিয়া	(বি) চালবাজ
(সি) চাঁদনী	(ডি) জুদাই

সঠিক উত্তর ঃ- (এ) মি. ইন্ডিয়া।

প্রশ্ন (৬) ঃ— ইংলিশ চ্যানেল অতিক্রমকারী প্রথম ভারতীয় কে?

অপশনস্

(এ) মিহির সেন	(বি) তারানাথ সিনয়
(সি) অনিতা সুদ	(ডি) খাজান সিং

সাঠক উত্তর ঃ- (এ) মিহির সেন।

প্রশ্ন (৭) ঃ— বাংলাদেশে বর্তমানে কোন্ রাজনৈতিক দল শাসন ক্ষমতায় আছে?

অপশনস্

(এ) জাতীয় পার্টি	(বি) বি. এন. পি.
(সি) আওয়ামী লীগ	(ডি) জাতীয় আওয়ামী লীগ

সঠিক উত্তর ঃ- (সি) আওয়ামী লীগ। ফোন অব ফ্রেন্ড-এ এর সমাধান করেন

প্রশ্ন (৮) ঃ— নিউজ এজেন্সী AP এর মধ্যে 'A' অক্ষরের অর্থ কি?

অপশনস্

(এ) Atlantic	(বি) Allied
(সি) Associated	(ডি) Authentic

সঠিক উত্তর ঃ- (সি) Associated.

প্রশ্ন (৯) ঃ— ভারতে এখন পর্যন্ত কয়টি সাধারণ নির্বাচন হয়েছে?

অপশনস্

(এ) ১১টি	(বি) ১২টি
(সি) ১৩টি	(ডি) ১৪টি

সঠিক উত্তর ঃ- (সি) ১৩টি।

৫০ ঃ ৫০ তে বি ও ডি অদৃশ্য করে শুদ্ধ উত্তর করেন।

প্রশ্ন (১০) ঃ— নীচের কোন্ ফিল্মের নির্দেশক একজন প্রখ্যাত শিশু রোগ বিশেষজ্ঞ করেছিলেন?

অপশনস্

(এ) The Making Mahatma	(বি) Dr. Baba Saheb Ambedkar
(সি) Ustav	(ডি) Maya Memsaab

সঠিক উত্তর ঃ- (বি) Dr. Baba Saheb Ambedkar.

উত্তরে ভুলের সম্ভাবনা থাকায় ১,৬০,০০০ নিয়ে খেলা ছেড়ে দেন।

তীয় নির্বাচনী প্রশ্ন —

● উত্তর দিকের রেলওয়ে স্টেশন থেকে দক্ষিণ দিকের স্টেশন ক্রম হিসাবে লিখ।

অপশনস্

(এ) হাওড়া	(বি) মুম্বাই সেন্ট্রাল
(সি) হজরত নিজামুদ্দীন	(ডি) চেন্নাই সেন্ট্রাল

সঠিক ক্রম হল ঃ— ১. (সি) হজরত নিজামুদ্দীন
২. (এ) হাওড়া
৩. (বি) মুম্বাই সেন্ট্রাল
৪. (ডি) চেন্নাই সেন্ট্রাল

৯ জনে শুদ্ধ ক্রম করেন ২ জন। এদের মধ্যে হট সীটে বসেন লন্ডনের সুভাষ রাজ দাসুপ। তাকে যে প্রশ্ন করা হয়, তা হল —

প্রশ্ন (১) ঃ— এর মধ্যে কোন্‌টি তা বাদ্যযন্ত্র নহে?

অপশনস্

(এ) সরোদ	(বি) সেতার
(সি) সানাই	(ডি) সন্তোর

সঠিক উত্তর ঃ- (সি) সানাই।

প্রশ্ন (২) ঃ— এর মধ্যে কোন্‌টি Goatte-কে প্রথমে মনে করিয়ে দেয়?

অপশনস্

(এ) ফিমেল গোট	(বি) মেল গোট
(সি) শর্ট বিয়ার্ড	(ডি) টেডী বিয়ার্ড

সঠিক উত্তর ঃ- (সি) শর্ট বিয়ার্ড।

প্রশ্ন (৩) ঃ— নীচের কোন্‌টি আয়ারল্যান্ড এবং ইংল্যান্ডের মাঝে বড় বদ্বীপ?

অপশনস্

(এ) Isle of women	(বি) Isle of man
(সি) Isle of girl	(ডি) Isle of Boy

সঠিক উত্তর ঃ- (বি) Isle of man.

প্রশ্ন (৪) ঃ—'এক লেড়কী কো দেখা তো অ্যায়সা লাগা' সংগীত অনিল কাপুর কোন্ মেয়েকে দেখে এই সংগীতটি করেছিলেন?

অপশনস্

(এ) মাধুরী দীক্ষিত	(বি) মণীষা কৈরালা
(সি) উর্মিলা মাতণ্ডকর	(ডি) জুহি চাওলা

সঠিক উত্তর ঃ- (বি) মণীষা কৈরালা।

প্রশ্ন (৫) ঃ— এক ব্যক্তি হঠাৎ পড়ে গিয়ে স্মৃতি লোপ পেলে তাকে কি বলা হয়?

অপশনস্

(এ) ইনারটিয়া	(বি) অ্যাম্‌নেসিয়া
(সি) নৌসিয়া	(ডি) ফোবিয়া

সঠিক উত্তর ঃ- (বি) অ্যাম্‌নেসিয়া।

প্রশ্ন (৬) ঃ— এর মধ্যে কোন্ খেলার সামগ্রী সবচেয়ে হালকা থাকে?

অপশনস্

(এ) শট পাট	(বি) ডিসকাস
(সি) হ্যামার	(ডি) জ্যাভলিন

সঠিক উত্তর ঃ- (ডি) জ্যাভলিন।

৫০ ঃ ৫০ তে এ ও সি চলে যাবার পর সমাধান করেন।

প্রশ্ন (৭) ঃ— ১৯৭৫ সালে কোন্ অভিনেতাকে 'অর্ডার অব দ্যা ব্রিটিশ' সম্মানে ভূষিত করা হয়?

অপশনস্

(এ) শেখর কাপুর	(বি) সৈয়দ জাফরি
(সি) শশী কাপুর	(ডি) কামাল হাসান

সঠিক উত্তর ঃ- (বি) সৈয়দ জাফরি।

প্রশ্ন (৮) ঃ— কলকাতার ট্রামগাড়ী নীচের কোন্‌টি দ্বারা চালিত হয়?

অপশনস্

(এ) পেট্রল	(ডি) ডিজেল
(সি) বিদ্যুৎ	(ডি) বাষ্প

সঠিক উত্তর ঃ- (সি) বিদ্যুৎ।

ফোন অব ফ্রেন্ড-এ না হওয়ায় জনতার রায় সি-তে ৮০ শতাংশ পেয়ে সমাধান করেন।

প্রশ্ন (৯) ঃ— পাকিস্তানে প্রথম 'সৈনিক শাসন' কে চালু করেন?

অপশনস্

(এ) জিয়া-উল-হক	(বি) পারভেজ মুশারফ
(সি) আয়ুব খান	(ডি) ইয়াহিয়া খান

সঠিক উত্তর ঃ- (সি) আয়ুব খান।

তিনি ভুল উত্তর ডি-বলায় ১০,০০০ নিয়ে ফিরে আসেন। এর সঙ্গে রাতের খেলার সমাপ্তি হয়। ইংল্যান্ড এপিসোডে মোট ১,৭০,০০০ টাকা পুরস্কার দেওয়া হয়।

১৮ই জুন, ২০০১ ইং

আজ থেকে শুরু হচ্ছে কে. বি. সি. ফ্যামিলি স্পেশাল এপিসোড। কিন্তু প্রথম নির্বাচনী ক্রিয়া দেখা থেকে বঞ্চিত হলাম বিদ্যুৎহীনতায়।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

● এই সংখ্যাগুলোর মূল্য কম থেকে বেশী মূল্যরূপে লিখ।

অপশনস্

(এ) ০০৭	(বি) ৭০৭
(সি) ০৭৭	(ডি) ৭৭০

সঠিক ক্রম হল ঃ— ১. (এ) ০০৭
২. (সি) ০০৭
৩. (বি) ৭০৭
৪. (ডি) ৭৭০

৯ জুড়িতে ৭ জুড়ি শুদ্ধ ক্রম করেন। এদের মধ্যে হট সীটে খেলেন মুম্বাইয়ের অমৃতা সিং ও মন্মিতা বেহেল, তাদের যে যে প্রশ্নগুলো করা হয়, তা হল—

প্রশ্ন (১) ঃ— ইঞ্জিন ব্যাতীত উড়ন্ত বায়ুযানকে কি বলা হয় ?

অপশনস্

(এ) স্লাইডার	(বি) গ্লাইডার
(সি) ব্লাইন্ডার	(ডি) গ্রাইন্ডার

সঠিক উত্তর ঃ- (বি) গ্লাইডার।

প্রশ্ন (২) ঃ— কাল্পনিক 'আন্ধারী নগরী' বোঝানোর জন্য কোন্ শব্দ ব্যবহার করা হয় ?

অপশনস্

(এ) পোপট	(বি) চৌপট
(সি) নটখট	(ডি) ভুপট

সঠিক উত্তর ঃ- (বি) চৌপট।

প্রশ্ন (৩) ঃ— আধা সামরিক সংস্থা ITBP-এর মধ্যে 'T'-র অর্থ কি ?

অপশনস্

(এ) Tank	(বি) Tibetan
(সি) Treaty	(ডি) Thai

সঠিক উত্তর ঃ- (বি) Tibetan.

প্রশ্ন (৪) ঃ— দিনের কোন্ সময়কে 'গোধূলি' বলা হয় ?

অপশনস্

(এ) সকাল	(বি) বিকাল
(সি) সন্ধ্যা	(ডি) রাত্রি

সঠিক উত্তর ঃ- (সি) সন্ধ্যা।

তারা এটি সমাধান করেন ফোন অব ফ্রেন্ড-এর মাধ্যমে।

প্রশ্ন (৫) ঃ— ১৯৯০ সালের ফিল্ম 'অগ্নিপথ' এর মধ্যে Kancha cheena-র ভূমিকায় কে অভিনয় করেছেন ?

অপশনস

(এ) গোগা কাপুর	(বি) অনুপম খের
(সি) ডেনী ডেনজোপ্পা	(ডি) রাজা মুরাদ

সঠিক উত্তর ঃ- (সি) ডেনী ডেনজোপ্পা।

জনতার রায় সি-তে ৭৯ শতাংশ পেয়ে উত্তর সমাধান করেন তারা।

প্রশ্ন (৬) ঃ— স্থল সেনার কর্ণেল এবং মেজর জেনারেলের এর মাঝে কোন্ পদ আছে?

অপশনস্

(এ) লে. কর্ণেল	(বি) ব্রিগেডিয়ার
(সি) লে. জেনারেল	(ডি) জেনারেল

সঠিক উত্তর ঃ- (বি) ব্রিগেডিয়ার।

প্রশ্ন (৭) ঃ— ভারতের সবচেয়ে দক্ষিণের রেলওয়ে স্টেশন কোথায় অবস্থিত?

অপশনস্

(এ) কোচি	(বি) তিরুচুড়াপল্লী
(সি) কন্যাকুমারী	(ডি) রামেশ্বরম

সঠিক উত্তর ঃ- (সি) কন্যাকুমারী।

৫০ ঃ ৫০ তে এ ও বি অদৃশ্য হলে ভুল ডি বলায় ১০,০০০ নিয়ে ফিরে আসেন।

তৃতীয় নির্বাচনী প্রশ্ন —

⭘ নীচের জনযানগুলির যাত্রী সংখ্যা কম ধারণ ক্ষমতা থেকে বেশী যাত্রী সংখ্যা হিসেবে লিখ।

অপশনস্

(এ) বাস	(বি) ট্রেন
(সি) কার	(ডি) স্কুটার

সঠিক ক্রম হল ঃ— ১. (বি) স্কুটার
২. (সি) কার
৩. (এ) বাস
৪. (বি) ট্রেন

৮ জুড়ির মধ্যে ৭ জুড়িই উত্তর করেন। এর মধ্যে হট সীটে বসেন সীমা বাসীন এবং ৮০ বছরের বৃদ্ধা মোতিয়া রাণী সানী। তারা যে যে প্রশ্নের সম্মুখীন হন, সেগুলি হল —

প্রশ্ন (১) ঃ— বিবাহের কত বছর পর এক দম্পতি স্বর্ণজয়ন্তী পালন করে থাকে?

অপশনস্

(এ) ২৫ বছর	(বি) ৫০ বছর
(সি) ৭৫ বছর	(ডি) ১০০ বছর

সঠিক উত্তর ঃ- (বি) ৫০ বছর।

প্রশ্ন (২) ঃ— কোন্ ফিল্‌ম সাত ভাইয়ের কাহিনীর উপর করা হয়েছে?

অপশনস্

(এ) Saat Hindustani	(বি) Wosh Saat Din
(সি) Saat-o-Ashman	(ডি) Satta pe satta

সঠিক উত্তর ঃ- (ডি) Satta pe satta.

প্রশ্ন (৩) ঃ— বাস্কেট বল খেলায় দুই টীমে একত্রে কত জন খেলতে পারে?

অপশনস্

(এ) ১২ জন	(বি) ২২ জন
(সি) ১০ জন	(ডি) ১৬ জন

সঠিক উত্তর ঃ- (সি) ১০ জন।

প্রশ্ন (৪) ঃ— শরীরের কোন অংশের সাথে যুক্ত যমজকে কি বলা হয়?

অপশনস্

(এ) Japanese twins	(বি) Vienamese Twine
(সি) Siamese Twins	(ডি) Karean Twine

সঠিক উত্তর ঃ- (সি) Siamese Twins.

এখানে জনতার রায় সি-তে ৮৬ শতাংশ পেয়ে উত্তর দেন।

এরই সঙ্গে হুটারের শব্দে রাতের খেলার সমাপ্তি ঘোষিত হয়।

১৯শে জুন, ২০০১ ইং

প্রশ্ন (৫) ঃ— নির্দিষ্ট সময়ের পূর্বে অবসর নিতে ইচ্ছুক কর্মচারীরা কোন্ প্রকল্পের আওতায় অবসর নেন?

অপশনস্

(এ) গোল্ডেন সেকশন	(বি) গোল্ডেন হ্যান্ডশেক
(সি) গোল্ডেন ডিলিসিয়াস	(ডি) গোল্ডেন নাম্বার

সঠিক উত্তর ঃ- (বি) গোল্ডেন হ্যান্ডশেক।

প্রশ্ন (৬) ঃ— ১৯৬৯ সালে কোন্ মোঘল সম্রাট আগ্রা থেকে রাজধানী ফতেপুর সিক্রিতে স্থানান্তরিত করেন?

অপশনস্

(এ) জাহাঙ্গীর	(বি) আকবর
(সি) হুমায়ুন	(ডি) শাহজাহান

সঠিক উত্তর ঃ- (বি) আকবর।

এখানে এসে ভুল এ-বলায় ১০,০০০ নিয়ে চলে আসেন।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

⭘ নীচের আবিষ্কারগুলি প্রথম থেকে শেষ ক্রমানুসারে লিখ।

অপশনস্

(এ) এরোপ্লেন	(বি) ইলেকট্রিক বাল্ব
(সি) কমপ্যাক্ট ডিস্ক	(ডি) হুয়ীল

সঠিক ক্রম হল ঃ— ১. (ডি) হুয়ীল
২. (বি) ইলেকট্রিক বাল্ব
৩. (এ) এরোপ্লেন
৪. (সি) কমপ্যাক্ট ডিস্ক

১০ জুড়িতে শুদ্ধ করেন ৫ জুড়ি। এদের থেকে হট সীটে খেলেন মুম্বাইয়ের প্রেরণা এবং বিজয় চাওলা। তাদের পরের প্রশ্নগুলো হল —

প্রশ্ন (১) ঃ— নীচের কোন্‌টি এশিয়ার মরুভূমি?

অপশনস্

প্রশ্ন (৬) ঃ— ' মাউন্ট আবু ' কোন্ পর্বত শিখরে অবস্থিত ?

অপশনস্—

(এ) সাতপুরা	(বি) শিবালিক
(সি) আরাবল্লী	(ডি) বিন্দ্য

সঠিক উত্তরঃ- (সি) আরাবল্লী।

প্রশ্ন (৭) ঃ— ' Dadaji Kondev ' কোন্ রাজাকে বাল্যকালে শিক্ষা দিতেন ?

অপশনস্—

(এ) রাণা প্রতাপ	(বি) শিবাজী
(সি) কৃষ্ণ দেব রায়	(ডি) রঞ্জিৎ সিং

সঠিক উত্তরঃ- (বি) শিবাজী।

ভুল উত্তর সি-বলায় ১০,০০০ টাকায় ফিরেন।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

⊙ এই নেতাগণ যারা নিজের দেশের প্রধানমন্ত্রী প্রথমে হয়েছেন,তা থেকে শেষ ক্রমানুসারে লিখ।

অপশনস্—

(এ) মুজিবর রহমান	(বি) সিরিমাভো বন্দরনায়েক
(সি) অটল বিহারী বাজপেয়ী	(ডি) বেনজীর ভুট্টো

সঠিক ক্রম হল— ১. (বি) সিরিমাভো বন্দরনায়েক

২. (এ) মুজিবর রহমান

৩. (ডি) বেনজীর ভুট্টো

৪. (সি) অটল বিহারী বাজপেয়ী

শুদ্ধ উত্তর করেন ৯ জনে ৫ জন। এর মধ্যে হট সীটে খেলেন বিহারের রবীন্দ্র কুমার তার পরের প্রশ্নগুলো হল—

প্রশ্ন (১) ঃ— এর মধ্যে কোন্‌টি দূর সংবাদ চিত্রযন্ত্র বলে জানা যায় ?

অপশনস্—

(এ) সেল ফোন	(বি) টেলিফোন
(সি) ক্যালকুলেটর	(ডি) পেজার

সঠিক উত্তরঃ- (ডি) পেজার।

প্রশ্ন (২) ঃ— এর মধ্যে কোন্‌টি প্রায়ই Falooda-র সঙ্গে খাওয়া হয় ?

অপশনস্—

(এ) Kishmish	(বি) Kulfi
(সি) Kaddu	(ডি) Khakra

সঠিক উত্তরঃ- (বি) Kulfi. এখানে জনরায় ৮৪ শতাংশ ছিল।

প্রশ্ন (৩) ঃ— ' দুলারা ' ছবিতে কে প্যান্ট-শার্ট সম্পর্কে সেক্সী সংগীত করেছেন ?

অপশনস্—

(এ) গোবিন্দা	(বি) সালমান খান
(সি) অক্ষয় কুমার	(ডি) সৈয়দ আলী খান

সঠিক উত্তরঃ- (এ) গোবিন্দা।

প্রশ্ন (৪) ঃ— কম্পিউটরে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে এর মধ্যে কোন্‌টি প্রয়োগ হয় ?

অপশনস্—

(এ) CPU	(বি) PSU
(সি) SPU	(ডি) UPS

সঠিক উত্তরঃ- (ডি) UPS.

প্রশ্ন (৫) ঃ— ' মান্নার খাড়ি ' ভারতকে কোন্‌ দেশ থেকে পৃথক করেছে ?

অপশনস্—

(এ) বাংলাদেশ	(বি) শ্রীলঙ্কা
(সি) মায়ানমার	(ডি) ভূটান

সঠিক উত্তরঃ- (বি) শ্রীলঙ্কা।

প্রশ্ন (৬) ঃ— মহাভারতে শতবার ক্ষমাদান করার পর কৃষ্ণ কাকে বধ করেছিলেন ?

অপশনস্—

(এ) জরাসন্ধ	(বি) রুকমী
(সি) শিশুপাল	(ডি) শৈল্য

সঠিক উত্তরঃ- (সি) শিশুপাল।

ভুল উত্তর ডি-বলায় ১০,০০০ টাকায় ফিরে যান।

তৃতীয় নির্বাচনী প্রশ্ন —

● একটি প্রসিদ্ধ ভজনের এই শব্দগুলোকে প্রথম শব্দ থেকে শেষ শব্দ অনুযায়ী লিখ।

অপশনস্—

(এ) রাজা	(বি) রঘুপতি
(সি) রাম	(ডি) রাঘব

সঠিক ক্রম হল— ১. (বি) রঘুপতি
২. (ডি) রাঘব
৩. (এ) রাজা
৪. (সি) রাম

৮ জনে শুদ্ধ ক্রম করেন ৩ জন। এদের থেকে হট সীটে বসেন কর্নাটকের অরুন জে.ও। তাঁরপরের প্রশ্নগুলো হল—

প্রশ্ন (১) ঃ— এর মধ্যে কোন্‌টি পঞ্চ সংখ্যার সাথে সম্পর্কীত হয় ?

অপশনস্—

(এ) পাঞ্জাব	(বি) পঞ্চায়েত
(সি) পাতাল	(ডি) পাণ্ডব

সঠিক উত্তরঃ- (সি) পাতাল।

প্রশ্ন (২) ঃ— ২০০১ সালে উইম্বলডন চ্যাম্পিয়ানশীপ পুরুষ সিঙ্গেলস কে লাভ করেন?

অপশনস্—

(এ) আন্দ্রে আগাসী	(বি) বরীস ব্যাকার
(সি) লিয়েণ্ডার পেজ	(ডি) গোরাণ ইভানিসাভিস

সঠিক উত্তরঃ- (ডি) গোরাণ ইভানিসাভিস। এখানে রাতের খেলা শেষ।

৩০ শে জুলাই,২০০১ ইং

(এই এপিসোড থেকেই শুরু হচ্ছে ' কিসকে নাম ইনাম ' প্রক্রিয়া)

প্রশ্ন (৩) ঃ— মহাভারতে এর মধ্যে কার বিবাহ স্বয়ংবর সভায় হয়ছিল ?

অপশনস্—

(এ) অম্বা	(বি) দ্রৌপদী
(সি) রুক্ষ্মিণী	(ডি) রাধা

সঠিক উত্তরঃ- (বি) দ্রৌপদী।

প্রশ্ন (৪) ঃ— কোন্ প্রধানমন্ত্রী ' জয় জোয়াণ,জয় কিষাণ-এর সঙ্গে 'জয় জোয়াণ,জয় বিজ্ঞান' যুক্ত করেন ?

অপশনস্—

(এ) চরণ সিং	(বি) ইন্দিরা গান্ধী
(সি) লাল বাহাদুর শাস্ত্রী	(ডি) অটল বিহারী বাজপেয়ী

সঠিক উত্তরঃ- (ডি) অটল বিহারী বাজপেয়ী।

প্রশ্ন (৫) ঃ— এর মধ্যে কোন্ ক্ষেত্রে ' ইনস্যুলিন' ব্যবহার করা হয় ?

অপশনস্—

(এ) Heart Patient	(বি) Asthma Patient
(সি) Migraine Patient	(ডি) Diabetic Patient

সঠিক উত্তরঃ- (ডি) Diabetic Patient

প্রশ্ন (৬) ঃ— কোন্ নদীর তীরে হায়দরাবাদ শহর অবস্থিত ?

অপশমস্—

(এ) মোসী	(বি) কাবেরী
(সি) কৃষ্ণা	(ডি) নর্মদা

সঠিক উত্তরঃ- (এ) মোসী।

***প্রশ্ন (৭) ঃ— সুপ্রীম কোর্টের আদেশে প্রথম মহিলা রাজ্যপাল ফতিমা বিবিকে সম্প্রতি কোন্ রাজ্য থেকে বরখাস্ত করা হয় ?**

অপশনস্—

(এ) কর্নাটক	(বি) তামিল নাড়ু
(সি) কেরালা	(ডি) অন্ধ্র প্রদেশ

সঠিক উত্তরঃ- (বি) তামিল নাড়ু।

প্রশ্ন (৮) ঃ— ভারত কোন্ এশিয়া দেশের খেলায় অন্তিম স্বর্ণপদক পায় ?

অপশনস্—

(এ) ব্যাঙ্কক,৯৮	(বি) হিরোসীমা,৯৪
(সি) বেইজিং,৯০	(ডি) সিওল,৮৬

সঠিক উত্তরঃ- (এ) ব্যাঙ্কক,৯৮।

ভুল সি বলে ১০,০০০ নিয়ে ফিরেন।

প্রথম নির্বাচনী প্রশ্ন—

● এই পপ সংগীতগুলো প্রথম রিজিল থেকে সাজিয়ে লিখ।

অপশনস্—

(এ) Made in India	(বি) Ho Jayegi Balle Balle
(সি) Lift Kara De	(ডি) Disco Deewane

সঠিক ক্রম হল— ১. (ডি) Disco Deewane
২. (এ) Made in India
৩. (বি) Ho Jayegi Balle Balle
৪. (সি) Lift Kara De

শুদ্ধ ক্রম করেন ১০ জনে ৬ জন। এর মধ্যে হট সীটে খেলেন আহমেদাবাদের হরেশ গুরণানী। তাকে যে যে প্রশ্ন করা হয়,তা হল —

শুরু করার সঙ্গে সঙ্গে অন্ধকারের ছোবলে আহত হয়ে ৯.২৯ মিঃ পর্যন্ত বঞ্চিত হলাম বিদ্যুৎ এলে ' কিসকে নাম ইনাম ' প্রশ্ন শুরু হয় । প্রথম খেলোয়াড় নির্বাচিত হন দিল্লীর সুনাইনা জৈন।

ঘোষণা ঃ— কিসকে নাম ইনাম—১

প্রশ্নঃ— Which of these Countries shares its name with its Capital ?

অপশনস্—

(এ) Maldives	(বি) Singapore
(সি) Mauritius	(ডি) Seychelles

সঠিক উত্তরঃ- (বি) Singapore

(তিনি ৫০,০০০ নিতে অস্বীকার করে খেলায় অংশ নিতে সম্মতি দেন।)

গুরণানীর ৬ষ্ঠ প্রশ্ন দিয়ে নর্মাল শুরু।

প্রশ্ন (৬) ঃ— Indi-Pop সংগীত ' Pari Hoon Main ' কে গেয়েছেন ?

অপশনস্—

(এ) শ্বেতা শেঠি	(বি) ফাল্গুনী পাঠক
(সি) সাগরিকা	(ডি) সুনীতা রাও

সঠিক উত্তরঃ- (ডি) সুনীতা রাও। ভুল সি-বলায় ১০,০০০ এ-বিদায়।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

● ভারতের প্রতিবেশী এই রাষ্ট্রগুলো পশ্চিম থেকে পূর্বে সাজিয়ে লিখ।

অপশনস্—

(এ) নেপাল	(বি) বাংলাদেশ
(সি) পাকিস্তান	(ডি) মায়ানমার

সঠিক ক্রম হল— ১. (সি) পাকিস্তান

২. (এ) নেপাল

৩. (বি) বাংলাদেশ

৪. (ডি) মায়ানমার

শুদ্ধ ক্রম করেন ৯ জনে ৬ জন। এর মধ্যে হট সীটে খেলেন বোকারোর সুমন আগরওয়াল তাকে যে যে প্রশ্ন করা হয় —

প্রশ্ন (১) ঃ— PHD কথার মধ্যে 'D' এর অর্থ কি ?

অপশনস্—

(এ) Degree	(বি) Diploma
(সি) Doctor	(ডি) Diplomat

সঠিক উত্তরঃ- (সি) Doctor.

প্রশ্ন (২) ঃ— মহাভারতে কোন্ ব্যক্তি পাশা খেলায় সর্বস্ব হারিয়ে দ্রৌপদীকে পন রেখেছিলেন ?

অপশনস্—

(এ) ধৃতরাষ্ট্র	(বি) যুধিষ্ঠীর
(সি) শকুনী	(ডি) দুর্যোধন

সঠিক উত্তরঃ- (বি) যুধিষ্ঠীর।

প্রশ্ন (৩) ঃ— ১৯৯৪ সালের ফিল্ম 'মেয় খিলাড়ী তু আনাড়ী' তে 'আনাড়ীর' ভূমিকায় কে অভিনয় করেছেন?

অপশনস্—		
	(এ) সুনীল শেঠী	(বি) অক্ষয় কুমার
	(সি) সৈয়দ আলী খান	(ডি) সালমান খান

সঠিক উত্তরঃ- (সি) সৈয়দ আলী খান

প্রশ্ন (৪) ঃ— ২০০৪ সালে অলিম্পিক খেলা কোথায় অনুষ্ঠিত হবে ?

অপশনস্—		
	(এ) টুরেন্টু	(বি) ইস্তাম্বুল
	(সি) সিওল	(ডি) বেইজিং

সঠিক উত্তরঃ- (ডি) বেইজিং।

প্রশ্ন (৫) ঃ— রফিক তারার রাষ্ট্রপতি হবার পরে পাকিস্তানের রাষ্ট্রপতি কে হয়েছিলেন ?

অপশনস্—		
	(এ) ফারুক আহমেদ লেঘারী	(বি) জিয়া-উল-হক
	(সি) গুলাম ইসাক খান	(ডি) পারভেজ মুশারফ

সঠিক উত্তরঃ- (ডি) পারভেজ মুশারফ।

এরই সঙ্গে হুটারের শব্দে খেলার সমাপ্তি হয়।

৩১ শে জুলাই, ২০০১ ইং

প্রশ্ন (৬) ঃ— মান্না দের-গাওয়া সংগীত 'Ae Mere Pyare Watan' টি কোন্ হিন্দী ছবিতে গেয়েছেন ?

অপশনস্—		
	(এ) শহীদ	(বি) কাবলিওয়ালা
	(সি) বক্ত	(ডি) উপকার

সঠিক উত্তরঃ- (বি) কাবলিওয়ালা।

জনরায় ও ৫০ঃ৫০ তে উত্তর শুদ্ধ করেন।

প্রশ্ন (৭) ঃ— হিন্দু ক্যালেণ্ডারের শেষ মাস কোন্‌টি ?

অপশনস্—		
	(এ) চৈত্র	(বি) ফাল্গুন
	(সি) বৈশাখ	(ডি) আষাঢ়

সঠিক উত্তরঃ- (বি) ফাল্গুন। ভুল উত্তর সি-বলায় ১০,০০০ নিয়ে বিদায়।

প্রথম নির্বাচনী প্রশ্ন—

○ এই নেতারা যারা তাদের দেশের রাষ্ট্রপতি প্রথমে হয়েছেন তা থেকে শেষ ক্রমানুসারে লিখ।

অপশনস্-

(এ) পারভেজ মুশারফ	(বি) কে.আর.নারায়ণন
(সি) চন্দ্রিকা কুমারতুঙ্গা	(ডি) জর্জ ডাবলু বুশ

সঠিক ক্রম হল— ১. (সি) চন্দ্রিকা কুমারতুঙ্গা
২. (বি) কে.আর.নারায়ণন
৩. (ডি) জর্জ ডাব্‌লু বুশ
৪. (এ) পারভেজ মুশারফ

শুদ্ধ ক্রম করেন ১০ জনে ২ জন। দুই জন থেকে হট সীটে খেলেন কলকাতার সন্তোষ জয়সয়াল। তাকে যে যে প্রশ্ন করা হয়,তা হল—

প্রশ্ন (১) ঃ— যদি আপনি দিল্লী থেকে মুম্বাই ফোন করেন,তবে প্রথমে কোন্‌টি করতে হবে ?

অপশনস্—

(এ) এক্সটেনশন নাম্বার	(বি) পিন কোড
(সি) এস.টি.ডি.কোড	(ডি) ফোন নাম্বার

সঠিক উত্তরঃ- (সি) এস.টি.ডি.কোড।

প্রশ্ন (২) ঃ— এর মধ্যে কোন্ ফলের খাদ্য অংশ সাধারণত সাদা হয় ?

অপশনস্—

(এ) ম্যাংগো	(বি) কোকনাট
(সি) পেয়ারা	(ডি) পমগ্রেনেট

সঠিক উত্তরঃ- (বি) কোকনাট।

প্রশ্ন (৩) ঃ— বিষ্ণুর কোন্ অবতারকে ‘ শ্যামসুন্দর ’ বলা হয় ?

অপশনস্—

(এ) রাম	(বি) বামন
(সি) পরশুরাম	(ডি) কৃষ্ণ

সঠিক উত্তরঃ- (ডি) কৃষ্ণ।

প্রশ্ন (৪) ঃ— ফিল্‌ম ‘ লগন ’-এ আমীর খান কোন্ গ্রামে থাকতেন ?

অপশনস্—

(এ) চম্পারণ	(বি) চন্দ্রনগর
(সি) চন্দ্রপুর	(ডি) চম্পানীড়

সঠিক উত্তরঃ- (ডি) চম্পানীড়। জনরায় ৬২ শতাংশতে উত্তর দেন।

প্রশ্ন (৫) ঃ— হিন্দীতে এর মধ্যে কোন্‌টিকে ‘ নিশা ’ বলা হয় ?

অপশনস্—

(এ) সকাল	(বি) রাত্রি
(সি) দিন	(ডি) বিকাল

সঠিক উত্তরঃ- (বি) রাত্রি।

ক্যাবল লাইন আউট ৯.১০মিঃ থেকে খেলার শেষ অবধি।

১ লা আগস্ট,২০০১ ইং

আজও ৯.১০মিঃ বিদ্যুৎ এলে হট সীটে খেলছেন বিনীতা বালুরাও।

প্রশ্ন (১১)ঃ— নীচের কোন্ শব্দ/ভাষা থেকে ‘ পাঞ্জাব ’ কথাটি এসেছে?

অপশনস্—

(এ) গ্রীক	(বি) আরবী
(সি) পার্শী	(ডি) সংস্কৃত

সঠিক উত্তরঃ- (সি) পার্শী।

তিনি ভুল উত্তর ডি-বলায় ৩,২০,০০০ নিয়ে ফিরে আসেন।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

● সবচেয়ে কম সংখ্যা থেকে শুরু করে বেশী সংখ্যা ক্রম হিসেবে সাজিয়ে লিখ।

অপশনস্—

(এ) গ্রহ	(বি) মহাদেশ
(সি) সূর্য	(ডি) মহাসাগর

সঠিক ক্রম হল— ১. (সি) সূর্য

২. (ডি) মহাসাগর

৩. (বি) মহাদেশ

৪. (এ) গ্রহ

১০ জনে সঠিক ক্রম করেন মাত্র ১জন। আর তিনি হলেন মধ্য প্রদেশের নিলেশ শ্রীবাস্তব। তাকে যে যে প্রশ্ন করা হয় —

প্রশ্ন (১) ঃ— একটি ময়ূর ১ বৎসরে কতগুলো ডিম পাড়ে ?

অপশনস্—

(এ) ১ টি	(বি) ২ টি
(সি) ৩ টি	(ডি) একটিও নয়

সঠিক উত্তরঃ- (ডি) একটিও নয়।

প্রশ্ন (২) ঃ— যদি আপনি প্রশিক্ষিত স্টেনোগ্রাফার হন,তবে আপনি কোন্ বিষয়ে নিপুন?

অপশনস্-

(এ) শুটিং	(বি) শটহ্যাণ্ড
(সি) সিঙ্গিং	(ডি) ম্যাকিং স্টেনগান

সঠিক উত্তরঃ- (বি) শর্ট হ্যাণ্ড ।

প্রশ্ন (৩) ঃ— নীচের কোন্ ফিল্মের নির্দেশনা রাজ কাপুর করেছেন?

অপশনস্—

(এ) প্রেম প্রতিজ্ঞা	(বি) প্রেম কয়েদী
(সি) প্রেম পূজারী	(ডি) প্রেম রোগ

সঠিক উত্তরঃ- (ডি) প্রেম রোগ।

প্রশ্ন (৪) ঃ— ব্যবসায়ীক ক্ষেত্রে MOU এর মধ্যে 'U' অক্ষরের অর্থ কি ?

অপশনস্—

(এ) Union	(বি) Undertaking
(সি) Understanding	(ডি) United

সঠিক উত্তরঃ- (সি) Understanding.

প্রশ্ন (৫) ঃ— কোন্ অসুরের জন্ম শিবের ভস্ম থেকে হয়েছিল?

অপশনস্—

(এ) মারীচ	(বি) ভস্মাসুর
(সি) মহীষাসুর	(ডি) রাবণ

সঠিক উত্তরঃ- (বি) ভস্মাসুর।

ঘোষণা ঃ— কিসকে নাম ইনাম — ২

(প্রশ্ন) এর মধ্যে কোন্ প্রসিদ্ধ লেখক ' চরিত্রহীন ' উপন্যাসটি লিখেছেন ?

অপশনস্—

(এ) রবীন্দ্র নাথ ঠাকুর	(বি) কাজী নজরুল ইসলাম
(সি) শরৎচন্দ্র চাটার্জী	(ডি) বঙ্কিমচন্দ্র চাটার্জী

সঠিক উত্তরঃ- (সি) শরৎচন্দ্র চাটার্জী।

শুদ্ধ উত্তর দিয়ে ৫০,০০০ লাভ করেন পুনের মীনু রাওয়াল।

পুনরায় নর্মাল খেলা শুরু।

প্রশ্ন (৬) ঃ— তেলেগু ফিল্ম ' ময়ূরী 'তে কৃত্তিম পা লাগিয়ে শাস্ত্রীয় নৃত্যাঙ্গনায় ভূমিকায় কে অভিনয় করেছেন?

অপশনস্—

(এ) শুভনা	(বি) সুহাষিনী
(সি) সুধা চন্দ্রন	(ডি) ভানুপ্রিয়া

সঠিক উত্তরঃ- (সি) সুধা চন্দ্রন।

প্রশ্ন (৭) ঃ— ' Dukh mein sumiran sab kare, sukh mein kare na koi ' এই লাইনটি কোন্ ভক্ত সাধনের ?

অপশনস্—

(এ) সুরদাস	(বি) তুলসীদাস
(সি) কবীর	(ডি) মীরাবাঈ

সঠিক উত্তরঃ- (সি) কবীর। তিনি ভুল বি-বলে ১০,০০০ এ ফিরেন।

দ্বিতীয় নির্বাচিনী প্রশ্ন —

⭘ নীচের বিষয়গুলো প্রথম রচনাকাল থেকে শেষ ক্রমানুসারে লিখ।

অপশনস্—

(এ) মহাভারত	(বি) জন গণ মন
(সি) আকবরনামা	(ডি) ভারতের সংবিধান

সঠিক ক্রম হল— ১. (এ) মহাভারত

২. (সি) আকবরনামা

৩. (বি) জন গণ মন

৪. (ডি) ভারতের সংবিধান

৯ জনে শুদ্ধ ক্রম করেন ৭ জন। এর মধ্যে খেলার জন্য যোগ্য হন নতুন দিল্লীর কর্নেশ উপ্পাল। তাঁর পরের প্রশ্নগুলো হচ্ছে —

প্রশ্ন (১) ঃ— কোন্ খেলায় এক টীমকে ' ফলো-অন ' করতে হয় ?

অপশনস্—

(এ) ফুটবল	(বি) হকি
(সি) টেবিল টেনিস	(ডি) ক্রিকেট

সঠিক উত্তরঃ- (ডি) ক্রিকেট।

প্রশ্ন (২) ঃ— এর মধ্যে কোন্‌টি হলুদ রঙের ডাল নয় ?

অপশনস্—

(এ) চানা ডাল	(বি) ধুলি মুগ ডাল
(সি) ধুলি অরহর ডাল	(ডি) রাজমা

সঠিক উত্তরঃ- (ডি) রাজমা।

প্রশ্ন (৩) ঃ— ফিল্‌ম 'Kuch Kuch Hota Hai 'তে রানী মুখার্জীর কি নাম ছিল ?

অপশনস্—

(এ) অঞ্জলী	(বি) টীনা
(সি) রাণী	(ডি) সিমরণ

সঠিক উত্তরঃ- (বি) টীনা। জনরায় ৮৬ শতাংশ ছিল এখানে

প্রশ্ন (৪) ঃ— নীলগিরিকে এর মধ্যে কোন্ নামে জানা যায় ?

অপশনস্—

(এ) গ্রীন মাউন্টেন	(বি) ইয়লো মাউন্টেন
(সি) রেড মাউন্টেন	(ডি) ব্লু মাউন্টেন

সঠিক উত্তরঃ- (ডি) ব্লু মাউন্টেন।

প্রশ্ন (৫) ঃ— সাধারনতঃ ড্রাই ব্যাটারীর পেন্সিলে কত ভোল্ট থাকে ?

অপশনস্—

(এ) ১০ ভোল্ট	(বি) ১.৫০ ভোল্ট
(সি) ৫ ভোল্ট	(ডি) ৩ ভোল্ট

সঠিক উত্তরঃ- (বি) ১.৫০ ভোল্ট।

প্রশ্ন (৬) ঃ— অন্তিম বারের মতো কোন্ প্রধানমন্ত্রীর নেতৃত্বে কংগ্রেস দল কেন্দ্রীয় মন্ত্রীসভা করেছিল ?

অপশনস্—

(এ) আই.কে.গুজরাল	(বি) পি.ভি.নরসীমা রাও
(সি) চন্দ্রশেখর	(ডি) ভি.পি.সিং

সঠিক উত্তরঃ- (বি) পি.ভি.নরসীমা রাও।

প্রশ্ন (৭) ঃ— কোন্ দেশের রাজ পরিবারের সরকারী আবাসের নাম ' নারায়ণ হিতি প্যালেস' ?

অপশনস্—

(এ) থাইল্যাণ্ড	(বি) নেপাল
(সি) ভূটান	(ডি) জাপান

সঠিক উত্তরঃ- (বি) নেপাল।

প্রশ্ন (৮) ঃ— সংস্কৃত কোন্ শব্দ থেকে ' শিখ ' শব্দ নেওয়া হয়েছে ?

অপশনস্—

(এ) শিশির	(বি) শিষ্য
(সি) শিক্ষা	(ডি) সৃষ্টি

সঠিক উত্তরঃ- (বি) শিষ্য। এখানেই আজ খেলা শেষ হল!

৬ ই আগস্ট,২০০১ ইং

আজ মানব জীবনের সর্বাধিক বেদনায়,সবচেয়ে মর্মান্তিক,সবচেয়ে বৃহৎ নরমেধ যজ্ঞ 'হিরোসীমা দিবস '।

প্রশ্ন (৯) ঃ— কোন্ শহরে লাগাতর দুইবার এশিয়ান গেমস অনুষ্ঠিত হয় ?

অপশনস্—

(এ) নতুন দিল্লী	(বি) টোকিও
(সি) ব্যাঙ্কক	(ডি) সিওল

সঠিক উত্তরঃ-　(সি)　ব্যাঙ্কক।

ফোন অব ফ্রেণ্ড ও ৫০ঃ৫০ করে ভুলের ভয়ে ৮০,০০০ নিয়ে ফিরে যান।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

● আন্তর্জাতিক বিমান বন্দরগুলো উত্তর দিক থেকে দক্ষিণে সাজিয়ে লিখ।

অপশনস্—

(এ)　নেতাজী সুভাষ	(বি)　ছত্রপতি শিবাজী
(সি)　আন্না	(ডি)　ইন্দিরা গান্ধী

সঠিক ক্রম হল—
১. (ডি) ইন্দিরা গান্ধী
২. (এ) নেতাজী সুভাষ
৩. (বি) ছত্রপতি শিবাজী
৪. (সি) আন্না

সঠিক ক্রম করেন ১০ জনে ৪জন। এর মধ্যে হট সীটে খেলেন চন্দ্র শেখর আগরখের তাঁর পরের প্রশ্নগুলো হল —

প্রশ্ন (১) ঃ— মৃত্যুর পর দেহকে সংরক্ষিত করার পদ্ধতিকে কি বলা হয় ?

অপশনস্—

(এ)　ডাড্ডী	(বি)　আঙ্কেল
(সি)　মমী	(ডি)　আন্টি

সঠিক উত্তরঃ-　(সি)　মমী।

প্রশ্ন (২) ঃ— সংস্কৃত শব্দ Ashwa কোন্ প্রাণীর ক্ষেত্রে প্রযোজ্য হয় ?

অপশনস্—

(এ)　কুকুর	(বি)　ঘোড়া
(সি)　হাতী	(ডি)　বিড়াল

সঠিক উত্তরঃ-　(বি)　ঘোড়া।

প্রশ্ন (৩) ঃ— কোন্ খেলায় বল বিপক্ষে পড়ার পূর্বে নিজের কোর্টে পড়তে হয় ?

অপশনস্—

(এ)　টেনিস	(বি)　ভলিবল
(সি)　টেবিল টেনিস	(ডি)　স্কোয়াশ

সঠিক উত্তরঃ-　(সি)　টেবিল টেনিস।

প্রশ্ন (৪) ঃ— নভচারী নভযান থেকে বাইরে যাবার সময় কোন্ গ্যাস পীঠে নিয়ে যান?

অপশনস্—

(এ)　নাইট্রোজেন	(বি)　অক্সিজেন
(সি)　হাইড্রোজেন	(ডি)　আর্গন

সঠিক উত্তরঃ- (বি) অক্সিজেন।

প্রশ্ন (৫) ঃ— ফিল্ম ' গদর এক প্রেম কথা'য় অমিষা প্যাটেল কোন্ ভূমিকায় অভিনয় করেছেন ?

অপশনস্—

(এ) রুবিনা	(বি) সাকিনা
(সি) ফিজা	(ডি) জুবেদা

সঠিক উত্তরঃ- (বি) সাকিনা।

ঘোষণা ঃ— কিসকে নাম ইনাম—২

(প্রশ্ন) Who was the first test cricketer to feature on an Indian Postage Stamp ?

অপশনস্—

(A) C. K. Naidu	(B) Lala Amarnath
(C) K. S. Ranjit Singh	(D) Vinod Mankad

নির্বাচিত ব্যক্তি ছিলেন মুম্বাইয়ের হেমেন্দ্র জে.শাহ্। তিনি উত্তর ভুল এ বলেন। এর পরে শুরু হল নর্মাল এপিসোড।

প্রশ্ন (৭)ঃ— Kamban নিজে রামায়ণকে কোন্ ভাষায় লিখেছেন ?

অপশনস্—

(এ) সংস্কৃত	(বি) তামিল
(সি) মালয়ালম	(ডি) তেলেগু

সঠিক উত্তরঃ- (বি) তামিল। তিনি ভুল উত্তর সি-বলায় ১০,০০০ এ বিদায় নেন।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

◎ মানব শরীরের এই অঙ্গগুলো এদের সংখ্যা কম থেকে বেশী সংখ্যা অনুযায়ী লিখ।

অপশনস্—

(এ) লিভার	(বি) কিডনী
(সি) পেশী	(ডি) হাড়

সঠিক ক্রম হল— ১. (এ) লিভার
২. (বি) কিডনী
৩. (ডি) হাড়
৪. (সি) পেশী

শুদ্ধ ক্রম করেন ৯ জনে ৫ জন। এর মধ্যে হট সীটে বসেন কলকাতার আনন্দ ঝুনঝুনওয়ালা। পরের প্রশ্নগুলো হল —

প্রশ্ন (১) ঃ— রামায়ণের রাজা দশরথ কোন্ শহরে শাসন করতেন ?

অপশনস্—

(এ) লঙ্কা	(বি) বৈশালী
(সি) অযোধ্যা	(ডি) ইন্দ্রপ্রস্থ

সঠিক উত্তরঃ— (সি) অযোধ্যা।

প্রশ্ন(২)ঃ—নীচের কোনটি একব্যক্তির Curriculam Vitae বলে চিহ্নিত?

অপশনস্

(এ) ড্রাইভিং লাইসেন্স	(বি) ডেথ সার্টিফিকেট
(সি) বার্থ সার্টিফিকেট	(ডি) বায়ো ডাটা

সঠিক উত্তরঃ (ডি) বায়ো ডাটা।

প্রশ্ন(৩)ঃ—কেতন মেহ্তার ছবি Maya Memsaab -এ মুখ্য ভুমিকায় কে অভিনয় করেছেন?

অপশনস্

(এ) দীপা শাহী	(বি) নীনা গুপ্তা
(সি) শাবানা আজমী	(ডি) তারা দেশ পাণ্ডে

সঠিক উত্তরঃ (এ) দীপা শাহী।

প্রশ্ন(৪)ঃ—স্টীম ইঞ্জিনে কোন্ প্রকার জ্বালানী ব্যাবহার করা হয়?

অপশনস্

(এ) উড	(বি) পেট্রল
(সি) ডিজেল	(ডি) কৌল

সঠিক উত্তরঃ (ডি) কৌল।

প্রশ্ন(৫)ঃ—যদি এক সংখ্যাকে ঐ সংখ্যা দ্বারা গুণ করা হয়, তবে এর ফল কত হবে?

অপশনস্

(এ) স্কয়ার	(বি) কিউব
(সি) স্কয়ার রুট	(ডি) কিউব রুট

সঠিক উত্তর ঃ (এ) স্কয়ার।

প্রশ্ন(৬)ঃ—লাগাতর সংশোধিত জাপানী ব্যবসাকে কি বলা হয়?

অপশনস্

(এ) Karaoke	(বি) Kaizen
(সি) Kamakaji	(ডি) Kimono

সঠিক উত্তরঃ (বি) Kaizen.

প্রশ্ন(৭)ঃ—ঘড়ির কাটা একদিনে কতবার ১৮০ ডিগ্রী কোণে থাকে?

অপশনস্	(এ) ১২ বার	(বি) ২৪ বার
	(সি) ৫ বার	(ডি) ১৭ বার

সঠিক উত্তরঃ (বি) ২৪ বার।

প্রশ্ন(৮)ঃ—অটল বিহারী বাজপেয়ী ব্যতীত অপর কার মন্ত্রিসভায় যশবন্ত সিন্‌হা অর্থমন্ত্রী ছিলেন?

অপশনস্	(এ) ভি.পি.সিং	(বি) আই.কে.গুজরাল
	(সি) চন্দ্রশেখর	(ডি) এইচ.ডি.দেবেগৌড়া

সঠিক উত্তরঃ (সি) চন্দ্রশেখর।

প্রশ্ন(৯)ঃ—নীচের কোন্ স্থানে সবচেয়ে বেশী একদিনের আর্ন্তজাতিক ক্রিকেট খেলা অনুষ্ঠিত হয়েছে?

অপশনস্	(এ) লর্ডস	(বি) শারজা
	(সি) মেলবোর্ন	(ডি) ইডেন গার্ডেন

সঠিক উত্তরঃ (বি) শারজা।

প্রশ্ন(১০)ঃ—১৫৩৯ সালে কে নিজেকে Sultan-ul-Adil ঘোষণা করে দিল্লীর শাসন ক্ষমতায় বসেন?

অপশনস্	(এ) হুমায়ুন	(বি) শের শাহ সুরী
	(সি) বাবর	(ডি) হিমু

সঠিক উত্তর ঃ (?) বিদ্যুৎ বিভ্রাটে শুদ্ধ উত্তর পাওয়া যায়নি।

ফোন অব্ ফ্রেন্ড করে উত্তর পাবার পূর্বেই বিদ্যুৎ বিভ্রাট।

ই আগস্ট,২০০১ ইং

ঘোষণা ঃ— কিসকে নাম ইনাম - ৩

(প্রশ্ন) হিন্দী ফিল্ম 'আভাস কুমার গাঙ্গুলী'কে কোন্ ভাল নামে জানতে পারি?

অপশনস্	(এ) অশোক কুমার	(বি) কিশোর কুমার
	(সি) উত্তম কুমার	(ডি) অনুপ কুমার

সঠিক উত্তরঃ (বি) কিশোর কুমার।

তিনি ভুল উত্তর ডি-বলায় শূন্যতে হতাশ হন রাজু শর্মা। বিদ্যুৎ বিভ্রাট কাটিয়ে আলো এলে হট সীটে খেলছেন ব্যাঙ্গালোরের রাধাকৃষ্ণ ৬ নং প্রশ্ন থেকে।

প্রশ্ন(৬)ঃ—হৃদয়ের জন্য কোন্ গ্রীক শব্দ ব্যাবহার করা হয়?

অপশনস্

(এ) অর্থো	(বি) নিউরো
(সি) কার্ডিও	(ডি) লাইফো

সঠিক উত্তরঃ (সি) কার্ডিও।

প্রশ্ন(৭)ঃ—সার্কের অন্তর্গত সদস্য দেশ কয়টি আছে?

অপশনস্

(এ) ৪ টি	(বি) ৭ টি
(সি) ৬ টি	(ডি) ৫ টি

সঠিক উত্তরঃ (বি) ৭ টি।

প্রশ্ন(৮)ঃ—নীচের কোন্ উপগ্রহটি ভারত দ্বারা উৎক্ষিপ্ত হয়নি?

অপশনস্

(এ) আর্যভট্ট	(বি) ভাস্কর
(সি) ধন্বন্তরী	(ডি) রোহিনী

সঠিক উত্তরঃ (সি) ধন্বন্তরী।

প্রশ্ন(৯)ঃ—আধ্যাত্মিক গুরু 'সত্য নারায়ণ রাজু'কে কোন্ নামে জানা যায়?*

অপশনস্

(এ) স্বামী প্রভুপাদ	(বি) উষা রজনীশ
(সি) সত্য সাই বাবা	(ডি) মহেশ যোগী

৫০ঃ৫০ তে বি ও ডি অদৃশ্য হলে শুদ্ধ উত্তর করেন। কিন্তু কলম পাল্টাতেই শুদ্ধটি নির্দেশ করতে ব্যার্থ হলাম।

প্রশ্ন(১০)ঃ—কোন্ অধিনায়কের নেতৃত্বে ভারত সবচেয়ে বেশী টেস্ট ক্রিকেট জয়লাভ করেছে?

অপশনস্

(এ) সুনীল গাভাস্কার	(বি) কপিল দেব
(সি) মহম্মদ আজাহারউদ্দীন	(ডি) এম.এ.কে.পতৌদি

সঠিক উত্তর ঃ (সি) মহম্মদ আজাহারউদ্দীন। সমাধান ফোন্ অব্ ফেণ্ড।

প্রশ্ন(১১)ঃ—এর মধ্যে কোন্ ব্যক্তি লোকতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত রাষ্ট্রপতি?

অপশনস্

(এ) Muammar al Gaddafi	(বি) Fidel Castro
(সি) Hosni Mubarak	(ডি) Pervez Musharaf

সঠিক উত্তর ঃ (সি) Hosni Mubarak.

প্রশ্ন(১২)ঃ—স্বাধীনতা সংগ্রামী 'রামচন্দ্র পাওরাঙ্গ' কে আমরা কোন্ নামে জানি?

অপশনস্

(এ) তাতীয়া তোপী	(বি) নানা সাহেব
(সি) বাল গঙ্গাধর তিলক	(ডি) উধম সিং

সঠিক উত্তরঃ (এ) তাতীয়া তোপী।

তিনি ভুলের ঝুকি না নিয়ে ৬,৪০,০০০ নিয়ে খেলা ছেড়ে দেন ।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

● এই বৈজ্ঞানিকদের সময় অনুযায়ী প্রথম থেকে শেষ ক্রমানুসারে লিখ।

অপশনস্

(এ) চার্লস ডারউইন	(বি) গ্যালিলিও
(সি) এলবার্ট আইস্টাইন	(ডি) আইজ্যাক নিউটন

সঠিক ক্রম হল— ১. (বি) গ্যালিলিও

২. (ডি) আইজ্যাক নিউটন

৩. (এ) চালর্স ডারউইন

৪. (সি) এলবার্ট আইস্টাইন

সঠিক ক্রম করেন ৯ জনে মাত্র ১ জন । তবে তিনি হলেন সুব্রত মুখার্জী। এরই সঙ্গে খেলা শেষ হয়ে যায় ।

৮ই আগষ্ট ২০০১ ইং

ক্যাবল লাইনে বিভ্রান্ত থাকায় মুখার্জীর ১০,০০০ পযর্ন্ত দেখা হয় নি।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

● এই শব্দগুলো ক্রমানুসারে লিখ, যা একজন ডাক্তার তাঁর প্যাডে ব্যাবহার করেন।

অপশনস্

(এ) First Name	(বি) Dr.
(সি) Surname	(ডি) MBBS

সঠিক ক্রম হল— ১. (বি) Dr.

২. (এ) First Name

৩. (সি) Surname

৪. (ডি) MBBS

শুদ্ধ উত্তর করে ১০ জনে ৬ জন ।এদের থেকে হট সীটে খেলেন পশ্চিম বঙ্গের অনিমেষ পাল। তাকে যে যে প্রশ্ন করা হল তা হল —

প্রশ্ন(১)ঃ—সংগীত নির্দেশক S. D. Barman - এর মধ্যে 'S' অক্ষরের অর্থ কি ?

অপশনস্

(এ) সৌরভ	(বি) সুনীল
(সি) শচীন	(ডি) শিবসুন্দর

সঠিক উত্তরঃ (সি) শচীন।

প্রশ্ন(২)ঃ—এর মধ্যে কোন্‌টি বার সংখ্যার সঙ্গে সম্পর্কযুক্ত?

অপশনস্

(এ) মহাদেশ	(বি) গ্রহ
(সি) রাশি বিজ্ঞান	(ডি) মহাসমুদ্র

সঠিক উত্তরঃ (সি) রাশি বিজ্ঞান।

প্রশ্ন(৩)ঃ—এর মধ্যে কোনটি Tambola -র বিশেষ প্রকারভেদ?

অপশনস্

(এ) Cartoon Character	(বি) Sweet meat
(সি) Musical Instrument	(ডি) Game of Chance

সঠিক উত্তরঃ (ডি) Game of Chance.

প্রশ্ন(৪)ঃ—সময়ের কোন্ যন্ত্র দুটি কাচ দ্বারা বোঝানো হয়?

অপশনস্

(এ) Hour Glass	(বি) Sun Dial
(সি) Crhonometer	(ডি) Water Clock

সঠিক উত্তরঃ (এ) Hour Glass.

প্রশ্ন (৬)ঃ—মুখ্যমন্ত্রী ওম প্রকাশ চৌতালা হরিয়ানার কোন্ প্রাক্তন মুখ্যমন্ত্রীর ছিলেন?

অপশনস্

(এ) বংশীলাল	(বি) দেবীলাল
(সি) ভজনলাল	(ডি) রামলাল

সঠিক উত্তরঃ (বি) দেবীলাল।

ফোন্ অব্ ফেণ্ড ও ৫০ঃ৫০ করে ও ভুল এ বলায় শূন্যতে ফিরেন।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

● এই শাসকদের প্রথম শাসন কাল থেকে শেষ ক্রমানুসারে লিখ।

অপশনস্

(এ) টিপু সুলতান	(বি) অশোক
(সি) পৃথ্বীরাজ চৌহান	(ডি) আকবর

সঠিক ক্রম হল— ১. (বি) অশোক

২. (ডি) আকবর

৩. (সি) পৃথ্বীরাজ চৌহান

৪. (এ) টিপু সুলতান

শুদ্ধ ক্রম করেন ৯ জনে ২জন। এর মধ্যে হট সীটে বসেন পশ্চিমবঙ্গের শক্তিপদ পাণ্ডা। তাঁকে যে যে প্রশ্ন করা হয় তা হল —

প্রশ্ন(১)ঃ—পরিধেয় শার্টের প্রকার বোঝাতে কোন্‌টি ব্যবহৃত হয়?

অপশনস্

(এ) A	(বি) T
(সি) U	(ডি) O

সঠিক উত্তরঃ (বি) T

প্রশ্ন(২)ঃ—ফিল্‌ম শ্রী ৪২০-এর সংগীতে ভারতীয় বোঝাতে কোন্ শব্দ উল্লেখ করা হয়েছে?

অপশনস্

(এ) রুশী	(বি) ইংলিশস্তানী
(সি) চায়নী	(ডি) হিন্দুস্তানী

সঠিক উত্তরঃ (ডি) হিন্দুস্তানী।

প্রশ্ন(৩)ঃ—এর মধ্যে কোন্ স্থান আরব সাগরে অবস্থিত?

অপশনস্

(এ) মহাবলীপুরম	(বি) চেন্নাই
(সি) মুম্বাই	(ডি) রামেশ্বরম

সঠিক উত্তর ঃ (সি) মুম্বাই।

প্রশ্ন(৪)ঃ—এর মধ্যে কোন্‌টির মধ্যে শিকড় নেই?

অপশনস্

(এ) দন্ত	(বি) কেশ
(সি) চর্ম	(ডি) বৃক্ষ

সঠিক উত্তরঃ (সি) চর্ম।

ঘোষণাঃ— কিসকে নাম ইনাম - ৪

(প্রশ্ন) Where is the Tata Football Academy Located?

অপশনস্

(এ) Kolkata	(বি) Jamshedpur
(সি) Kochi	(ডি) New Delhi

সঠিক উত্তরঃ (বি) Jamshedpur.

শুদ্ধ উত্তর দিয়ে ৫০,০০০ পেলেন পুনের অমিত বাহুলেকর। আবার নর্মাল খেলা শুরু।

প্রশ্ন(৫)ঃ—এশিয়ান গ্রেমস ও ক্রিকেট টুর্নামেন্ট একত্রে কোন দেশে অনুষ্ঠিত হয়েছে?

অপশনস্

(এ) পাকিস্তান	(বি) ইউ.এ.ই
(সি) শ্রীলঙ্কা	(ডি) ভারত

সঠিক উত্তরঃ (ডি) ভারত।

প্রশ্ন(৬)ঃ—লক্ষ বছরের আয়ুষ্কাল কামনায় বড়রা কোন্ শব্দ প্রয়োগ করে ছোটদের আশীবার্দ করেন?

অপশনস্

(এ) পরজীবী	(বি) অর্ধজীবী
(সি) চিরঞ্জীবী	(ডি) অনুজীবী

সঠিক উত্তরঃ (সি) চিরঞ্জীবী। এরই সঙ্গে খেলার সমাপ্ত হয়।

১৩ ই আগষ্ট.২০০১ ইং

স্ব-ভাষ্যঃ—আমাদের জীবনের দুটি দিক ,প্রাপ্তি এবং হারানো। কোন কিছু অর্জন হচ্ছে প্রাপ্তি,আর লোকসান হচ্ছে হারানো। প্রতিটি মানুষ হারানোর ভয়ে ভীত। প্রাপ্তির জন্য উল্লাসিত হয়। কিন্তু এমন জিনিস আছে, যা হারালেও লাভ হয়। যদি আমরা মন থেকে লোভ, হিংসা, দ্বেষ,অহংকার,অজ্ঞতা, পরনিন্দা, পরক্ষতি, ভয়, কুণ্ঠা, নিরাশা, ক্রোধ, আলস্য ইত্যাদি হারাই,তবে এই হারানো থেকে আমাদের মহৎ প্রাপ্তিযোগ হয়। আমরা টাকা, পয়সা, সম্পত্তি, সম্মান হারানোর ভয়ে ভীত হই। জীবনে ধন হারালেও সাহস, যোগ্যতা পরিশ্রম, মনযোগ,নিষ্ঠাকে কখনোই হারানো উচিত নয়। কারণ ধন হারালে এগুলোর দ্বারা পুনরায় অর্জন করা যায়। সতরাং জীবনে যে যে বিষয় হারালে, মানুষের ক্ষতি হয় না। সেগুলো স্বেচ্ছায় হারালে আমাদের লাভের অংকটা বেশীই থাকবে।

প্রশ্ন(৭)ঃ—কার কোঠারী দানের ফলে তার নাম পরশুরাম হয়েছিল?

অপশনস্

(এ) বিষ্ণু	(বি) শিব
(সি) ব্রহ্মা	(ডি) ইন্দ্র

সঠিক উত্তরঃ (বি) শিব।

প্রশ্ন(৮)ঃ—মানুষের চুলের প্রধান প্রোটিন উপকরণ কোন্‌টি ?

অপশনস্

(এ) Collagen	(বি) Keratin
(সি) Fibrogen	(ডি) Myosin

সঠিক উত্তরঃ (বি) Keratin

প্রশ্ন (৯) ঃ—১৯৫৩ সালেবৃটিশ প্রধানমন্ত্রী উইন্সন চার্চিলকে কোন্ ক্ষেত্রে নোবেল পুরস্কার দেওয়া হয়?

অপশনস্

(এ) শান্তি	(বি) সাহিত্য
(সি) অর্থনীতি	(ডি) পদার্থ বিদ্যা

সঠিক উত্তরঃ (বি) সাহিত্য। ফোন অব্ ফেণ্ড-এ উত্তর দেন।

প্রশ্ন (১০) ঃ—১৯৮৯ সালে কোন্ ভারতীয় স্পোটস ক্লাব-এর ডাকটিকিট প্রকাশ করে সম্মানিত করা হয়?

অপশনস্

(এ) ইস্টবেঙ্গল	(বি) ক্রিকেট ক্লাব অব্ ইণ্ডিয়া
(সি) মোহনবাগান	(ডি) মহামেডান স্পোর্টিং

সঠিক উত্তরঃ (সি) মোহনবাগান।

প্রশ্ন(১১)ঃ—কোন্ গভর্নর জেনারেলের কার্যকালে ভারতে রেলপথের সূত্রপাত

অপশনস্

(এ) লর্ড ওয়েলেসলী	(বি) লর্ড ডালহৌসী
(সি) লর্ড ক্যানিং	(ডি) লর্ড কার্জন

সঠিক উত্তরঃ (বি) লর্ড ডালহৌসী।৫০ঃ৫০ করে উত্তর দেন।

প্রশ্ন(১২)ঃ—সংগীত সাধক Sibputra Siddaramaiyya Komkali কে কোন্ নামে ভালভাবে জানা যায়?

অপশনস্

(এ) কুমার গন্ধর্ভ	(বি) মল্লিকার্জুন মনসুর
(সি) বাল গন্ধর্ভ	(ডি) বালমুরলী কৃষ্ণ

সঠিক উত্তরঃ (এ) কুমার গন্ধর্ভ।

উত্তর জানা না থাকায় ৬,৪০,০০০নিয়ে খেলা ছেড়ে দেন ।

প্রথম নিবার্চনী প্রশ্ন —

● এই অভিনেত্রীদের প্রথম রিলিজ হওয়া ছবি থেকে ক্রমানুসারে লিখ।

অপশনস্

(এ) মাধুরী দীক্ষিত	(বি) হেমা মালিনী
(সি) মনিষা কৈরালা	(ডি) জীনাত আমন

সঠিক ক্রম হল— ১. (বি) হেমা মালিনী

২. (ডি) জীনাত আমন

৩. (এ) মাধুরী দীক্ষিত

৪. (সি) মনিষা কৈরেলা

সঠিক উত্তর দেন ১০ জনে ৭ জন। এদের থেকে হট সীটে বসেন সিমলার বিকাশ খুসলে।

ঘোষণা ঃ—কিসকে নাম ইনাম-৫

(প্রশ্ন) Which of these Musician began his career as a dancer with Uday Sankar's Trope ?

অপশনস্

(এ) বিসমিল্লা খান	(বি) ওস্তাদ আলী আকবর খান
(সি) পণ্ডিত রবি শঙ্কর	(ডি) পান্নালাল ঘোষ

সঠিক উত্তর ঃ (সি) পণ্ডিত রবি শঙ্কর।

শুদ্ধ উত্তর দেন উড়িষ্যার ডাঃ ই. দুর্গারাও এবং তিনি ৫০,০০০ না নিয়ে খেলায় যোগদান করতে ইচ্ছা প্রকাশ করেন।

আবার পর্দায় শুরু করলেন প্রশ্ন দিয়ে।

প্রশ্ন(১)ঃ—এর মধ্যে কোনটি পয়সার একটি দিক ?

অপশনস্

(এ) আই	(বি) ইয়ার
(সি) টেল	(ডি) মাউথ

সঠিক উত্তরঃ (সি) টেল।

প্রশ্ন(২) ঃ—দাবা খেলায় একদিকে মোট কয়টি গুটি থাকে?

অপশনস্

(এ) ৩২ টি	(বি) ১৬ টি
(সি) ৮ টি	(ডি) ২৪ টি

সঠিক উত্তরঃ (বি) ১৬ টি।

প্রশ্ন(৩)ঃ—চীন সম্প্রদায় এর মধ্যে কোন্‌টি খাওয়ার সময় ব্যাবহার করেন?

অপশনস্

(এ) Slicesticks	(বি) Cutsticks
(সি) Diesticks	(ডি) Chopsticks

সঠিক উত্তর ঃ (ডি) Chopsticks

প্রশ্ন(৪)ঃ—কোন্ রাজ্যের কিলুম অভিনেত্রী মুখ্যমন্ত্রী হয়েছিলেন?

অপশনস্

(এ) উড়িষ্যা	(বি) বিহার
(সি) তামিলনাড়ু	(ডি) উত্তর প্রদেশ

সঠিক উত্তরঃ (সি) তামিলনাড়ু।

প্রশ্ন(৫)ঃ—কোন্ ভারতীয় পপ গায়কের একটি এ্যালবামের নাম 'Main Bhi Madonna?

অপশনস্

(এ) দলার মেহেন্দী	(বি) সনু নিগম
(সি) বাবা সায়গল	(ডি) শান্

সঠিক উত্তরঃ (সি) বাবা সায়গল।

প্রশ্ন(৬)ঃ—ভারতীয় গণ্ডারের কয়টি শিং থাকে?

অপশনস্

(এ) ০ টি	(বি) ১ টি
(সি) ২ টি	(ডি) ৩ টি

সঠিক উত্তরঃ (বি) ১ টি।

প্রশ্ন(৭)ঃ—ভারতের কোন্ রাজ্যের নামের অর্থ Land of the Rising Sun?

অপশনস্

(এ) ত্রিপুরা	(বি) মেঘালয়
(সি) মিজোরাম	(ডি) অরুণাচল প্রদেশ

সঠিক উত্তরঃ (ডি) অরুণাচল প্রদেশ।

প্রশ্ন(৮)ঃ— Suspension, Arch, Girder & Canti Lever কোন্ বিষয়ের সঙ্গে সম্পর্কীর্ত?

অপশনস্

(এ) ব্রিজ	(বি) ড্যাম
(সি) ক্রেন্	(ডি) ট্রাক

সঠিক উত্তরঃ (এ) ব্রিজ। ফোন অব্ ফেণ্ড-এ শুদ্ধ করেন, আর এরই সঙ্গে রাতের খেলার সমাপ্তি ঘোষিত হয়।

১৪ ই আগষ্ট, ২০০১ ইং

৯.৫৩ তে বিদ্যুৎ এলে হট সীটে দেখা গেল মি. অজয় খেলছেন ১৩ নং প্রশ্ন —

প্রশ্ন(১৩)ঃ—রঞ্জি ট্রফিতে কে প্রথম হেটট্রিক করার গৌরব অর্জন করেছেন?

অপশনস্

(এ) এ.জি.রাম সিং	(বি) এম.বাকা.জিলানী
(সি) মহম্মদ নিসার	(ডি) এল.অমর সিং

সঠিক উত্তরঃ (বি) এম.বাকা জিলানী।

শুদ্ধ উত্তর জানা না থাকায় ১২,৫০,০০০ নিয়ে চলে যান।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

০ এই শহরগুলোতে প্রথম যেখানে অলম্পিক খেলা হয় তা থেকে ক্রমানুসারে লিখ

অপশনস্

(এ) সিডনী	(বি) এথেন্স
(সি) সিওল	(ডি) লন্ডন

সঠিক ক্রম হল— ১. (বি) এথেন্স

২. (ডি) লন্ডন

৩. (সি) সিওল

৪. (এ) সিডনী

শুদ্ধ ক্রম করেন ৯ জনে ৩জন । এদের থেকে খেলতে আসেন ছত্তিশগড়র সৌর চ্যাটার্জী। এখানেই খেলা শেষ।

১৫ ই আগষ্ট,২০০১ ইং

আজ ভারতের ৫৫তম স্বাধীনতা দিবস। এই উপলক্ষে আজ নিবেদিত হ... স্পেশাল এপিসোড । এই এপিসোডে খেলবেন রুপালী পর্দার অন্যতম নায়ক মি.অনি কাপুর। দর্শক হিসাবে উপস্থিত আছেন কমেডিয়ান মি.অনুপম খের। খেলা থেকে কাপ... যে অর্থ পাবেন তা পরুটাই চ্যারিটিতে দান করবেন। উষ্ণ করতালিতে শুরু হল স্বাধীনত... স্পেশাল।

প্রশ্ন(১)ঃ—এর মধ্যে নৃত্যের প্রকারভেদ কোনটি?

অপশনস্

(এ) দা দা	(বি) মা মা
(সি) না না	(ডি) চা চা

সঠিক উত্তরঃ (ডি) চা চা।

প্রশ্ন(২)ঃ—এর মধ্যে কোন্‌টিকে বিশ্ব বিদ্যালয়ের ডিগ্রী বলা হয়?

অপশনস্

(এ) হাসবেণ্ড	(বি) ওয়াইফ
(সি) ব্যাচেলর	(ডি) স্পিন্সটার

সঠিক উত্তর ঃ (সি) ব্যাচেলর।

প্রশ্ন (৩)ঃ—এর মধ্যে কোন্ ব্যক্তি টেস্ট ক্রিকেট খেলোয়াড় নন?

অপশনস্

(এ) নরি কনট্রাকটর	(বি) বিজয় মাচেন্ট
(সি) ফারুক ইঞ্জিনীয়ার	(ডি) ইসমাইল মার্চেন্ট

সঠিক উত্তরঃ (ডি) ইসমাইল মার্চেন্ট।

প্রশ্ন(৪)ঃ— 'Chura liya hai tune jo dil ko' সংগীতের নির্দেশক কে ছিলেন?

অপশনস্

(এ) কল্যাণজী আনন্দজী	(বি) আর.ডি.বর্মন
(সি) এস.ডি.বর্মন	(ডি) লক্ষ্মীকান্ত প্যায়ারীলা

সঠিক উত্তর ঃ (বি) আর.ডি.বর্মন।

প্রশ্ন(৫)ঃ—ভারতের জাতীয় সংগীতের মধ্যে কোন্ রাজ্যের নাম প্রথমে আসে?

অপশনস্

(এ) মারাঠা	(বি) হিমাচল
(সি) গুজরাট	(ডি) পাঞ্জাব

সঠিক উত্তর ঃ (ডি) পাঞ্জা ব।

প্রশ্ন(৬)ঃ—রামায়ণ অনুসারে ভরতের মাতা কে ছিলেন?

অপশনস্

(এ) কৌশল্যা	(বি) সুমিত্রা
(সি) কৈকেয়ী	(ডি) শকুন্তলা

সঠিক উত্তরঃ (সি) কৈকেয়ী।

প্রশ্ন(৭)ঃ—এর মধ্যে ফ্রান্সের একটি ব্রাণ্ডের নাম কোনটি?

অপশনস্

(এ) হুইসকী	(বি) সেম্পেইন
(সি) ভোদকা	(ডি) ব্রাণ্ডি

সঠিক উত্তর ঃ (বি) সেম্পেইন।

প্রশ্ন(৮)ঃ—ফিল্ম 'সাহেব বিবি-গোলাম' ছবিতে সাহেবের ভুমিকায় কে অভিনয় করেছেন?

অপশনস্

(এ) সপরু	(বি) নাসীর হুসেন
(সি) রেহ্মান	(ডি) গুরু দত্ত

সঠিক উত্তরঃ (সি) রেহ্মান।

প্রশ্ন (৯) ঃ— এর মধ্যে কোন্‌টি ক্রিকেট খেলার আউট হবার পদ্ধতি নয়?

অপশনস্

(এ) Bailed Out	(বি) Handling the Ball
(সি) Obstructing the field	(ডি) Hit the ball twice

সঠিক উত্তরঃ (এ) Bailed Out.

প্রশ্ন (১০) ঃ— ' Akal Takht or Throne of the limitless one' পাঞ্জাবের কোন্ শহরে অবস্থিত ?

অপশনস্—

(এ) লুধিয়ানা	(বি) অমৃতসর
(সি) নয়ান শহর	(ডি) পাতিয়ালা

সঠিক উত্তরঃ- (ডি) পাতিয়ালা।

প্রশ্ন (১১) ঃ— ' Aa ab laut chalen ' সংগীতটি সর্বপ্রথম কোন্ রাষ্ট্রীয় ফিল্মে গাওয়া হয়েছিল ?

অপশনস্—

(এ) আওয়ারা	(বি) বরসাত
(সি) সঙ্গম	(ডি) জিস দেশমে গঙ্গা বেহেতে হেয়

সঠিক উত্তরঃ- (ডি) জিস দেশমে গঙ্গা বেহেতে হেয়।

প্রশ্ন (১২) ঃ— এর মধ্যে কোন্ প্রধানমন্ত্রীর জন্ম এলাহাবাদে হয় নি ?

অপশনস্—

(এ) ইন্দিরা গান্ধী	(বি) লাল বাহাদুর শাস্ত্রী
(সি) ভি.পি.সিং	(ডি) জওহরলাল নেহেরু

সঠিক উত্তরঃ- (বি) লাল বাহাদুর শাস্ত্রী।

প্রশ্ন (১৩) ঃ— ভারতে আগমণকারী প্রথম ব্রিটিশ কার্যকরী সম্রাট কে ছিলেন ?

অপশনস্—

(এ) জর্জ পঞ্চম	(বি) এলিজাবেথ- ২য়
(সি) এডওয়ার্ড-অষ্টম	(ডি) ভিকটোরিয়া

সঠিক উত্তরঃ- (এ) জর্জ পঞ্চম। ফোন অব ফ্রেণ্ড-এ উত্তর দেন।

প্রশ্ন (১৪) ঃ— ১৯৭৫ সালে হকি ওয়ার্ল্ড কাপে ভারতের নেতৃত্বে কে ছিলেন ?

অপশনস্—

(এ) বলবীর সিং	(বি) অজিত পাল সিং
(সি) বিষেণ সিং	(ডি) গুরুবক্স সিং

সঠিক উত্তরঃ- (বি) অজিত পাল সিং।

৫০ঃ৫০-তে সি ও ডি অদৃশ্য হবার পর শুদ্ধ উত্তর করেন। এরই সঙ্গে হুটার বাজিয়ে জানিয়ে দেওয়া হল আর খেলা দীর্ঘায়িত করা যাবে না। ৫০,০০,০০০ লাভ টাকার চেক নিয়ে বচ্চনজীর হাতে তুলে দিয়ে শুভেচ্ছা বিনিময় করে শ্রী কাপুর বিদায় নেন।

২০ শে আগস্ট,২০০১ ইং

আজ প্রথমেই খেলছেন গত সপ্তাহে নির্বাচিত শ্রী চাটার্জী। প্রথম প্রশ্নেই বিদ্যুৎ ছিল না।

প্রশ্ন (২) ঃ— বাইবেলের আদম এবং ঈভকে অভিশপ্ত ফল খাওয়াঁর জন্য কোন্ প্রাণী প্রলোভিত করেছিল ?

অপশনস্—

(এ) Crow	(বি) Vulture
(সি) Serpent	(ডি) Crocodile

সঠিক উত্তরঃ- (সি) Serpent.

প্রশ্ন (৩) ঃ— টেলিফোন আবিষ্কারকারীর উপনাম কি ছিল ?

অপশনস্—

(এ) রাইন	(বি) ফোন
(সি) বেল	(ডি) ডায়াল

সঠিক উত্তরঃ- (সি) বেল।

প্রশ্ন (৪) ঃ— ফিল্ম ' লগন'-এ গ্রামবাসী কোন্ খেলাকে ফিরিঙ্গী গিল্লীডাণ্ডা বলত ?

অপশনস্—

(এ) টেনিস	(বি) হকি
(সি) ক্রিকেট	(ডি) বাস্কেটবল

সঠিক উত্তরঃ- (সি) ক্রিকেট।

প্রশ্ন (৫) ঃ— যদি এক মিটারে ১০০ সেমি হয়,তবে এক বর্গ মিটারে কত সেমি হবে?

অপশনস্—

(এ) ১০০০ বর্গ সেমি	(বি) ১০,০০০ বর্গ সেমি
(সি) ১০০ বর্গ সেমি	(ডি) ১০ বর্গ সেমি

সঠিক উত্তরঃ- (বি) ১০,০০০ বর্গ সেমি।

প্রশ্ন (৬) ঃ— হিন্দীতে এর মধ্যে কাকে ' সিতাংশু ' বলা হয় ?

অপশনস্—

(এ) সূর্য	(বি) চন্দ্র
(সি) পৃথিবী	(ডি) আকাশ

সঠিক উত্তরঃ- (বি) চন্দ্র।

ঘোষণা ঃ— কিসকে নাম ইনাম—৬

প্রশ্ন ঃ— What name was 'Swami Dayananda Saraswati' given at birth?

অপশনস্—

(এ) কৃপাশঙ্কর	(বি) দয়াশঙ্কর
(সি) মুলশঙ্কর	(ডি) শিবশঙ্কর

সঠিক উত্তরঃ- (সি) মুলশঙ্কর।

শুদ্ধ উত্তর দিয়ে ৫০,০০০ জিতে নেন জুনাগড়ের মায়ুর নাকুম।

প্রশ্ন (৭) ঃ— এর মধ্যে প্রোটিনের প্রধান উপকরণ কোন্‌টি ?

অপশনস্‌—

(এ) ল্যাকটিক এসিড	(বি) সাইট্রিক এসিড
(সি) অ্যাসেটিক এসিড	(ডি) এমাইনো এসিড

সঠিক উত্তরঃ- (ডি) এমাইনো এসিড।

প্রশ্ন (৮) ঃ— G. V. Iyer's এর ফিল্‌ম ' স্বামী বিবেকানন্দ ' এ রামকৃষ্ণের ভূমিকা কে অভিনয় করেছেন ?

অপশনস্‌—

(এ) মিঠুন চক্রবর্ত্তী	(বি) নির্মল পাণ্ডে
(সি) নানা পাটেকর	(ডি) অমল পালেকর

সঠিক উত্তরঃ- (এ) মিঠুন চক্রবর্ত্তী।

প্রথমে জনতার রায়, পরে ৫০ঃ৫০ করে শুদ্ধ উত্তর করেন।

প্রশ্ন (৯) ঃ— কোন্‌ দুই রাজার মধ্যে Hydaspes যুদ্ধ হয়েছিল ?

অপশনস্‌—

(এ) আলেকজাণ্ডার ও পুরু	(বি) অশোক ও ফ্লুয়েমী-৩য়
(সি) হর্যবর্ধন ও পুলকেসী-২য়	(ডি) চন্দ্রগুপ্ত-১ ও সেলুকাস

সঠিক উত্তরঃ- (এ) আলেকজাণ্ডার ও পুরু।

প্রশ্ন (১০) ঃ— ত্রয়োদশ লোকসভা নির্বাচনে কোন্‌ রাজনৈতিক দলের নেতা ' আকবর পুর' কেন্দ্র থেকে প্রতিদ্বন্দ্বিতা করেন ?

অপশনস্‌—

(এ) রাষ্ট্রীয় লোক দল	(বি) রাষ্ট্রীয় জনতা দল
(সি) বহুজন সমাজ পার্টি	(ডি) সমাজবাদী পার্টি

সঠিক উত্তরঃ- (সি) বহুদল সমাজ পার্টি।

প্রশ্ন (১১) ঃ— ১০০০ রান এবং ১০০ উইকেট নিয়ে টেস্টক্রিকেটে ডাবল রেকর্ডকারী প্রথম ভারতীয় খেলোয়াড় কে ?

অপশনস্‌—

(এ) ভিনু মানকর	(বি) লালা অমরনাথ
(সি) সি. কে. নায়ডু	(ডি) বাপু নাদকারর্ণী

সঠিক উত্তরঃ- (সি) ভিনু মানকর।

এখানে ভুল বলায় সি-কে ৩,২০,০০০ নিয়ে খেলা থেকে চলে যান।

প্রথম নির্বাচনী প্রশ্ন—

○ মঙ্গেশকর পরিবারের সবচেয়ে বড় সদস্য থেকে ছোট সদস্যের ক্রমানুসারে লিখ।

অপশনস্—			
(এ)	লতা মঙ্গেশকর	(বি)	দিনানাথ মঙ্গেশকর
(সি)	আশা ভোঁসলে	(ডি)	উষা মঙ্গেশকর

সঠিক ক্রম হল— ১. (বি) দিনানাথ মঙ্গেশকর
২. (এ) লতা মঙ্গেশকর
৩. (সি) আশা ভোঁসলে
৪. (ডি) উষা মঙ্গেশকর

শুদ্ধ ক্রম করেন ১০ জনে ৪ জন। এর মধ্যে হট সীটে বসেন ব্যাঙ্গালোরের স্মিতা এস.। তাকে যে যে প্রশ্ন করা হয়, তা হল —

প্রশ্ন (১) ঃ— মনিরত্নমের কোন্ ফিল্মে অরবিন্দ স্বামী এক সাংবাদিকের ভূমিকায় অভিনয় করেছেন ?

অপশমস্—

(এ)	রাজা	(বি)	বোম্বে
(সি)	দিল সে	(ডি)	ডালা পাথি

সঠিক উত্তরঃ- (বি) বোম্বে।

প্রশ্ন (২) ঃ— এর মধ্যে কোন্‌টি এক প্রকার ' ব্রিজ ' বলে গণ্য করা হয় ?

অপশনস্—

(এ)	কুকনস	(বি)	পনটুন
(সি)	মুনসুন	(ডি)	প্লাটুন

সঠিক উত্তরঃ- (বি) পনটুন।

জনতার রায় নিয়ে ডি-তে ৩০ শতাংশ পেয়ে ভুল বলে শূন্য হাতে ফিরেন।
এরই সঙ্গে খেলার ও সমাপ্তি হয়।

২১শে আগস্ট,২০০১ ইং

বহু লোকের চেষ্টায় ত্রিপুরা থেকে কেউ কৌ ব ক্রো-তে অংশ নিতে পারে নি। ত্রিপুরা উৎসাহী দর্শকদের সান্ত্বনা দেবার জন্য আমি কে বি সির সঞ্চালক অমিতাভ বচ্চনের নিকট আমার লেখার জন্য বিনীত পরামর্শ প্রার্থনা করি। আমি যে ভাবে স্পীডপোষ্টে চিঠি পাঠাই তা নিম্নরূপ —

মি. অমিতাভ বচ্চন,
ক্যুইজ মাস্টার
'কৌন বনেগা ক্রোড়পতি '
স্টার ইণ্ডিয়া লিমিটেড,

আগরতলা, ত্রিপুরা
২১শে আগস্ট, ২০০১ ইং

পোস্ট বক্স নং-৩৭৪৫১
জে. বি. নগর পোষ্ট অফিস,
আন্দেরী (পূর্ব)
মুম্বাই-৪০০০৫৯, ইণ্ডিয়া
পরম শ্রদ্ধাভাজনেষু
বড় ভাই অমিতাভজী,

পত্রের সূচনায় আপনাকে শত কোটি বিনম্র প্রণাম। শত কোটি ধন্যবাদ জানাই 'কৌন বনেগা ক্রোড়পতি ’র চেয়ারম্যান,ডাইরেক্টর,সমস্ত অফিসার,প্রকৌশলী এবং সর্ব শ্রেণীর নিষ্ঠাবান কর্মীদের।

আপনার প্রত্যক্ষ সঞ্চালনায় ' কৌন বনেগা ক্রোড়পতি' আজ দেশ বিদেশে এক আশ্চর্য আকর্ষণীয় খেলায় পরিণত হয়েছে। আমার স্ত্রীর প্রেরনায় এই খেলার প্রতি আমার মনোযোগ বৃদ্ধি পায়। আমি ক্ষুদ্র জ্ঞান-বুদ্ধি নিয়ে প্রায় প্রতিটি এপিসোড পরম তৃপ্তি সহকারে প্রত্যক্ষ করি। যেদিন বিদ্যুতের অভাবে খেলা দেখা হয় না, সেদিন সারা রাত ছট্‌ফট করে বিনীদ্র রজনী কাটাতে হয়।

২০০০ সালের ১৫ই আগস্ট থেকে আমি খেলাটি নিয়মিত দেখছি। খেলার প্রতিটি এপিসোডসহ ৩রা জুলাই ২০০১ এর প্রথম বর্ষপূর্তি অনুষ্ঠানটি দেখারও সৌভাগ্য আমার হয়েছে।

ভারতের উত্তর পূর্বাঞ্চলের একটি ত্রুদ্র পাহাড়ী রাজ্য আমার প্রিয় ত্রিপুরা। এর মোট আয়তন হচ্ছে ১০,৪৯৪ বর্গ কিমি এবং এর তিন দিকেই প্রতিবেশী বাংলাদেশ দ্বারা আবদ্ধ। বর্তমানে ত্রিপুরার জনসংখ্যা হচ্ছে ৩১,৯১,১৬৮ জন। এর মধ্যে ত্রিপুরার স্বাক্ষরতার হার হচ্ছে ৭৩.৬৬ শতাংশ। রাজধানীর নাম আগরতলা। ত্রিপুরার প্রাচীন রাজাদের স্মৃতিবিজরিত গৌরব আজও রাজ্যের সর্বত্র ইতিহাসের স্বাক্ষ্য বহন করে চলছে।

আপনার ক্যুইজ অনুষ্ঠানের শুরু থেকে আজ পর্যন্ত ত্রিপুরা থেকে বহু উৎসাহী মানুষ অংশ নিতে ব্যাকুলতায় ফোন ঘুরিয়ে যাচ্ছে। কিন্তু পরিতাপের বিষয়, এখন পর্যন্ত কেউ খেলায় অংশ নিতে পারে নি। আমি কিন্তু না যাবার ব্যর্থতা নিয়ে এই খেলা দেখা বর্জন করিনি। বরং খেলা দেখার সাথে সাথে লেখার কাজ শুরু করি ২০০০ সালের ১৫ই আগস্ট থেকে। যেখানেই যাইনা কেন, আপনার খেলাটি দেখার জন্য উদগ্রীব হয়ে থাকি। এবারের ৫৫ স্বাধীনতায় আমার দেখা ও লেখার বর্ষপূর্তি হল অতীব নীরবতায়। এদিন টিভির পর্দায় হট সীটে ছিলেন রুপালী পর্দার নায়ক মি. অনিল কাপুর মহাশয়।

বহু অংশগ্রহণকারী এবং দুরান্তের আত্মীয়,বন্ধুদের নানা অনুরোধ আপনার যোগ্য ভাষণে পুরণ করে চলছেন। আমার দেখার সাথে লেখার প্রচেষ্টার জন্য আপনার মূল্যবান আশীর্বাদের দু-চারটি উপদেশ সাগ্রহে প্রতীক্ষা করছি। পাশা-পাশি ত্রিপুরা থেকে এখনও যারা এই খেলায় অংশ নিতে পারেন নি,ঐ উদ্দেশ্যে উৎসাহ ব্যঞ্জক কিছু পরামর্শ দিলে ত্রিপুরাবাসী কৃতজ্ঞ থাকবে। আপনার মূল্যবান সময়ের ভগ্নাংশ ব্যয়ে, এই ছোট ভাইটির জন্য দু-কলম লিখিত প্রেরণা পাঠালে জীবনের পরম সুখস্মৃতি হিসেবে গণ্য করব। আপনার মহামূল্য উপদেশের জন্য টিভি ও ডাক পথে অধীর আগ্রহে প্রতীক্ষা করব। আশা করি বঞ্চিত হব না।

আপনার ও অন্যান্য সকলের হাজার বছর দীর্ঘায়ু কামনায় এখানেই ইতি টানছি।

বিনম্র প্রণামান্তে

ছোট ভাই সন্তোষ চৌধুরী

আর্টিস্ট

আগরতলা, সাউথ ধলেশ্বর, ত্রিপুরা রাজ্য

পোঃ আগরতলা কলেজ,পিন-৭৯৯০০৪

কিন্তু বহু প্রতীক্ষার পরও উত্তর বা টিভিতে হ্যালো পেলাম না। অন্তরে ব্যথা নিয়ে তবুও দেখছি।

২১ শের রাতে ৯.২৮ এ বিদ্যুৎ এলে হট সীটে খেলছেন উষা বালা ৭নং প্রশ্ন থেকে।

ঘোষণা ঃ— কিসকে নাম ইনাম—৭

(প্রশ্ন) Algu Choudhury and Jumman Sheikh are the main character of which Premchand's stories ?

অপশনস্—

(এ)	Do Beloki Katha	(বি)	Pancha Parameshwar
(সি)	Satranj Ki Khilari	(ডি)	Namak Ka Daroga

সঠিক উত্তরঃ- (বি) Pancha Parameshwar.

৫০,০০০ না নিয়ে খেলায় অংশ নিতে ইচ্ছুক নবীন কুমার দুবে। আবার শুরু নর্মাল এপিসোড।

প্রশ্ন (৭) ঃ— কোন্ নৃত্যটি সাধারণতঃ মহিলারাই করে থাকেন ?

অপশনস্—

(এ)	ভাংড়া	(বি)	কথক
(সি)	গিড্ডা	(ডি)	কথাকলি

সঠিক উত্তরঃ- (সি) গিড্ডা।

প্রশ্ন (৮) ঃ— মহাভারতে ধৃতরাষ্ট্র,পাণ্ডু এবং বিদুরের পিতা কে ছিলেন ?

অপশনস্—

(এ) পরশুরাম	(বি) পরাশর
(সি) বেদব্যাস	(ডি) ইন্দ্র

সঠিক উত্তরঃ- (সি) বেদব্যাস।

প্রশ্ন (৯) ঃ— গ্রীক জেনারেল Selucus Nikolus কাকে নিজের দূত হিসেবে মগধে পাঠিয়ে ছিলেন ?

অপশনস্—

(এ) মার্কো পোলো	(বি) মেগাস্থিনিস
(সি) ভাস্কো দ্য গামা	(ডি) নিকোলো

সঠিক উত্তরঃ- (বি) মেগাস্থিনিস।

এখানে তিনি ভুলের ভয়ে ৮০,০০০ নিয়ে খেলা ছেড়ে দেন।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন—

● নীচেরগুলো কম সংখ্যা থেকে শুরু করে বেশী সংখ্যা ক্রমানুসারে লিখ।

অপশনস্—

(এ) ১ ডিকে	(বি) ১ সেঞ্চুরী
(সি) ১ ইয়ার	(ডি) ১০ মান্থ

সঠিক ক্রম হল— ১. (ডি) ১০ মান্থ
২. (সি) ১ ইয়ার
৩. (এ) ১ ডিকে
৪. (বি) ১ সেঞ্চুরী

৯ জনে শুদ্ধ ক্রম করেন ৫জন। এর মধ্যে হট সীটে খেলেন ব্যাঙ্গালোরের জয়শ্রী মেহ্‌তা। তাকে যে যে প্রশ্ন করা হয়—

প্রশ্ন (১) ঃ— এক ফটোগ্রাফার ফটো তোলার সময় ব্যক্তিকে হাসি দেবার জন্য কোন্ শব্দ প্রযোগ করেন ?

অপশনস্—

(এ) বাটার	(বি) ক্রিম
(সি) চীজ	(ডি) মিল্ক

সঠিক উত্তরঃ- (সি) চীজ।

প্রশ্ন (২) ঃ— একটি ডিজিটাল ঘড়িতে কয়টি কাটা থাকে ?

অপশনস্—

(এ) ১ টি	(বি) ২ টি
(সি) ৩ টি	(ডি) একটিও নয়

সঠিক উত্তরঃ- (ডি) একটিও নয়।

প্রশ্ন (৩) ঃ— ' মিতবা ও মিতবা ' কোন্ হিট ফিল্মের সংগীত এটি ?

অপশনস্—

(এ) ঘর এক প্রেম কথা	(বি) তুম বিন্
(সি) লগন	(ডি) মুজে কুচ কেহেনা হেয়

সঠিক উত্তরঃ- (সি) লগন।

প্রশ্ন (৪) ঃ— যদি নিজের রক্তে অক্সিজেন খুব কম হয়, তবে এর মধ্যে কোন্টি হবে?

অপশনস্—

(এ) Hiccup	(বি) Yawn
(সি) Cough	(ডি) Sneeze

সঠিক উত্তরঃ- (বি) Yawn.

প্রশ্ন (৫) ঃ— বর্তমান লোকসভায় মোলায়েম সিং যাদব কোন্ রাজনৈতিক দলের নেতা ছিলেন ?

অপশনস্—

(এ) জনতা দল (ইউ)	(বি) রাষ্ট্রীয় জনতা দল
(সি) সমাজবাদী পার্টি	(ডি) ভারতীয় জাতীয় লোকদল

সঠিক উত্তরঃ- (সি) সমাজবাদী পার্টি।

প্রশ্ন (৬) ঃ— হিন্দু মান্যতা অনুযায়ী গঙ্গার বাহনের নাম কি ?

অপশনস্—

(এ) শিবের জটা	(বি) ঘারিয়াল
(সি) হংস	(ডি) মৎস্য

সঠিক উত্তরঃ- (ডি) মৎস্য।

জনতার রায় এ না হওয়ায় ৫০ঃ৫০ তে শুদ্ধ উত্তর করেন।

প্রশ্ন (৭) ঃ— কয়টি পশ্চিমী রাশি চিহ্নের নামের শুরু ইংরেজী 'A' অক্ষর দ্বারা সূচিত হয়?

অপশনস্—

(এ) ৪ টি	(বি) ১ টি
(সি) ২ টি	(ডি) ৩ টি

সঠিক উত্তরঃ— (সি) ২ টি। এখানেই রাতের খেলা শেষ হল।

২২শে আগস্ট, ২০০১ ইং

প্রশ্ন (৮) ঃ— নির্দেশক চন্দ্রশেখর নারভেকরকে আমরা কোন্ নামে জানি?

অপশনস্—

(এ) এন.চন্দ্র	(বি) সি.রামচন্দ্র
(সি) গুলজার	(ডি) রাজা চন্দ্রশেখর

সঠিক উত্তরঃ- (এ) এন.চন্দ্র।

প্রশ্ন (৯) ঃ— নীচের কোন্ স্থানে কখনো বিশ্বকাপ ক্রিকেট খেলা অনুষ্ঠিত হয় নি

অপশনস্—

(এ) নিউজিল্যাণ্ড	(বি) হল্যাণ্ড
(সি) বাংলাদেশ	(ডি) শ্রীলঙ্কা

সঠিক উত্তরঃ- (সি) বাংলাদেশ।

প্রশ্ন (১০) ঃ— কোন্ বাঁধের ফলে ' গোবিন্দ সাগর ' জলাশয় তৈরী হয়?

অপশনস্—

(এ) হীরাকুঁদ	(বি) নাগার্জুন সাগর
(সি) ভাকরা নাঙ্গাল	(ডি) তেহরী

ঠিক উত্তরঃ- (সি) ভাকরা নাঙ্গাল।

প্রশ্ন (১১) ঃ— ভারতে কোন্ মহিলাকে প্রথম বিদেশ সচীব পদে নিযুক্ত করা হয়

অপশনস্—

(এ) সরলা গ্রেওয়াল	(বি) চকিলা আয়ার
(সি) নির্মলা রাও	(ডি) রমা দেবী

সঠিক উত্তরঃ- (বি) চকিলা আয়ার।

প্রশ্ন (১২) ঃ— দক্ষিণ ভারতের কোন্ বৌদ্ধ ভিক্ষু Madhyamika or Middle path school স্থাপন করেছিলেন?

অপশনস্

(এ) মহেন্দ্র	(বি) নাগার্জুন
(সি) নাগসেনা	(ডি) কুমারজীব

সঠিক উত্তর ঃ- (বি) নাগার্জুন।

প্রশ্ন (১৩) ঃ— Longwood Cricket club-এ কোন্ টুর্নামেন্ট প্রথম খেলা হয়েছিল?

অপশনস্

(এ) The Ashes	(বি) Wimbledom
(সি) Cricket world Cup	(ডি) Davis Cup

সঠিক উত্তর ঃ- (ডি) Davis Cup.

তিনি ভুল উত্তর করায় ১২,৫০,০০০—৯,৮০,০০০ = ৩,২০,০০০ নিয়ে ফিরেন।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

○ এই জুবিলীগুলো প্রথম থেকে শেষ হিসেবে লিখ।

অপশনস্

(এ) ক্রীইস্টাল	(বি) সিলভার
(সি) ডায়মন্ড	(ডি) গোল্ড

বিদ্যুৎ বিভ্রাটে আর খেলায় দেখা হয়, তাই ক্রম দেওয়া গেল না।

২৭শে আগস্ট, ২০০১ ইং

ক্যাবল লাইন বিভ্রাটে মুম্বায়ের নবীন আহমেদের ৭ নং প্রশ্ন পর্যন্ত দেখা হল না।

প্রশ্ন (৮) ঃ— ১৯৩৫ সালের ফিল্‌ম 'দেবদাস'-এর কোন্ বিখ্যাত গায়ক মুখ্য ভূমিকায় অভিনয় করেছেন?

অপশনস্

(এ) কে. সি. দে.	(বি) কে. এল. সায়গল
(সি) সি. এইচ. আত্মা	(ডি) পঙ্কজ মল্লিক

সঠিক উত্তর ঃ- (বি) কে. এল. সায়গল।

প্রশ্ন (৯) ঃ— কোন্ রাজ্য নির্মাণের জন্য Potti Srinanula-র সাহায্য নেওয়া হয়?

অপশনস্

(এ) কেরালা	(বি) তামিলনাড়ু
(সি) অন্ধ্রপ্রদেশ	(ডি) কর্ণাটক

সঠিক উত্তর ঃ- (সি) অন্ধ্রপ্রদেশ।

প্রশ্ন (১০) ঃ— এর মধ্যে কোন্ শহরে অলিম্পিক খেলা দুইবার অনুষ্ঠিত হয় নি?

অপশনস্

(এ) প্যারিস	(বি) এথেন্স
(সি) লস এঞ্জেলস	(ডি) লন্ডন

সঠিক উত্তর ঃ- (বি) এথেন্স।

৫০ ঃ ৫০ এবং ফোন অব ফ্রেন্ড করে ভুল এ-বলায় ১০,০০০ নিয়ে ফিরেন।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

○ একটি বৃক্ষের ফল পাকা পর্যন্ত প্রথম প্রক্রিয়া থেকে লিখ।

অপশনস্

(এ) Flowaring	(বি) Budding
(সি) Fruiting	(ডি) Pipening of Fruit

সঠিক ক্রম হল ঃ— ১. (বি) Budding
২. (এ) Flowaring
৩. (সি) Fruiting
৪. (ডি) Pipening of Fruit

১০ জনে শুদ্ধ ক্রম করেন ৩ জন। এদের মধ্যে থেকে হট সীটে খেলেন কর্ণাটকের বসন। তাকে যে যে প্রশ্ন করা হয়, তা হল —

প্রশ্ন (১) ঃ— সাধারণতঃ কোন্ টিভি অনুষ্ঠান পি. জি. শ্রেণীভূক্ত?

অপশনস্

(এ) ওয়েদার ফোরকাস্ট	(বি) নিউজ বুলেটিন
(সি) ইলেকট্রিকএনালাইসিস	(ডি) ফিল্ম

সঠিক উত্তরঃ- (ডি) ফিল্ম। জনতার রায় ৪২ শতাংশ ছিল ডি-তে।

প্রশ্ন (২) ঃ— নীচের কোন্‌টি ভারতের ক্রিকেট সংগঠনের নাম?

অপশনস্

(এ) CBFS	(বি) CCI
(সি) BCCI	(ডি) ICC

সঠিক উত্তর ঃ- (সি) BCCI.

প্রশ্ন (৩) ঃ— Trapet ক্রিয়াকলাপ কোথায় দেখানো হয়?

অপশনস্

(এ) হসপিটাল	(বি) আর্ট গ্যালারী
(সি) সার্কাস	(ডি) অয়ারপোর্ট

সঠিক উত্তর ঃ- (সি) সার্কাস।

প্রশ্ন (৪) ঃ— মহাভারতে কাকে 'গাঙ্গেয়' বলা হয়?

অপশনস্

(এ) কর্ণ	(বি) দ্রোণাচার্য
(সি) ভীষ্ম	(ডি) অর্জুন

সঠিক উত্তর ঃ- (সি) ভীষ্ম।

প্রশ্ন (৫) ঃ— ফিল্ম 'Saaz'-এ শাবানা আজমী এবং উস্তাদ জাকীর হুসেনের অভি নির্দেশক কে ছিলেন?

অপশনস্

(এ) গুলজার	(বি) সাই পরঞ্জীবী
(সি) বাসু ভট্টাচার্য	(ডি) গোবিন্দ নিহাল্নী

সঠিক উত্তর ঃ- (বি) সাই পরঞ্জীবী।

ঘোষণা ঃ— কিসকে নাম ইনাম — ৮

(প্রশ্ন) which of these films was based on the life of the daughter of Iltudmish ?

অপশনস্

(এ)	Umrao Jaan	(বি)	Sardari Begam
(সি)	Razia Sultan	(ডি)	Noor Jahan

সঠিক উত্তর ঃ- (সি) Razia Sultan.

শুদ্ধ উত্তর করে ৫০,০০০ টাকা জিতে নেন দিল্লীর প্রদীপ গোয়েল।

প্রশ্ন (৬) ঃ— Acididy এবং Alkalivity কিসের মাপার একক?

অপশনস্

(এ)	Moh's scale	(বি)	Ricker scale
(সি)	P H scale	(ডি)	Miracell

সঠিক উত্তর ঃ- (সি) P H scale.

প্রশ্ন (৭) ঃ— Balakrighamonon আধ্যাত্ব সংগঠন কে গঠন করেছিলেন?

অপশনস্

(এ)	চিন্ময়ানন্দ সরস্বতী	(বি)	আদি শঙ্করাচার্য
(সি)	রামানুজ	(ডি)	মহেশ যোগী

সঠিক উত্তর ঃ- (এ) চিন্ময়ানন্দ সরস্বতী।

প্রশ্ন (৮) ঃ— কোন্ ভারতীয় ক্রিকেট খেলোয়াড় প্রথম টেস্ট খেলায় প্রথম সেঞ্চুরী করেছেন?

অপশনস্

(এ)	সুনীল গাভাস্কার	(বি)	সৌরভ গাঙ্গুলী
(সি)	গুন্ডাপ্পা বিশ্বনাথ	(ডি)	লালা অমরনাথ

সঠিক উত্তর ঃ- (সি) গুন্ডাপ্পা বিশ্বনাথ।

হঠাৎ ক্যাবল কন্ট্রোল বিচ্ছিন্ন হওয়ায় নিরাশায় বাকী সময় কাটল।

২৮শে আগষ্ট, ২০০১ ইং

গতরাতের শেষ নির্বাচিত প্রার্থী প্রবীন চতুর্বেদী আজ প্রথম খেলছেন।

প্রশ্ন (১) ঃ— নীচের কোন্ ফিল্মের নায়ক ছিলেন অক্ষয় কুমার?

অপশনস্

(এ)	দুলহে রাজা	(বি)	বানারসী বাবু
(সি)	আলবেলা	(ডি)	গেম্বলার

সঠিক উত্তর ঃ- (সি) আলবেলা।

প্রশ্ন (২) ঃ— গাছ থেকে কোন্ ফল পড়তে দেখে নিউটন আকর্ষণ সূত্র আবিষ্কার করেছেন?

অপশনস্

(এ) আপেল	(বি) আম
(সি) পেয়ারা	(ডি) নাসপাতী

সঠিক উত্তর ঃ- (এ) আপেল।

প্রশ্ন (৩) ঃ— এদের মধ্যে কে ডান হাতে বল করেন?

অপশনস্

(এ) আশীষ নেহরা	(বি) সৌরভ গাঙ্গুলী
(সি) সুনীল যোশী	(ডি) জাহীর খান

সঠিক উত্তর ঃ- (বি) সৌরভ গাঙ্গুলী।

প্রশ্ন (৪) ঃ— কোন্ প্রধানমন্ত্রীর কার্যকালে ভারত গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়?

অপশনস্

(এ) সি. রাজ গোপালাচারী	(বি) জওহরলাল নেহেরু
(সি) লাল বাহাদুর শাস্ত্রী	(ডি) গুলজারী লাল নন্দ

সঠিক উত্তর ঃ- (বি) জওহরলাল নেহেরু।

প্রশ্ন (৫) ঃ— কোন্ কার্টুন পাত্রের নিকট Abu নামে একটি পালিত বানর ছিল?

অপশনস্

(এ) আলাদীন	(বি) সিলবার
(সি) আলীবাবা	(ডি) চাচা চৌধুরী

সঠিক উত্তর ঃ- (এ) আলাদীন।

ঘোষণা ঃ— কিসকে নাম ইনাম — ৯

(প্রশ্ন) Which freedom fighter was elected the Mayor o calcutta in 1924 ?

অপশনস্

(এ) Shbhas ch. Basu	(বি) Chitta Ranjan Das
(সি) Raj Bihari Basu	(ডি) Bipin ch. Paul

সঠিক উত্তর ঃ- (বি) Chitta Ranjan Das.

শুদ্ধ উত্তরে ভুল করেন কলকাতার সঞ্জয় শাহ ডি-বলে।

প্রশ্ন (৬) ঃ— কোন্ রাজা মাণ্ডর রাণী রূপমতীর সঙ্গে সম্পর্কীত ছিল?

অপশনস্

(এ) হায়দার আলী	(বি) বাজ বাহাদুর
(সি) মান সিং	(ডি) আলাউদ্দীন খিলজী

সঠিক উত্তর ঃ- (বি) বাজ বাহাদুর।

৫০ ঃ ৫০ করে ভুল সি-বলায় ১০,০০০ নিয়ে ফিরে যান।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

০ গ্র্যান্ড স্লাম টেনিস টুর্নামেন্ট অনুষ্ঠিত হওয়া পূর্ব স্থান থেকে পশ্চিমে সাজিয়ে লিখ।

অপশনস্

(এ)	উইমব্লডন	(বি)	ইউ. এস. ওপেন
(সি)	ফ্রান্স ওপেন	(ডি)	অস্ট্রেলিয়ান ওপেন

সঠিক ক্রম হল ঃ— ১. (ডি) অস্ট্রেলিয়া

২. (সি) ফ্রান্স ওপেন

৩. (এ) উইমব্লডন

৪. (সি) ইউ. এস. ওপেন

শুদ্ধ ক্রম করেন ১০ জনে ৫ জন। এদের থেকে হট সীটে খেলেন ব্যাঙ্গালোরের অরবিন্দ এ.। তাকে যে যে প্রশ্ন করা হয় —

প্রশ্ন (১) ঃ—M.K. Gandhi এর মধ্যে 'M' অক্ষরের অর্থ কি?

অপশনস্

(এ)	Mahatma	(বি)	Mohanlal
(সি)	Morali	(ডি)	Mohandas

সঠিক উত্তর ঃ- (ডি) Mohandas.

প্রশ্ন (২) ঃ— হিন্দী ফিল্ম 'অস্তিত্ব', 'বাস্তব' এবং 'কুরুক্ষেত্র'-এর নির্দেশক কে ছিলেন?

অপশনস্

(এ)	বিক্রম ভাট	(বি)	মহেশ মাঞ্জেকর
(সি)	মনসুর খান	(ডি)	সরোজ বরজাতী

সঠিক উত্তর ঃ- (বি) মহেশ মাঞ্জেকর।

প্রশ্ন (৩) ঃ— সংসদে যদি কোন দলের পূর্ণ বহুমত না থাকে তাকে কি বলা হয়?

অপশনস্

(এ)	জিনেক্স পার্লামেন্ট	(বি)	টাইড পার্লামেন্ট
(সি)	ড্রন পার্লামেন্ট	(ডি)	হ্যাং পার্লামেন্ট

সঠিক উত্তর ঃ- (ডি) হ্যাং পার্লামেন্ট।

প্রশ্ন (৪) ঃ— এর মধ্যে কোন্ ব্রহ্মাণ্ডীয় পিণ্ডের লেজ থাকে?

অপশনস্

(এ)	Meteor	(বি)	Comet
(সি)	Asteroid	(ডি)	Planet

সঠিক উত্তর ঃ- (বি) Comet.

প্রশ্ন (৫) ঃ— কোন্ টুর্নামেন্ট কখনো ভারতে খেলা হয় নি?

অপশনস্

(এ)	সাফ গেসম	(বি)	এশিয়ান গেমস
(সি)	ক্রিকেট ওয়ার্ল্ড কাপ	(ডি)	কমনওয়েলথ গেমস

সঠিক উত্তর ঃ- (ডি) কমনওয়েলথ গেমস।

প্রশ্ন (৬) ঃ— এর মধ্যে কোন্ দেশ কখনো ভারতের অংশ ছিল না?

অপশনস্

(এ)	পাকিস্তান	(বি)	বাংলাদেশ
(সি)	মায়ানমার	(ডি)	নেপাল

সঠিক উত্তর ঃ- (ডি) নেপাল। তিনি ভুল সি-বলায় ১০,০০০ নিয়ে ফিরে আসেন

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

● উত্তর গোলার্ধের জানুয়ারীর ঋতু থেকে ক্রমানুসারে লিখ।

অপশনস্

(এ)	উইন্টার	(বি)	সামার
(সি)	অটাম	(ডি)	স্প্রিং

সঠিক ক্রম হল ঃ— ১. (এ) উইন্টার

২. (ডি) স্প্রিং

৩. (বি) সামার

৪. (সি) অটাম

শুদ্ধ ক্রম করেন ৯ জনে ৩ জন। এর মধ্যে হট সীটে খেলেন জামনগরের মনিষ কাকাড়িয়া তাকে যে যে প্রশ্ন করা হয় —

প্রশ্ন (১) ঃ— নীচের কোন্ ক্রিয়াতে মানুষের হৃদয়গতি বেশী হয়?

অপশনস্

(এ)	স্লিপিং	(বি)	স্মাইলিং
(সি)	ওয়াকিং	(ডি)	রানিং

সঠিক উত্তর ঃ- (ডি) রানিং।

প্রশ্ন (২) ঃ— ভৌগোলিক কোন্ নাম এক জল গরম করার পাত্র হিসেবে চিহ্নিত কর হয়?

অপশনস

(এ)	Isthmus	(বি)	Lagoon
(সি)	Islet	(ডি)	Geyser

সঠিক উত্তর ঃ- (ডি) Geyser.

প্রশ্ন (৩) ঃ—১৯৮০ সালের ফিল্ম 'কোরবানী'তে নাইট ক্লাবে কে শীলার ভূমিকায় অভিনয় করেছেন?

অপশনস্

(এ) পরভীন ববি	(বি) জীনাত আমন
(সি) টীনা মুনিম	(ডি) ওয়াহিদা রহমান

সঠিক উত্তর ঃ- (বি) জীনাত আমন।

প্রশ্ন (৪) ঃ— এর মধ্যে কোন্ নামের অর্থ 'কমল' নয়?

অপশনস্

(এ) নীরজ	(বি) পঙ্কজ
(সি) অম্বুজ	(ডি) ধীরজ

সঠিক উত্তর ঃ- (ডি) ধীরজ।

প্রশ্ন (৫) ঃ— এর মধ্যে কোন্ জনজাতী গোষ্ঠী মূলত গুজরাটে বাস করে?

অপশনস্

(এ) Gonds	(বি) Dangs
(সি) Gaddis	(ডি) Khonds

সঠিক উত্তর ঃ- (বি) Dangs.

প্রশ্ন (৬) ঃ— নতুন দিল্লীর বিজয়চকে এর মধ্যে কোন্ অনুষ্ঠানের পর Beating Retreat অনুষ্ঠান পালন করা হয়?

অপশনস্

(এ) গান্ধী জয়ন্তী	(বি) স্বাধীনতা দিবস
প্রথম নির্বাচনী প্রশ্ন —

● এই রাজ্যগুলো তাদের ক্ষেত্রফল ছোট থেকে বড় ক্ষেত্রফল অনুযায়ী সাজিয়ে লিখ।

অপশনস্

(এ) গোয়া	(বি) মহারাষ্ট্র
(সি) কেরালা	(ডি) তামিলনাড়ু

সঠিক ক্রম হল ঃ— ১. (এ) গোয়া
২. (সি) কেরালা
৩. (ডি) তামিলনাড়ু
৪. (বি) মহারাষ্ট্র

শুদ্ধ ক্রম করেন ১০ জনে ৩ জন। এর মধ্যে হট সীটে বসেন ব্যাঙ্গালোরের কিরন কুমার ডি. জে.। তাঁর পরের প্রশ্নগুলো হল —

প্রশ্ন (১) ঃ— এক বছরে মাসিক প্রকাশনা কয়টি প্রকাশিত হয়?

অপশনস্

(এ) ৬টি	(বি) ১২টি
(সি) ১০টি	(ডি) ১৬টি

সঠিক উত্তর ঃ- (বি) ১২টি।

প্রশ্ন (২) ঃ— একটি ফিল্মে চিহ্নিত **U** এর অর্থ কি?

অপশনস্

(এ) University	(বি) Unresurve
(সি) Understanding	(ডি) Universal

সঠিক উত্তর ঃ- (ডি) Universal.

প্রশ্ন (৩) ঃ— লিপ ইয়ারে কত সংখ্যায় সূর্য উদিত হবে ?

অপশনস্—

(এ) ৩৬৪ দিন	(বি) ৩৬৫ দিন
(সি) ৩৬৬ দিন	(ডি) ৩৬৭ দিন

সঠিক উত্তরঃ- (সি) ৩৬৬ দিন।

প্রশ্ন (৪) ঃ— সনৎ জয়সূরিয়া কোন্ দেশের ক্রিকেট টীমের অধিনায়ক ?

অপশনস্—

(এ) জিম্বাবোয়ে	(বি) শ্রীলঙ্কা
(সি) অস্ট্রেলিয়া	(ডি) নিউজিল্যাণ্ড

সঠিক উত্তরঃ- (বি) শ্রীলঙ্কা।

প্রশ্ন (৫) ঃ— কোন্ রাজ্যের নাম ও তার রাজধানীর নাম ইংরেজী একই অক্ষরে হয় ?

অপশনস্—

(এ) কর্নাটক	(বি) বিহার
(সি) ঝাড়খণ্ড	(ডি) মহারাষ্ট্র

সঠিক উত্তরঃ- (ডি) মহারাষ্ট্র।

প্রশ্ন (৬) ঃ— মহাভারতে অভিমন্যুর মাতা কে ছিলেন?

অপশনস্—

(এ) যশোদা	(বি) সুভদ্রা
(সি) দ্রৌপদী	(ডি) রুক্ষ্মিণী

সঠিক উত্তরঃ- (বি) সুভদ্রা।

প্রশ্ন (৭) ঃ— এদের মধ্যে কোন্ রাজনীতিজ্ঞ কখনো হরিয়ানার মুখ্যমন্ত্রী ছিলেন না?

অপশনস্—

(এ) বংশীলাল	(বি) দেবীলাল
(সি) রামলাল	(ডি) ভজনলাল

সঠিক উত্তরঃ- (সি) রামলাল।

ফোন অব ফ্রেণ্ড- না হওয়াতে ৫০ঃ৫০ তে শুদ্ধ উত্তর করেন।

প্রশ্ন (৮) ঃ— হৃদপিণ্ডে রক্ত সরবরাহকারী রক্ত নালীকাকে কি বলা হয় ?

অপশনস্—

(এ) আর্টারিজ	(বি) ক্যাপিলারিজ
(সি) ভেনস্	(ডি) লিম্ফ ক্যানেল

সঠিক উত্তরঃ- (সি) ভেনস্।

প্রশ্ন (৯) ঃ— ৩০ শে মে ১৯৮৭ সালে কোন্ স্থানকে ভারতের ২৫তম রাজ্যের স্বীকৃতি প্রদান করা হয়েছে ?

অপশনস্—

(এ) অরুণাচল প্রদেশ	(বি) গোয়া
(সি) সিকিম	(ডি) মিজোরাম

সঠিক উত্তরঃ- (বি) গোয়া।

প্রশ্ন (১০) ঃ— এর মধ্যে কোন্ ফিল্মে কোন প্রকার প্রথক ভাগ নেই ?

অপশনস্—

(এ) নাগিনা	(বি) জুয়েল থীফ
(সি) দূর গগন কি ছাও মে	(ডি) কোরবানী

সঠিক উত্তরঃ- (ডি) কোরবানী। ৫০ঃ৫০ তে শুদ্ধ উত্তর করেন।

প্রশ্ন (১১) ঃ— কোন্ প্রাক্তন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীকে ১৯৯২ সালে 'ভারতরত্ন' পুরস্কারে ভূষিত করা হয়েছিল ?

অপশনস্—

(এ) কে. কামরাজ	(বি) পাণ্ডরাং কানে
(সি) ধুন্দুকেশব কারভে	(ডি) মৌলানা আজাদ

সঠিক উত্তরঃ- (ডি) মৌলানা আজাদ। ভুল এ বলে ৩,২০,০০০ এ ফিরেন।

ঘোষণাঃ— হর সীট, হট সীট নং—৭

(প্রশ্ন) In which city of Rajasthan is these a Jantar Mantar ?

অপশনস্ —

(এ) Jaishalmir	(বি) Jodhpur
(সি) Jaipur	(ডি) Udaipur

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

○ মানুষের মুখমণ্ডলের সবচেয়ে উপরের দিক থেকে শুরু করে ক্রমশঃ নীচের ভাগ হিসেবে লিখ।

অপশনস্—

(এ) মুচস্টেচ	(বি) আইব্রো
(সি) তিলক	(ডি) আইলেশ

সঠিক ক্রম হল— ১. (সি) তিলক

২. (বি) আইব্রো

৩. (ডি) আইলেশ

৪. (এ) মুচস্টেচ

শুদ্ধ ক্রম করে ৯ জনে ৪ জন। এদের থেকে হট সীটে খেলেন কর্নাটকের মনোহর ভাণ্ডারী। তাকে য়ে যে প্রশ্ন করা হয়—

প্রশ্ন (১) ঃ— সাধারণতঃ এর মধ্যে কার কাছে পুরানো পত্রিকা বিক্রী করবেন ?

অপশনস্—

(এ) সব্জিওয়ালা	(বি) কাবলীওয়ালা
(সি) পানওয়ালা	(ডি) টাঙ্গেওয়ালা

সঠিক উত্তরঃ- (বি) কাবলীওয়ালা।

প্রশ্ন (২) ঃ— নীচের কোন্‌টি ভারতীয় রাজ্যের সংক্ষিপ্ত নাম নয় ?

অপশনস্—

(এ) AP	(বি) LP
(সি) MP	(ডি) HP

সঠিক উত্তরঃ- (বি) LP.

প্রশ্ন (৩) ঃ— সাহ্‌নাজ হুসেনকে এর মধ্যে কোন্ ক্ষেত্রের জন্য বিখ্যাত আনা হয় ?

অপশনস্—

(এ) ফ্যাশান ডিজাইনার	(বি) প্লে ব্যাক সিঙ্গার
(সি) কসমেটিক প্রোডাক্টস	(ডি) ক্যারিওগ্রাফী

সঠিক উত্তরঃ- (সি) কসমেটিক প্রোডাক্টস।

প্রশ্ন (৪) ঃ—কোন্ ফিল্‌মে জুহি চাওলা এবং আমীর খান একত্রে অভিনয় করেছেন?

অপশনস্

(এ) ডর	(বি) ইয়েস বস
(সি) ইসক্	(ডি) ডুপ্লিকেট

সঠিক উত্তর ঃ (সি) ইসক্। জনরায় ৯১ শতাংশ ছিল সি-তে।

প্রশ্ন(৫)ঃ—একটি বর্গাকার ক্ষেত্রের চার কোণের সমষ্টি কত ডিগ্রী হয়?

অপশনস্

(এ) ৯০ ডিগ্রী	(বি) ১৮০ ডিগ্রী
(সি) ৩৬০ ডিগ্রী	(ডি) ৭২০ ডিগ্রী

সঠিক উত্তরঃ—(সি) ৩৬০ ডিগ্রী। ৫০ঃ৫০করে উত্তর দেন।

প্রশ্ন(৬)ঃ—নীচের কোনেটি পায়ে পরিহিত্ত করা হয় না?

অপশনস্

(এ) স্যাণ্ডেলস	(বি) খড়ম
(সি) যোধপুরস	(ডি) উইলিংটনস

সঠিক উত্তর ঃ (সি) যোধপুরস। তিনি ভুল বি-বলায় ১০,৮০০ নিয়ে ফিরে যান

তৃতীয় নির্বাচনী প্রশ্ন—

⊙ পূর্ব থেকে শুরু করে এই রাষ্ট্রপতিদের তাদের পশ্চিমে ক্রমানুসারে লিখ।

অপশনস্

(এ) সাদ্দাম হুসেন	(বি) চন্দ্রিকা কুমার তুঙ্গা
(সি) পারভেজ মুশারফ	(ডি) জর্জ ডাবলু বুশ

সঠিক ক্রম হল— ১. (বি) চন্দ্রিকা কুমার তুঙ্গা

২. (সি) পারভেজ মুশারফ

৩. (এ) সাদ্দাম হুসেন

৪. (ডি) জর্জ ডাবলু বুশ

৮ জনে শুদ্ধ উত্তর করেন ৪ জন । এদের থেকে হট সীটে বসেন ব্যাঙ্গাঁলোরের সুষমা কে.আর। তাকে যে যে প্রশ্ন করা হল তা হল —

প্রশ্ন(১)ঃ—এর মধ্যে কোন্ একটি সব্জি শ্রেণীভুক্ত অথচ রান্না করা যায় না?

অপশনস্

(এ) ফ্রাইড পটেটু	(বি) হট পটেটু
(সি) সুইট পটেটু	(ডি) বয়েল্ড পটেটু

সঠিক উত্তর ঃ (সি) সুইট পটেটু।

প্রশ্ন(২)ঃ—এর মধ্যে কোন্‌টি অর্ধেকের সমান বা অর্ধেকের চেয়ে কম নয়?

অপশনস্

(এ) ০.২৫	(বি) ০.৭৫
(সি) ০.৫০	(ডি) ০.০

সঠিক উত্তরঃ (বি) ০.৭৫ ।

প্রশ্ন(৩)ঃ—কোন্ ফিল্‌মে কামাল হাসান সার্কাসের জোকারের ভূমিকায় অভিনয় করেছেন?

অপশনস্

(এ) হিন্দুস্তানী	(বি) হে রাম
(সি) আপ্পু রাজা	(ডি) সদমা

সঠিক উত্তরঃ (সি) আপ্পু রাজা।

প্রশ্ন(৪)ঃ—কোন্ খেলার সামগ্রীর ভিতরে 'ব্লাডার' থাকে?

অপশনস্

(এ) টেবিল টেনিস	(বি) টেনিস
(সি) ফুটবল	(ডি) হকি

সঠিক উত্তরঃ (সি) ফুটবল।

প্রশ্ন(৫)ঃ—মহাভারতের 'চৌপড়' খেলার পর দ্রৌপদী কোন্ প্রতিজ্ঞা করেছিল?

অপশনস্

(এ) সর্বদা সাদাবস্ত্র পরবেন	(বি) তার চোখ বাধবেন
(সি) চুল খুলে রাখবেন	(ডি) পায়ে জুতা পড়বেন না

সঠিক উত্তর ঃ (সি) চুল খুলে রাখবেন।

প্রশ্ন(৬)ঃ—পর্বতীয় স্থল ধর্মশালা কোন রাজ্যে অবস্থিত ?

অপশনস্

(এ) উত্তরাখন্ড	(বি) উত্তর প্রদেশ
(সি) হিমাচল প্রদেশ	(ডি) পাঞ্জাব

সাঠক উত্তরঃ (সি) হিমাচল প্রদেশ। ৫০ঃ৫০ করে উত্তর দেন। এই সঙ্গে রাতের খেলা শেষ হল হুটারের তীব্র শব্দে।

ঘোষণা ঃ—পাঁচ ফুল ঝাড়িয়া নং—৬

নাম্বার ফাইভ— যখন শিশুরা টিভিতে পার্লামেন্ট নিউজ দেখে শিশুদের জন্য এ্যাকশান ভায়লেন্স ঠিক নয়।

নাম্বার ফোর — যখন ঠাকুরদা ক্রিকেট ফ্যাইন্যাল দেখেন,টীমকে হারতেই হবে। ঠাকুরদার রক্তচাপ বৃদ্ধি ভালনয়।

নাম্বার থ্রী — যখন স্বামী ফ্যাশান ঠিভি দেখেন ,তখন স্ত্রীর এমন প্যাসান ঠিক নয়।

নাম্বার টু — যখন শাশুরীর সঙ্গে বৌ টিভি দেখেন ,তখন ঘরে ঝগড়া বিবাদ ঠিক নয়।

নাম্বার ওয়ান — আপনার টিভি তখন বন্ধ করেন,যখন আপনি আমাদের পাঁচ ফুল ঝড়িয়া শুনেন। এত রাত হয়েছে মাথা ব্যাথা শুরু করবে।

১লা আশ্বিন ১০০১ইং

স্ব-ভাষ্যঃ—পৃথিবীতে কি মানুষ ক্রয় করা যায়? মনস্তাত্তিক ভাবে অবশ্যই ক্রয় করা যায়। মানুষকে সোনা, দানা, ধন, দৌলত বা অন্যকোন মূল্যবান বস্তুদ্বারা ক্রয় করা যায় না। তাকে ক্রয় করা যায় ভাল আচরণ দ্বারা । কেনা যায় ভাল ব্যাবহার দ্বারা,নিঃস্বার্থ কাজ দ্বারা । এগুলোকে বলা হয় শিষ্টাচার। মানুষ যতই সুন্দর বা ধনী হোক না কেন, যদি উপরের গুনগুলো না থাকে তবে তিনি সর্বদাই অবহেলিত থাকেন। অপরের জন্য কিছু *করার মানুষিকতাই ঐ সদগুণের বিকাশ।* কাজের দ্বারাই খুব সহজে মানুষের হৃদয় জয় করা যায়। যদি পৃথিবীতে স্বর্ণের চেয়ে মূল্যবান কিছু থাকে তাহল শিষ্টাচার। কাজেই [illegible]র নামক রত্ন ভান্ডার দ্বারাই কেবল অন্যের হৃদয় জয় করা যায়।

এই জয়কেই মনস্তত্বের মানুষ কেনা বলা হয়।

আজকের প্রথম খেলা সুষমাজীর ৭ নং প্রশ্ন থেকে।

প্রশ্ন (৭)ঃ — যদি আপনার Root Canel চিকিৎসার প্রয়োজন হয়,তবে কোন বিশেষজ্ঞের নিকট যেতে হবে?

অপশনস্

(এ) Orthopaedist	(বি) Architecture
(সি) Dentist	(ডি) Orthoimologist

সঠিক উত্তর ঃ (সি) Dentist.

প্রশ্ন(৮)ঃ—সিডনী ব্যতীত অস্ট্রেলিয়ার অপর কোন্ শহরে অলিম্পিক খেলা অনুষ্ঠিত হয়েছিল?

অপশনস্

(এ) এডিলেড	(বি) পার্থ
(সি) ব্রিজবেন	(ডি) মেলবোর্ন

সঠিক উত্তরঃ (ডি) মেলবোর্ন। এখানে জনরায় ৫০ শতাংশ ছিল।

প্রশ্ন(৯)ঃ—১৯৮২ সালে কোন্ কেন্দ্রীয় স্বরাষ্ট মন্ত্রী পরবর্তী কালে ভারতের রাষ্টপতি হয়েছিলেন?

অপশনস্

(এ) ভি.ভি.গিরি	(বি) জৈল সিং
(সি) এস.ডি.শর্মা	(ডি) ফকরুদ্দীন আলী আহমেদ

সঠিক উত্তরঃ (বি) জৈল সিং।

ফোন অব্ ফেণ্ড এর উত্তর বি-না বলে ৮০,০০০ নিয়ে চলে যান।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

o নীচের শাসক সমাজ প্রথম ভারতে আগমন থেকে শেষ ক্রম অনুযায়ী লিখ।

অপশনস্

(এ) মোঘল	*(বি) আর্য*
(সি) ইংলিশ	(ডি) তুর্কী

সঠিক ক্রম হল — ১. (বি) আর্য

২. (ডি) তুর্কী

৩. (এ) মোঘল

৪. (সি) ইংলিশ

সঠিক উত্তর ১০ জনে করেন ৩ জন। তাদের থেকে খেলায় যোগ্যতা অর্জন করেন

লক্ষ্নৌ এর পি. কে. শ্রীবাস্তব। তাকে যে যে প্রশ্ন করা হয়েছিল ,সেগলো নীচে উল্লেখ করা হল ।

প্রশ্ন(১)ঃ—এর মধ্যে কোন্‌টি চার সংখ্যার সাথে সম্পর্কীত নয় ?

অপশনস্‌

(এ) চৌকা	(বি) চৌরাহা
(সি) চারপাই	(ডি) চট্‌পট্‌

সঠিক উত্তর ঃ (ডি) চট্‌পট্‌।

প্রশ্ন(২)ঃ—নীচের ব্যক্তিদের মধ্যে কে লব ও কুশের কাকা ছিলেন না ?

অপশনস্‌

(এ) লক্ষ্মণ	(বি) শত্রুঘ্ন
(সি) ভরত	(ডি) রাম

সঠিক উত্তরঃ (ডি) রাম।

প্রশ্ন(৩)ঃ—এর মধ্যে কোন্‌ প্রসাদের শীর্ষে পৌঁছানোর জন্য আপনাকে সবচেয়ে বেশী উপরে উঠতে হয় ?

অপশনস্‌

(এ) গেইট ওয়ে অব ইণ্ডিয়া	(বি) কুতুব মিনার
(সি) ইণ্ডিয়া গেইট	(ডি) বুলন্দ দরওয়াজা

সঠিক উত্তরঃ (বি) কুতুব মিনার।

প্রশ্ন(৪)ঃ—এদের মধ্যে কোন্‌ ফিল্‌ম অভিনেত্রী নেপালের নির্বাচিত প্রথম প্রধানমন্ত্রীর নাতনী ?

অপশনস্‌

(এ) মালা সিন্‌হা	(বি) মনিষা কৈরালা
(সি) নূতন	(ডি) অপর্ণা সেন

সঠিক উত্তরঃ (বি) মনিষা কৈরালা।

প্রশ্ন (৫) ঃ— একটি সোলার ব্যাটারীতে এর মধ্যে কোন্‌ শক্তি বিদ্যুৎ শক্তিতে পরিবর্তিত হয় ?

অপশনস্‌

(এ) হিট	(বি) ওয়াটার
(সি) লাইট	(ডি) উইণ্ড

সঠিক উত্তর ঃ (সি) লাইট।

প্রশ্ন(৬)ঃ—ভারতের শেষ মোঘল সম্রাট কে ছিলেন ?

অপশনস্‌

(এ) আলমগীর	(বি) শাহ্‌ আলম-২য়
(সি) বাহাদুর শাহ-২য়	(ডি) আকবর-২য়

সঠিক উত্তরঃ বাহাদুর শাহ -২য়।

প্রশ্ন(৭)ঃ—১৯৯৯ সালে ক্রিকেট বিশ্ব কাপে দক্ষিন আফ্রিকার অধিনায়ক কে ছিলেন?

অপশনস্

(এ) লান্স ক্লুজনার	(বি) জন্টি রুডস
(সি) হ্যান্সি ক্রোনিয়ে	(ডি) শ্যান পোলক

সঠিক উত্তরঃ (সি) হ্যান্সি ক্রোনিয়ে। ফোন অব্ ফ্রেণ্ড উত্তর দেন।

প্রশ্ন(৮)ঃ—এদের মধ্যে কে একজন প্রধানমন্ত্রীর কন্যা নহেন?

অপশনস্

(এ) সিরিমাভো বন্দরনায়েক	(বি) ইন্দিরা গান্ধী
(সি) বেনজীর ভুট্টো	(ডি) শেখ হাসিনা

সঠিক উত্তরঃ (এ) সিরিমাভো বন্দরনায়েক।

প্রশ্ন(৯) ঃ-—১৯৪১ সালে ফুটবল টুর্নামেন্টে কোন্ দল তাদের প্রথম খেলাতেই সন্তোষ ট্রফি জয়লাভ করেছিল?

অপশনস্

(এ) বোম্বে	(বি) বেঙ্গল
(সি) হায়দরাবাদ	(ডি) দিল্লী

সঠিক উত্তর ঃ (বি) বেঙ্গল।

প্রশ্ন(১০)ঃ—এর মধ্যে কোন্‌টির প্রতিষ্ঠা মহাত্মাগান্ধী করেন নি?

অপশনস্

(এ) সবরমতী আশ্রম	(বি) সেবাগ্রাম
(সি) পৌনার আশ্রম	(ডি) ফোনিক্স ফার্ম

সঠিক উত্তরঃ (সি) পৌনার আশ্রম।

প্রশ্ন(১১)ঃ—১৯৮০ সালে কোন্ হিন্দী ফিল্‌মে সঞ্জয় গান্ধীকে সমর্পিত করা হয়, যাতে তারঁ সংস্কার দেখানো হয়েছিল?

অপশনস্

(এ) আবদুল্লা	(বি) কোরবানী
(সি) কর্জ	(ডি) ইনসাফ

সঠিক উত্তরঃ (বি) কোরবানী।

এখানে এসে ভুলের শংকায় ৩,২০,০০০ নিয়ে খেলা ছেড়ে দিয়ে চলে যান।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

● ভারতের এই স্টেশনগুলোর অবস্থান উত্তর দিক থেকে ক্রমশ দক্ষিন দিক অনুসারে সাজিয়ে লিখ।

অপশনস্

(এ) ধর্মশালা	(বি) দার্জ্জিলিং
(সি) পহেলগাঁও	(ডি) উটি

সটিক ক্রম হল - ১. (সি) পহেলগাঁও
২. (এ) ধর্মশালা
৩. (বি) দার্জ্জিলিং
৪. (ডি) উটি

৯জনের মধ্যে শুদ্ধ ক্রম করেন ৩ জন। এদের থেকে হট সীটে বসেন নাগপুরের যোগেন্দ্র রাণা। তাকে যে যে প্রশ্ন করা হল তা হল —

ঘোষণা ঃ — হর সীট, হট সীট নং—৮

(প্রশ্ন) Which of the following is the senior most Police rank in a State ?

অপশনস্

(এ) SI	(বি) SSP
(সি) DGP	(ডি) DIG

এবার শ্রীরাণার প্রশ্ন দিয়ে নর্মাল খেলা শুরু।

প্রশ্ন(১)ঃ—রেলওয়ে স্টেশনে এর মধ্যে কোন্‌টি দেখতে পাওয়া যায় না ?

অপশনস্

(এ) সিগন্যাল	(বি) প্ল্যাট ফর্ম
(সি) উইংশুসক্	(ডি) ট্র্যাকস্

সঠিক উত্তরঃ (সি) উইংশু সক্।

প্রশ্ন(২)ঃ— Haseena Man Jayegi এক হংগীতে নায়ক নিজের নায়িকাকে এর মধ্যে কোন্ নাম্বার জিজ্ঞাসা করেছিল ?

অপশনস্

(এ) পিন নাম্বার	(বি) সেণ্ডেল নাম্বার
(সি) কার নাম্বার	(ডি) মোবাইল নাম্বার

সঠিক উত্তরঃ (ডি) মোবাইল নাম্বার।

প্রশ্ন(৩)ঃ—যদি আপনি 'নিকাহ' এর ২৫ বৎসর পালন করেন, তবে নীচের কোন অনুষ্ঠানটি পালন করা হবে ?

অপশনস্

(এ) বার্থ ডে	(বি) এঙ্গেজম্যান্ট
(সি) গেজুয়েশন	(ডি) ম্যারেজ

সঠিক উত্তরঃ (ডি) ম্যারেজ।

প্রশ্ন(৪)ঃ—'অশ্বমেধযজ্ঞ' করার সময় এর মধ্যে কোন প্রাণীকে ছাড়া হত?

অপশনস্

(এ) হাতী	(বি) কুকুর
(সি) ঘোড়া	(ডি) কাক

সঠিক উত্তর ঃ (বি) ঘোড়া।

প্রশ্ন(৫)ঃ—এক দিনের ক্রিকেট খেলার সবচেয়ে বেশী কতজন ব্যাটসম্যান আউট হতে পারে?

অপশনস্

(এ) ২২ জন	(বি) ২০ জন
(সি) ১১ জন	(ডি) ২৪জন

সঠিক উত্তর ঃ (বি) ২০ জন। এখানেই খেলার রাতের মত শেষ হল।

২ রা অক্টোবর ২০০১ ইং

আজ সত্যনিষ্ঠ শান্ত স্বভাব অহিংসার পূজারী মহাত্মা গান্ধীর পূন্য জন্মদিবস।

প্রশ্ন (৬) ঃ— কোন্‌প্রকারের রক্তকনিকা অক্সিজেনকে মানুষের শরীরের বিভিন্ন স্থানে বহন করে ?

অপশনস্

(এ) শ্বেত কনিকা	(বি) শিরা
(সি) লাল কনিকা	(ডি) মোটর

সঠিক উত্তর ঃ (সি) লাল কনিকা ।

প্রশ্ন(৭)ঃ—ভগবান শিবের কোন্ নাম একটি পাখীর নামের সঙ্গে সম্পর্ক যুক্ত?

অপশনস্

(এ) মহেশ	(বি) রুদ্র
(সি) ভোলা	(ডি) নীলকণ্ঠ

সঠিক উত্তর ঃ (ডি) নীল কণ্ঠ।

প্রশ্ন (৮)ঃ— এর মধ্যে দূরত্বের একক নয় কোনটি ?

অপশনস্

(এ) নটিক্যাল মাইল	(বি) নট্
(সি) লাইট ইয়ার	(ডি) কিলোমিটার

সঠিক উত্তর ঃ (বি) নট্।

তিনি ভুল উত্তর সি বলায় ১০,০০০নিয়ে বিদায় হলেন।

প্রথম নিবাচর্নী প্রশ্ন —

○ এই শব্দগুলোকে এই ক্রমানুসারে লিখ যা একটি হিন্দী প্রবাদ তৈরী হয়।

অপশনস্

(এ) কাউয়া	(বি) বোলে
(সি) কাটে	(ডি) ঝুট

সঠিক ক্রম হল — ১. (ডি) ঝুট

২. (বি) বোলে

৩. (এ) কাউয়া

৪. (সি) কাটে

১০ জনে ৭জন শুদ্ধ উত্তর করেন । এদের থেকে খেলায় যোগ্য বাছাইয়ে প্রথম হলেন চেন্নাইয়ের রঘু ভাট। তাকে যে যে প্রশ্ন করা হয় তা হল —

প্রশ্ন(১)ঃ—নীচের কোন্‌টি আফ্রিকার ক্রিকেট খেলার দেশ?

অপশনস্

(এ) উত্তর আফ্রিকা	(বি) দক্ষিণ আফ্রিকা
(সি) পূর্ব আফ্রিকা	(ডি) পশ্চিম আফ্রিকা

সঠিক উত্তরঃ (বি) দক্ষিণ আফ্রিকা।

প্রশ্ন(২)ঃ—এর মধ্যে কোন্ জিনিসটি মাপার জন্য কুইন্টাল ব্যবহার করা হয়?

অপশনস্

(এ) ওজন	(বি) সময়
(সি) গতি	(ডি) দৈর্ঘ

সঠিক উত্তরঃ (এ) ওজন।

প্রশ্ন(৩)ঃ—নীচের কোন্ ভগবানের একাধিক মস্তক আছে?

অপশনস্

(এ) ইন্দ্র	(বি) ব্রহ্মা
(সি) শিব	(ডি) গনেশ

সঠিক উত্তরঃ (বি) ব্রহ্মা।

প্রশ্ন (৪) ঃ— এর মধ্যে মহারাণা প্রতাপের ঘোড়ার নাম কোন্‌টি ?

অপশনস্—

(এ) বিজয়	(বি) চেতক
(সি) শঙ্কর	(ডি) বাদল

সঠিক উত্তরঃ- (বি) চেতক।

প্রশ্ন (৫) ঃ— নীচের কোন্‌টি রাজেশ খান্নার দ্বারা অভিনীত একটি ফিল্‌ম?

অপশনস্—

(এ) রোটি	(বি) ডাল
(সি) চাউল	(ডি) সব্জি

সঠিক উত্তরঃ- (এ) রোটি।

প্রশ্ন (৬) ঃ— কেন্দ্রীয় মন্ত্রীসভার সদস্য সংখ্যা নির্ণয় এবং দপ্তর বন্টন কে করে থাকেন?

অপশনস্—

(এ) রাষ্ট্রপতি	(বি) উপরাষ্ট্রপতি
(সি) লোকসভা	(ডি) প্রধানমন্ত্রী

সঠিক উত্তরঃ- (ডি) প্রধানমন্ত্রী।

প্রশ্ন (৭) ঃ— আমাদের আকাশ গঙ্গা বা ছায়াপথ কোন্ আকারের দেখা যায় ?

অপশনস্—

(এ) বর্গাকার	(বি) আয়তকার
(সি) ত্রিভূজ আকার	(ডি) কুণ্ডলীকার

সঠিক উত্তরঃ- (ডি) কুণ্ডলীকার। ৫০ঃ৫০-তে শুদ্ধ উত্তর নির্ণয় করেন।

প্রশ্ন (৮) ঃ— কালিদাসের কোন্ রচনায় শিব ও পার্বতীর বিবাহ এবং কার্তিকেয়র জন্ম বৃতান্ত লিপিবদ্ধ আছে ?

অপশনস্—

(এ) অভিজ্ঞানম শকুন্তলম	(বি) মেঘদূতম
(সি) ঋতুসংহারম	(ডি) কুমারসম্ভবম

সঠিক উত্তরঃ- (ডি) কুমারসম্ভবম। জনতার রায় ডি-তে ৩৩ শতাংশ পেয়ে শুদ্ধ করেন।

প্রশ্ন (৯) ঃ— জাতীয় পুরুষ টেবিল টেনিসে কোন্ খেলোয়াড় সবচেয়ে বেশীবার জয় লাভ করেছেন ?

অপশনস্—

(এ) চেতন বাবুর	(বি) মনোজিৎ দুয়া
(সি) কমলেশ মেহতা	(ডি) ভি. চন্দ্রশেখর

সঠিক উত্তরঃ- (সি) কমলেশ মেহতা। ফোন অব ফ্রেণ্ড-এ ভূল উত্তর বি-বলায় খেলা থেকে বিদায় নেন।

ঘোষণা ঃ— হর সীট, হট সীট নং—৯

(প্রশ্ন) Which of these names is not mentioned in our National Anthem ?

অপশনস্—

(এ) Bharat	(বি) Yamuna
(সি) Bindhya	(ডি) Kalinga

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

○ দিল্লী থেকে দক্ষিণে যাবার সময় প্রথম যে রাজ্য পড়ে তা থেকে ক্রমানুসারে লিখ।

অপশনস্—

(এ) মহারাষ্ট্র	(বি) মধ্য প্রদেশ
(সি) হরিয়ানা	(ডি) রাজস্থান

সঠিক ক্রম হল — ১. (সি) হরিয়ানা

২. (ডি) রাজস্থান

৩. (বি) মধ্য প্রদেশ

৪. (এ) মহারাষ্ট্র

৯ প্রার্থীর মধ্যে শুদ্ধ করেন মাত্র ১ জন। বুদ্ধিমতি তিনি হলেন নাসিকের সোনা পাণ্ডিয়া। তাঁর পরের প্রশ্নগুলো এই প্রকার—

প্রশ্ন (১) ঃ— নীচের কোন্ নিশানা মানুষের শরীরে দেখা যায়?

অপশনস্—

(এ) অরহর	(বি) তিল
(সি) মসুর	(ডি) উড়ুর

সঠিক উত্তরঃ- (বি) তিল।

প্রশ্ন (২) ঃ— ক্রিকেট খেলায় বলকে ভূমিতে আঘাত না করে ব্যাটসম্যান যদি সীমানার বাইরে ফেলে, তবে তার কত রান সংগ্রহ হবে ?

অপশনস্—

(এ) ০ রান	(বি) ২ রান
(সি) ৪ রান	(ডি) ৬ রান

সঠিক উত্তরঃ- (ডি) ৬ রান।

প্রশ্ন (৩) ঃ— নীচের কোন্ ফিল্মটি ঐতিহাসিক ঘটনার উপর করা হয় নি ?

অপশনস্—

(এ) সিকান্দার	(বি) মোঘল-ই-আজম
(সি) সিকান্দার-আল-আজম	(ডি) যো জিতা ওহি সিকান্দার

সঠিক উত্তরঃ- (ডি) যো জিতা ওহি সিকান্দার।

প্রশ্ন (৪) ঃ— পরম্পরাগতভাবে সাধারণতঃ এর মধ্যে কোন্ পাতায় খাওয়া হয় ?

অপশনস্—

(এ) আপেল	(বি) কলা
(সি) আম	(ডি) কমলা

সঠিক উত্তরঃ- (বি) কলা।

প্রশ্ন (৫) ঃ— কলকাতা থেকে আন্দামান যেতে কোন্ সমুদ্রের উপর দিয়ে যেতে হয় ?

অপশনস্—

(এ) আরব সাগর	(বি) বঙ্গোপসাগর
(সি) পীতসাগর	(ডি) দক্ষিণ চীন সাগর

সঠিক উত্তরঃ- (বি) বঙ্গোপসাগর।

জনতার রায় ৯৪ শতাংশ পেয়ে উত্তর নির্ণয় করেন।

প্রশ্ন (৬) ঃ— হিন্দী শব্দ ' সবিতা ' কথার অর্থ কি ?

অপশনস্—

(এ) সংগীত	(বি) বায়ু
(সি) অগ্নি	(ডি) সূর্য

সঠিক উত্তরঃ- (ডি) সূর্য। ৫০ঃ৫০ এবং ফোন অব ফ্রেণ্ডে শুদ্ধ উত্তর বেছে নেন।

প্রশ্ন (৭) ঃ— মানুষের শিশুকালে দুধের দাঁত কয়টি থাকে ?

অপশনস্—

(এ) ২০ টি	(বি) ২৪ টি
(সি) ২৮ টি	(ডি) ৩২ টি

সঠিক উত্তরঃ- (এ) ২০ টি।

প্রশ্ন (৮) ঃ— ভারতের প্রধানমন্ত্রী হবার জন্য ন্যূনতম কত বছর আবশ্যক ?

অপশনস্—

(এ) ২১ বছর	(বি) ২৫ বছর
(সি) ৩০ বছর	(ডি) ৩৫ বছর

সঠিক উত্তরঃ- (বি) ২৫ বছর। ভুলের ভয়ে ১০,০০০ নিয়ে খেলা ছাড়েন। রাতের খেলা এখানেই শেষ।

৩রা অক্টোবর,২০০১ ইং

স্ব-ভাষ্যঃ— আমাদের জীবনকে সংক্ষেপে তিনটি শব্দ দ্বারা বোঝানো হয়। এই মূল্যবান তিনটি শব্দই আমাদের পুরো জীবন পাল্টে দিতে পারে। কি সেই শব্দ ? এগুলো হল আস্থা, প্রেরণা এবং অনুকরণ। পড়া ও লিখার সময় ছোট ছোট শব্দ আমাদের জীবনে বিরাট প্রভাব ফেলে। আমাদের হৃদয়ের কোণে ব্যক্তির প্রতি অটুট বিশ্বাস বিরাজ করে, তখন সেটি হয় আস্থা। যখন ঐ ব্যক্তির সদগুনের দ্বারা প্রভাবিত হয়ে আমরাও যখন ঐরূপ করতে উদ্যমী হই, তখন তা হয় প্রেরণা । আর যার প্রতি আমাদের আস্থা আছে, যিনি আমাদের প্রেরণা দান করেন, আমরা তার প্রদর্শিত চলতে শুরু করি, তাকেই বলা হয় অনুকরণ। যার প্রতি সত্যি আস্থা আছে, যার প্রতি বিশ্বাস আছে,যার সদগুন অনুকরণ করি, তাতেই আমাদের জীবনে নুতনভাবে পরিবর্তনে পথ দেখাবে।

প্রথম নির্বাচনী প্রশ্ন—

০ একজন বিদ্যার্থীর শিক্ষা জীবনের নীচুস্তর থেকে ক্রমশঃ উপরের স্তর অনুযায়ী লিখ।

অপশনস্—

(এ) গ্র্যাজুয়েশন	(বি) নার্সারী
(সি) হাইস্কুল	(ডি) পোস্ট গ্র্যাজুয়েট

সঠিক ক্রম হল— ১. (বি) নার্সারী

২. (সি) হাইস্কুল

৩. (এ) গ্র্যাজুয়েশন

৪. (ডি) পোস্ট গ্র্যাজুয়েট

১০ জনে শুদ্ধ করেন ৬ জন। এদের থেকে হট সীটে খেলেন বিশাখাপত্তনমের এ.আর.সাইনাজ। তাঁর পরের প্রশ্নগুলো এই প্রকার—

প্রশ্ন (১) ঃ— একজন কুম্ভকার নীচের কোন্ জিনিস দিয়ে পাত্র তৈরী করেন ?

অপশনস্—

(এ) স্টীল	(বি) উড
(সি) কপার	(ডি) ক্লে

সঠিক উত্তরঃ- (ডি) ক্লে।

প্রশ্ন (২) ঃ— যে রাস্তায় গহরা সূর্যকে প্রদক্ষিণ করে তাকে কি বলা হয় ?

অপশনস্

(এ) রুটেশন	(বি) অরবিট
(সি) স্পিন	(ডি) অ্যাক্সিস

সঠিক উত্তর ঃ- (বি) অরবিট।

প্রশ্ন (৩) ঃ— ফিল্ম 'মোঘল-ই-আজমে'র সংগীত 'জব প্যায়ার কিয়া তো ডরনা ক্যায়া'— এটি কে গেয়েছেন?

অপশনস্

(এ) আশা ভোঁসলে	(বি) লতা মাঙ্গেশকর
(সি) গীতা দত্ত	(ডি) সুমন কল্যাণপুর

সঠিক উত্তর ঃ- (বি) লতা মাঙ্গেশকর।

প্রশ্ন (৪) ঃ—NCERT সংস্থার মধ্যে 'T' কথার অর্থ কি?

অপশনস্

(এ) Technology	(বি) Teachers
(সি) Training	(ডি) Taxation

সঠিক উত্তর ঃ- (সি) Training.

প্রশ্ন (৫) ঃ— জলের একটি অনুতে হাইড্রোজেনের কটি পরমাণু থাকে?

অপশনস্

(এ) ০টি	(বি) ১টি
(সি) ২টি	(ডি) ৩টি

সঠিক উত্তর ঃ- (সি) ২টি ।

প্রশ্ন (৬) ঃ—এর মধ্যে কোন্ ক্রিকেট মাঠ চন্ডিগড়ের নিকটে অবস্থিত?

অপশনস্

(এ) ইডেন গার্ডেনস	(বি) গ্রীণ পার্ক
(সি) মোহালী	(ডি) ফিরোজ শাহ্ কোটলা

সঠিক উত্তর ঃ- (সি) মোহালী।

প্রশ্ন (৭) ঃ— এর মধ্যে কোন্ শব্দের প্রয়োগ প্রবহমান বায়ুর ক্ষেত্রে প্রযোজ্য নহে?

অপশনস্

(এ) হ্যারিকেন	(বি) টর্নেডু
(সি) সাইক্লোন	(ডি) য়ূয়্যার পুল

সঠিক উত্তর ঃ— (ডি) য়ূয়্যার পুল।

প্রশ্ন (৮) ঃ— এদের মধ্যে কে প্রাক্তন জাতীয় স্তরের সাঁতারু?

অপশনস্

(এ) লারা দত্ত	(বি) নাফিসা আলী
(সি) ঐশ্বরীয় রাই	(ডি) মেনকা গান্ধী

সঠিক উত্তর ঃ- (বি) নাফিসা আলী।

প্রশ্ন (৯) ঃ— 'সীতারা দেবী' কোন্ ক্লাসিক্যাল নৃত্য করে থাকেন?

অপশনস্

(এ) ভারত নাট্যম	(বি) উড়িষী
(সি) কুচিপুরী	(ডি) কত্থক

সঠিক উত্তর ঃ- (ডি) কত্থক। তিনি ভুল ডি-বলে ১০,০০০ নিয়ে বিদায় হলেন।

ঘোষণা ঃ—হর সীট, হট সীট নং-১০

(প্রশ্ন) which of these films starred Kishore Kumar and Nutan?

অপশনস্

(এ) Rampur ka Laxman	(বি) Dillika Thug
(সি) Bambai Ka Babu	(ডি) Kasmir Ka Kali

O একটি সাইকেলের এই অংশগুলো সামনের দিক থেকে পেছনের অংশ হিসেবে লিখ।

অপশনস্

(এ) ফ্রন্ট হুয়ীল	(বি) ক্রস বার
(সি) সীট	(ডি) হ্যান্ডেল

সঠিক ক্রম হল ঃ— ১. (এ) ফ্রন্ট হুয়ীল

২. (ডি) হ্যান্ডেল

৩. (বি) ক্রস বার

৪. (সি) সীট

৯ জনে শুদ্ধ উত্তর করেন ৩ জন। এদের মধ্যে থেকে হট সীটে খেলেন দিল্লীর শুভ্রা দাস তাকে যে যে প্রশ্ন করা হয়, তা হল —

প্রশ্ন (১) ঃ— নীচের কোন্ রাজ্যে অধিক অঞ্চল মরভূমি আছে?

অপশনস্

(এ) পাঞ্জাব	(বি) হিমাচল প্রদেশ
(সি) রাজস্থান	(ডি) কেরালা

সঠিক উত্তর ঃ- (সি) রাজস্থান।

প্রশ্ন (২) ঃ— এর মধ্যে কোন্ সংখ্যা সবচেয়ে বড়?

অপশনস্

(এ) Ekyavan	(বি) Ekyanve
(সি) Eksath	(ডি) Ekyaasi

সঠিক উত্তর ঃ- (বি) Ekyanve.

প্রশ্ন (৩) ঃ— Gate way of India কোন্ সমুদ্রের নিকট অবস্থিত?

অপশনস্

(এ) আরব সাগর	(বি) বঙ্গোপসাগর
(সি) কচ্ছ উপসাগর	(ডি) পক্ প্রণালী

সঠিক উত্তর ঃ- (এ) আরব সাগর।

প্রশ্ন (৪) ঃ— প্রাচীন ভারতের কোন্ ব্যক্তির নাম এক বৃক্ষের নামেও জানা যায়?

অপশনস্

(এ) বিম্বিসার	(বি) চন্দ্রগুপ্ত
(সি) অশোক	(ডি) সমুদ্রগুপ্ত

সঠিক উত্তর ঃ- (সি) অশোক

প্রশ্ন (৫) ঃ— মহাভারতে এর মধ্যে কাকে 'চক্রধারী' বলা হয়?

অপশনস্

(এ) ভীষ্ম	(বি) অর্জুন
(সি) কৃষ্ণ	(ডি) দ্রোণাচার্য

সঠিক উত্তর ঃ- (সি) কৃষ্ণ।

প্রশ্ন (৬) ঃ— ১৯৭১ সালে ওয়েস্ট ইন্ডিজ এবং ইংল্যান্ড দুই টীমকেই প্রথম ক্রিকেট টেস্টে কার নেতৃত্বে পরাজিত করা হয়েছিল ?

অপশনস্

(এ) নবাব পতৌদি	(বি) অজিত ওয়েদাকার
(সি) বিষেণ সিং বেদী	(ডি) নরি কনট্রাকটর

সঠিক উত্তর ঃ- (বি) অজিত ওয়েদাকার।

এখানে তিনি ফোন অব ফ্রেন্ড এবং জনরায় ৬০ শতাংশ পেয়ে উত্তর করেন।

প্রশ্ন (৭) ঃ— ফিল্ম 'প্রতিজ্ঞা'-তে 'Main jatt yamla pagla diwana' কোন্ অভিনেতার উপর হয়েছিল?

অপশনস্

(এ) দাড়া সিং	(বি) ধর্মেন্দ্র
(সি) শাম্মী কাপুর	(ডি) জীতেন্দ্র

সঠিক উত্তর ঃ- (বি) ধর্মেন্দ্র।

প্রশ্ন (৮) ঃ— মিসাইল উৎক্ষেপন কেন্দ্র 'চাঁদনীপুর' কোন্ রাজ্যে অবস্থিত?

অপশনস্

(এ) অন্ধ্রপ্রদেশ	(বি) উড়িষ্যা
(সি) তামিলনাড়ু	(ডি) কেরালা

সঠিক উত্তর ঃ- (বি) উড়িষ্যা।

প্রশ্ন (৯) ঃ— Potala Palace-এর মধ্যে পরম্পরাগত কার বাসস্থান?

অপশনস্

(এ) ভুটান রাজা	(বি) দালাই লামা
(সি) নেপাল রাজা	(ডি) সিকিম চুগিয়াল

সঠিক উত্তর ঃ- (বি) দলাই লামা।

৫০ ঃ ৫০ করে সি ভুল বলায় ১০,০০০ নিয়ে ফিরে আসেন। এরই সঙ্গে হুটারের শব্দে রাতের খেলা সমাপ্তি ঘোষণা করে।

[illegible]

স্ব-ভাষ্য ঃ—কান মন্ত্র এমন এক অস্ত্র যা দ্বারা মানুষের রক্ত জড়ে না, কিন্তু হৃদয়কে ভাঙ্গার মহৎ হাতিয়ার। ধনী দরিদ্র বহু মানুষের কাছেই এটি মহামূল্য অস্ত্র। এই অস্ত্রের

ব্যবহার বহু ক্ষেত্রেই হয়ে থাকে। ভাল ছাত্রকে খারাপ করতে, ভাল কাজ থেকে বিরত করতে, ভাল উদ্দেশ্যকে বানচাল করতে, ভালবাসায় বিষ ঢালতে, অর্থ অর্জনের ক্ষেত্রে, অফিসে সুনাম ক্ষুন্ন করতে, প্রতিবেশীর নিকট হেয় করতে, বন্ধুত্ব নষ্ট করতে, পারিবারিক বিভাজন করতে, সর্বোপরি স্বামী স্ত্রীতে দ্বন্দ্ব তৈরী করতে এই কান মন্ত্রের জুড়ি মেলা ভার। আর এর শিকার হন তারাই, যারা সত্যতা যাচাই না করে কানমন্ত্রকে আকড়ে থাকেন। কিন্তু কানমন্ত্রকে যারা বুদ্ধিমত্তার দ্বারা কানেই স্থান দেন, হৃদয় পর্যন্ত পৌছার সুযোগ দেননা, তাদের কাছে এই মন্ত্র যতই শক্তিশালী হোক না কেন তা সম্পূর্ণ নিরর্থক। বরং এই কু-মন্ত্রনায় নিজেকে আরও দৃঢ় করে, মনের কষ্টি পাথরে ঘটনাকে খোলামেলা বিশ্লেষণ করে, কুমন্ত্রনাকারীদের উচিত শিক্ষা দিতে সংকল্প করে। এমন ব্যক্তির হৃদয় কখনই কানমন্ত্রের শিকার হয় না। তখন কানমন্ত্রীকারী নিজেই কানমন্ত্র দানের জন্য সারা জীবন ভেবে চিন্তে ক্ষয়ে যাবেন।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

○ নীচের মুদ্রাগুলোর মূল্য কম থেকে বেশী মুল্যের মুদ্রায় ক্রম অনুযায়ী লিখ।

অপশনস্

(এ) চারআনা	(বি) আটানা
(সি) আনা	(ডি) টাকা

সঠিক ক্রম হল ঃ— ১. (সি) আনা
২. (এ) চারআনা
৩. (বি) আটানা
৪. (ডি) টাকা

১০ জনে ১০ জনই ক্রম করেন। এর মধ্যে অতি অল্প সময়ে উত্তর দিয়ে হট সীটে বসেন ওটীর শিবকুমারী প্রকাশ। তাকে যে যে প্রশ্ন করা হয়, তা হল —

প্রশ্ন (১) ঃ— সম্প্রতি ভারতের প্রধানমন্ত্রী এবং পারভেজ মুশারফ কোথায় বৈঠক করেছিলেন?

অপশনস্

(এ) নতুন দিল্লী	(বি) জয়পুর
(সি) সিমলা	(ডি) আগ্রা

সঠিক উত্তর ঃ- (ডি) আগ্রা।

প্রশ্ন (২) ঃ— দিনের কোন্ সময়কে 'ভোর' বলা হয়?

অপশনস্

(এ) রাত্রি	(বি) বিকেল
(সি) দুপুর	(ডি) সকাল

সঠিক উত্তর ঃ- (ডি) সকাল।

প্রশ্ন (৩) ঃ— এর মধ্যে কোন্ প্রাণীকে 'জাম্বু' বলা হয়?

অপশনস্

(এ) সিংহ	(বি) বাঘ
(সি) হাতী	(ডি) গন্ডার

সঠিক উত্তর ঃ- (সি) হাতী।

প্রশ্ন (৪) ঃ— ফিল্ম 'পড়োশন'-এ এর মধ্যে কে অভিনয় করেন নি?

অপশনস্

(এ) সুনীল দত্ত	(বি) মেহমুদ
(সি) দিলীপ কুমার	(ডি) অশোক কুমার

সঠিক উত্তর ঃ- (ডি) অশোক কুমার।

প্রশ্ন (৫) ঃ— টেস্ট ক্রিকেটে কোন্ খেলোয়াড় ব্যাটিং করতে পারে না?

অপশনস্

(এ) ক্যাপটেন	(বি) ওপেনিং ব্যাটসম্যান
(সি) সাব্স্টিটিউট	(ডি) ভাইস ক্যাপটেন

সঠিক উত্তর ঃ- (সি) সাব্স্টিটিউট।

প্রশ্ন (৬) ঃ— 'ভারত' শব্দটি আমাদের জাতীয় সংগীতে কতবার আসে?

অপশনস্

(এ) একবার	(বি) দুইবার
(সি) তিনবার	(ডি) চারবার

সঠিক উত্তর ঃ- (বি) দুইবার।

প্রশ্ন (৭) ঃ— বৈদিক যুগে কাকে Sutas বলা হত?

অপশনস্

(এ) গোল্ডস্মিথ	(বি) চ্যারিয়টার
(সি) কোক্	(ডি) টেক্স কালেকটর

সঠিক উত্তর ঃ- (বি) চ্যারিয়টার।

তিনি ভুল উত্তর ডি-বলায় ১০,০০০ নিয়ে ফিরে যান।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

● বয়সে ছোট থেকে বড় এই টেনিস খেলোয়াড়দের ক্রম অনুযায়ী লিখ।

অপশনস্

(এ) লিয়েন্ডার পেজ	(বি) রামনাথন কৃষ্ণাণ
(সি) রমেশ কৃষ্ণাণ	(ডি) বিজয় অমৃতরাজ

সঠিক ক্রম হল ঃ— ১. (এ) লিয়েন্ডার পেজ
২. (সি) রমেশ কৃষ্ণাণ
৩. (ডি) বিজয় অমৃতরাজ
৪. (বি) রামন্নাথন কৃষ্ণাণ

৯ জনের মধ্যে শুদ্ধ ক্রম করেন ৩ জন। এদের থেকে হট সীটে খেলার যোগ্যতা অর্জন করেন কলকাতার রাজ চক্রবর্তী।

ঘোষণা ঃ—হর সীট, হট সীট নং-১১

(প্রশ্ন) In which country were the first Assin Games held in 1951?

অপশনস্

(এ) Japan	(বি) Iran
(সি) China	(ডি) India

আবার নর্মাল খেলা শুরু শ্রীচক্রবর্তীর প্রশ্ন দিয়ে।

প্রশ্ন (১) ঃ— ভগবান কৃষ্ণকে কোন্ বাদ্যযন্ত্রের সঙ্গে দেখা যায়?

অপশনস্

(এ) তবলা	(বি) ডমরু
(সি) বীণা	(ডি) বাঁশী

সঠিক উত্তর ঃ- (ডি) বাঁশী।

প্রশ্ন (২) ঃ— এর মধ্যে কাকে হিন্দীতে Kak বলা হয়?

অপশনস্

(এ) কালো বিড়াল	(বি)
(সি) কাক	(ডি)

সঠিক উত্তর ঃ- (সি) কাক।

প্রশ্ন (৩) ঃ— নীচের কোন্ খেলা টীমের খেলা নয়?

অপশনস্

(এ) কবাডী	(বি) [illegible]
(সি) খো-খো	(ডি) দাবা

সঠিক উত্তর ঃ- (ডি) দাবা।

প্রশ্ন (৪) ঃ— এর মধ্যে সানি দেওলের ফিল্ম কোন্‌টি?

অপশনস্

(এ) অর্জুন	(বি) যুধিষ্ঠির
(সি) নকুল	(ডি) সহদেব

সঠিক উত্তর ঃ- (এ) অর্জুন।

প্রশ্ন (৫) ঃ— শরীরের কোন্ অংশ প্রতি মিনিটে ৭২ বার স্পন্দিত হয় ?

অপশনস্

(এ) কিডনী	(বি) হার্ট
(সি) লিভার	(ডি) স্টম্যাক

সঠিক উত্তর ঃ- (বি) হার্ট।

প্রশ্ন (৬) ঃ— গুলামনবী আজাদ কোন্ রাজ্য থেকে রাজ্যসভায় সদস্য হন ?

অপশনস্

(এ) উত্তর প্রদেশ	(বি) রাজস্থান
(সি) জম্মু ও কাশ্মীর	(ডি) হিমাচলপ্রদেশ

সঠিক উত্তর ঃ- (সি) জম্মু ও কাশ্মীর।

প্রশ্ন (৭) ঃ— ফিল্ম 'Andi' তে 'Tere bina Zindagi se Koyi.....' সংগীত কোন্ অভিনেত্রীর উপর করা হয়েছে?

অপশনস্

(এ) হেমা মালিনী	(বি) সুচিত্রা সেন
(সি) বিদ্যা সিন্হা	(ডি) অপর্ণা সেন

সাঠক উত্তর ঃ- (বি) সুচিত্রা সেন।

প্রশ্ন (৮) ঃ— 'সিলভাসা' কোন্ কেন্দ্রীয় শাসিত প্রদেশের রাজধানী ?

অপশনস্

(এ) দাদরা ও নগর হাভেলী	(বি) আন্দামান ও নিকোবর
(সি) দমন ও দিউ	(ডি) লাক্ষাদ্বীপ

সঠিক উত্তর ঃ- (এ) দাদরা ও নগর হাভেলী।

প্রশ্ন (৯) ঃ— লর্ডস মাঠে ভারতের কোন্ খেলোয়াড় প্রথম টেস্টেই শতক করেন ?

অপশনস্

(এ) আর. দ্রাবিড়	(বি) এস. তেন্ডুলকার
(সি) এস. গাঙ্গুলী	(ডি) ডি. ভেঙ্কসরকার

সঠিক উত্তর ঃ- (সি) এস. গাঙ্গুলী।

প্রশ্ন (১০) ঃ— কুরুক্ষেত্র যুদ্ধে কৌরবদের কোন্ সেনাপতি জীবিত ছিলেন ?

অপশনস্

(এ) অশ্বত্থামা	(বি) কর্ণ
(সি) দ্রোণ	(ডি) শল্য

সঠিক উত্তর ঃ- (এ) অশ্বত্থামা। ফোন অব ফ্রেন্ড-এ উত্তর দেন।

প্রশ্ন (১১) ঃ— কোন্ খেলায় খেলোয়াড়ের র‍্যাঙ্কিং ELO দ্বারা নিশ্চিত করা হয়?

অপশনস্

(এ) ক্রিকেট	(বি) টেনিস
(সি) দাবা	(ডি) ব্যাডমিন্টন

সঠিক উত্তর ঃ- (সি) দাবা।

প্রশ্ন (১২) ঃ— ১৮২৬ সালে কোন্ সমাজ সংস্কারক 'বেদান্ত কলেজ' প্রতিষ্ঠা করেছিলেন?

অপশনস্

(এ) দয়ানন্দ সরস্বতী	(বি) রাজা রামমোহন রায়
(সি) এম. এলফিস্টোন	(ডি) জে. রাণাডে

সঠিক উত্তর ঃ- (বি) রাজা রামমোহন রায়। ৫০ ঃ ৫০ তে শুদ্ধ করেন।

প্রশ্ন (১৩) ঃ— নীচের কোন্ দেশে কখনো মহিলা প্রধানমন্ত্রী ছিলেন না?

অপশনস্

(এ) ইসরায়েল	(বি) নিউজিল্যান্ড
(সি) তুর্কী	(ডি) গ্রীস

সঠিক উত্তর ঃ- (ডি) গ্রীস।

ভুলের সম্ভাবনায় ১২,৫০,০০০ নিয়ে খেলা ছেড়ে দেন।

তৃতীয় নির্বাচনী প্রশ্ন —

○ এই মন্ত্রীদের লোকসভার স্থান উত্তর দিকের দিক থেকে দক্ষিণ দিকে সাজিয়ে লিখ।

অপশনস্

(এ) ওমর আবদুল্লা	(বি) এল. কে. আদবানী
(সি) এ. বি. বাজপেয়ী	(ডি) মোরারজী দেশাই

সঠিক ক্রম হল ঃ— ১. (এ) ওমর আবদুল্লা

২. (সি) এ. বি. বাজপেয়ী

৩. (ডি) মোরারজী দেশাই

৪. (বি) এল. কে. আদবানী

৮ জনে শুদ্ধ করেন ৪ জন। এদের থেকে হট সীটে বসেন হায়দরাবাদের এন. ভি. সুধীর। তাকে যে যে প্রশ্ন করেন, তা হল —

প্রশ্ন (১) ঃ— হিন্দু বিবাহে স্বামী-স্ত্রী কাকে সাক্ষী রেখে প্রদক্ষিণ করেন?

অপশনস্

(এ) পূজারী	(বি) অগ্নি
(সি) তুলসী গাছ	(ডি) অভিভাবক

সঠিক ঙওর ঃ- (বি) অগ্নি।

প্রশ্ন (২) ঃ— কোন্ ধর্মের নিয়ম অনুযায়ী রবিবারকে প্রার্থনা দিবস মানেন?

অপশনস্

(এ) শিখ	(বি) মুসলিম
(সি) খ্রীষ্টান	(ডি) হিন্দু

সঠিক উত্তর ঃ- (সি) খ্রীষ্টান।

প্রশ্ন (৩) ঃ— অষ্ট্রেলিয়ার পক্ষে কোন্ দুই ভাই ক্রিকেট খেলেন?

অপশনস্

(এ) পীট ও গ্যারি ক্রিস্টান	(বি) অ্যান্ডি ও গ্র্যান্ড ফ্লাওয়ার
(সি) বেন ও এডাম হোলিকক	(ডি) স্টিভ ও মার্ক ওয়া

সঠিক উত্তর ঃ- (ডি) স্টিভ ও মার্ক ওয়া। এখানে রাতের খেলা শেষ হল।

৯ই অক্টোবর, ২০০১ ইং

স্ব-ভাষ্য ঃ—জীবনের শেষ সত্য হল মৃত্যু। মৃত্যুর শেষ সত্য হল পূর্ণ পরিসমাপ্তি। অন্ত হল ঐ শরীরের যা আমরা জন্ম নিয়েছি ও সম্পূর্ণ জীবন বেঁচে থাকি। কিন্তু মৃত্যুর পর কি জীবন জীবিত থাকতে পারে? অবশ্যই পারে, তবে অন্য প্রথায়। আগত মৃত্যুর রোগীকে অঙ্গ দান করে তাকে জীবন দেওয়াই মৃত্যুর জীবন দান। যদি কারও মৃত্যুর পর অঙ্গদানে অপর মুমুর্ষ মৃত্যুর রোগী বেঁচে যায়, তবে এতো মৃত্যুর পর জীবনের সামিল। যিনি অনিবার্য মৃত্যুতে চিরশায়ীত তার অঙ্গ দানই তার সুকর্মের ফলে জীবন চিরকাল স্মরণীয় হয়। তাই মৃত্যুর পূর্বেই অঙ্গ দান স্বীকৃতি একটি মহৎ কাজ। যে দানে তার মৃত্যুর পর, অঙ্গ গ্রহণকারী দাতাকে কৃতজ্ঞতার বেদীতে বসিয়ে আমৃত্যু মনে রাখেন। আর এটাই হল মৃত্যুতে মানুষের বেঁচে থাকা।

প্রশ্ন (৪) ঃ— এর মধ্যে কোন্ অভিনেত্রীর পুত্র হিন্দী ফিলিমে অভিনয় করছেন?

অপশনস্

(এ) তনুজা	(বি) মালা সিন্হা
(সি) শর্মিলা ঠাকুর	(ডি) হেমা মালিনী

সঠিক উত্তর ঃ- (সি) শর্মিলা ঠাকুর।

প্রশ্ন (৫) ঃ— 'গ্রুপ ক্যাপটেন' এর মধ্যে কিসের একটি র‍্যাঙ্ক?

অপশনস্

(এ) আর্মি	(বি) নেভী
(সি) এয়ার ফোর্স	(ডি) পুলিশ

সঠিক উত্তর ঃ- (সি) এয়ার ফোর্স।

প্রশ্ন (৬) ঃ— রাজ কাপুরের কোন্ ফিল্মে শশী কাপুর জীনাত আমনের নায়ক ছিলেন?

অপশনস্	(এ) সত্যম্ শিবম্ সুন্দরম্	(বি) প্রেম রোগ
	(সি) মেরা নাম জোকার	(ডি) কাল আজ অউর কাল

সঠিক উত্তর ঃ- (এ) সত্যম্ শিবম্ সুন্দরম্।

প্রশ্ন (৭) ঃ— কোন্ নেতার নামে একটি রাজ্যের রাজধানীর নাম রাখা হয়েছে?

অপশনস্

(এ) রবীন্দ্রনাথ ঠাকুর	(বি) জওহরলাল নেহেরু
(সি) সর্দার প্যাটেল	(ডি) মহাত্মা গান্ধী

সঠিক উত্তর ঃ- (ডি) মহাত্মা গান্ধী।

প্রশ্ন (৮) ঃ— এদের মধ্যে ওয়েষ্ট ইন্ডিজের ক্রিকেট খেলোয়াড় কে?

অপশনস্

(এ) Derren Yamuna	(বি) Darren Krishna
(সি) Darren Ganga	(ডি) Dasren Ravi

সঠিক উত্তর ঃ- (সি) Darren Ganga. জনরায় ৫৭ শতাংশ ছিল এতে।

প্রশ্ন (৯) ঃ— কোন্ শহরের নাম তিরুপতি বেঙ্কটেশ্বর মন্দিরের প্রধান দরজা হবার কারণে রাখা হয়েছিল?

অপশনস্

(এ) চিদাম্বরম	(বি) কুডাপ্পা
(সি) চিদানোর	(ডি) চিত্তোর

সঠিক উত্তর ঃ- (বি) কুড়াপ্পা। ৫০ ঃ ৫০ তে উত্তর করেন।

প্রশ্ন (১০) ঃ— এর মধ্যে কোন্ টার্ম মানুষের নামের সঙ্গে সম্পর্কিত নহে?

অপশনস্

(এ) ফারেনহাইট	(বি) সেলসিয়াস
(সি) সেন্টিগ্রেড	(ডি) কেলভিন

সঠিক উত্তর ঃ- (সি) সেন্টিগ্রেড।

প্রশ্ন (১১) ঃ— 'ভারত রত্ন' এ সম্মানিত প্রথম মুখ্যমন্ত্রী কে ছিলেন?

অপশনস্

(এ) এম. জি. রামচন্দ্রন	(বি) বিধান চন্দ্র রায়
(সি) জি. বি. পন্থ	(ডি) সি. রাজগোপালাচারী

সঠিক উত্তর ঃ- (ডি) সি. রাজাগোপালাচারী।

প্রশ্ন (১২) ঃ— হিন্দু মান্যতা অনুযায়ী এর মধ্যে কার বীণাকে 'মহতী' বলা হয়?

অপশনস্

(এ) নারদ	(বি) সরস্বতী
(সি) রাবণ	(ডি) কামদেব

সঠিক উত্তর ঃ- (এ) নারদ।

প্রশ্ন (১৩) ঃ— Miza maqum Abul masur khan, গর্ভনর Awadh কে কোন্ ভাল নামে জানা যায়?

অপশনস্

(এ) Shuja-ud-Daula	(বি) Safdarjung
(সি) Nizam-ul-mulk	(ডি) Wajid Ali Shah

সঠিক উত্তর ঃ- (বি) Safdarjung. ফোন অব ফ্রেন্ড করে উত্তর না পাওয়ায় ১২,৫০,০০০ নিয়ে খেলা ছেড়ে দেন।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

❍ এই শব্দগুলো দ্বারা একটি হিন্দী প্রবাদের প্রথম থেকে ক্রমানুসারে শেষে সাজিয়ে লিখ।

অপশনস্

(এ) Bharni	(বি) Karni
(সি) jaisi	(ডি) Vaisi

সঠিক ক্রম হল ঃ— ১. (সি) jaisi
২. (বি) Karni
৩. (ডি) Vaisi
৪. (এ) Bharni

১০ জনে শুদ্ধ ক্রম করেন ৮ জন। এদের মধ্যে থেকে হট সীটে বসেন কান্নুর-এর হাবিব মহম্মদ। তাকে যে যে প্রশ্ন করা হয়, তা হল — তৎক্ষণাৎ বিদ্যুৎ বিভ্রাট ঘটে পুরো খেলার জন্য।

১০ই অক্টোবর, ২০০১ ইং

স্ব-ভাষ্য ঃ—আমাদের জীবনের অমূল্য সম্পদ হল হাসি। পরম প্রাপ্তি হল মধুর বন্ধুত্ব। জীবনের ভিত হল অনুপ্রেরণা। আদর্শ হল নিষ্ঠা। চঞ্চল উদ্যম হল পবিত্র কর্তব্য। পরম সুখ হল জীবনের গতি। পরের দুঃখে নিজের চোখের জল হল মুক্তা। অসহায়কে সঙ্গ দেওয়া আমাদের মহৎ আলো। আমাদের কর্মসৃষ্টি হল সুগন্ধ। মিলনের সেতু বন্ধন হল আমাদের পরম আনন্দ। আর আনন্দই হল জীবন। জীবন হল আমাদের শেষ প্রাপ্তি।

বিদ্যুতের অভাবে ৯-৪৫ পর্যন্ত অনুষ্ঠান দর্শনে বঞ্চিত হলাম।

প্রশ্ন (৮) ঃ— মহাভারতে গণেশের দাঁত কে ভেঙ্গে দিয়েছিলেন?

অপশনস্

(এ) পরশুরাম	(বি) ইন্দ্র
(সি) তর্কাসুর	(ডি) সুব্রহ্মনিয়ম

সঠিক উত্তর ঃ- (এ) পরশুরাম।

প্রশ্ন (৯) ঃ— এর মধ্যে কোন্ রাষ্ট্রপতি প্রথমে ইন্দিরা গান্ধীর মন্ত্রীসভার একজন মন্ত্রী ছিলেন?

অপশনস্

(এ) রাজেন্দ্র প্রসাদ	(বি) ফক্‌রুদ্দীন আলী আহমেদ
(সি) ভি. ভি. গিরি	(ডি) জাকির হুসেন

সঠিক উত্তর ঃ- (বি) ফক্‌রুদ্দীন আলী আহমেদ।

ফোন অব ফ্রেন্ড-এ ভুল উত্তর সি বলে ১০,০০০ নিয়ে ফেরেন।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

● মহাভারতের এই গভর্নর জেনারেলদের প্রথম থেকে শেষ ক্রমানুসারে সাজিয়ে লিখ।

অপশনস্

(এ) লর্ড মাউন্ট ব্যাটেন	(বি) সি. রাজাগোপালাচারি
(সি) ওয়ারেন হেস্টিংস	(ডি) লর্ড ডালহৌসী

সঠিক ক্রম হল ঃ— ১. (সি) ওয়ারেন হেস্টিংস
২. (ডি) লর্ড ডালহৌসী
৩. (এ) লর্ড মাউন্ট ব্যাটেন
৪. (বি) সি. রাজাগোপালাচারি

শুদ্ধ ক্রম করেন ৯ জনে ৩ জন। এদের থেকে হট সীটে বসেন মুম্বাইয়ের সঞ্জয় চন্দক। তাকে যে যে প্রশ্ন করা হয়, তা হল —

প্রশ্ন (১) ঃ— এর মধ্যে কোন্ প্রাণী কখনো গাছের উপরে চড়ে না?

অপশনস্

(এ) বানর	(বি) লেপার্ড
(সি) পাইথন	(ডি) জিরাফ

সঠিক উত্তর ঃ- (ডি) জিরাফ।

প্রশ্ন (২) ঃ— নীচের কোন্ খেলায় বল ভুমি থেকে উপরে উঠে না?

অপশনস্

(এ) হকি	(বি) টেবিল টেনিস
(সি) বিলিয়ার্ডস	(ডি) ক্রিকেট

সঠিক উত্তর ঃ- (সি) বিলিয়ার্ডস।

প্রশ্ন (৩) ঃ— এর মধ্যে কাকে 'কানাইয়া' নামে জানা যায়?

অপশনস্

(এ) রাম	(বি) শিব
(সি) ভীম	(ডি) কৃষ্ণ

সঠিক উত্তর ঃ- (ডি) কৃষ্ণ।

প্রশ্ন (৪) ঃ— ভারতের স্বাধীনতার পরে এর মধ্যে কোন্ রাজধানীর নাম পাল্টানো হয় নি?

অপশনস্

(এ) বোম্বে	(বি) ক্যালকাটা
(সি) মাদ্রাজ	(ডি) জয়পুর

সঠিক উত্তর ঃ- (ডি) জয়পুর।

প্রশ্ন (৫) ঃ— নীচের কোন্ জিনিস দ্বারা ভাঙ্গা হাড়ের জোড়া লাগানোর কাজে ব্যবহৃত হয়?

অপশনস্

(এ) প্লাস্টার অব লন্ডন	(বি) প্লাস্টার অব প্যারিস
(সি) প্লাস্টার অব মোম্বাই	(ডি) প্লাস্টার অব নিউইয়র্ক

সঠিক উত্তর ঃ- (বি) প্লাস্টার অব প্যারিস।

এরই সঙ্গে খেলার সমাপ্তি হয় হুটারের শব্দে।

১৫ই অক্টোবর, ২০০১ ইং

স্ব-ভাষ্য ঃ—কথায় বলে ঈশ্বরে বিশ্বাস হল আস্তিক এবং অবিশ্বাস হচ্ছে নাস্তিক। আমার মতে এর পরিভাষা একটু পৃথক। যে ব্যক্তি নিজেদর প্রতি আস্থা রাখেন, নিজের কর্ম ও সামর্থের প্রতি বিশ্বাস রাখেন, ঈশ্বর প্রদত্ত মানবীয় মূল্যকে শ্রদ্ধা করেন, তিনি মূর্তি পূজা না করলেও তিনি পূর্ণ আস্তিক। অপরদিকে যে ব্যক্তি কাউকে ভালবাসেন না, নিজেকেও ভালবাসেন না, যার হৃদয়ে মানবতা নেই, তিনি যতই সারাদিন মালা জপেন তাকে নাস্তিক বলা ভুল হয় না। আস্তিক-নাস্তিক শব্দ আমাদের মনগড়া। তাই কর্মযোগী, আত্মবিশ্বাসী, পরোপকারী, কল্যাণকামী প্রতিটি ব্যক্তিই আসল আস্তিক।

প্রশ্ন (৬) ঃ— কোন্ অভিনেত্রী ফিল্ম 'পাপা কহতে হে' যুগল হংসরাজ এর নায়িকা কে ছিলেন?

অপশনস্

(এ) কিম শর্মা	(বি) করিশমা কাপুর
(সি) ময়ুরী কাংগো	(ডি) উর্মিলা মাতন্ডকর

সঠিক উত্তর ঃ- (সি) ময়ুরী কাংগো।

প্রশ্ন (৭) ঃ— এর মধ্যে কোন্ ক্রিকেট খেলোয়াড় রঞ্জি ট্রফিতে মুম্বাই-এর পক্ষে খেলেছেন?

অপশনস্

(এ) লালা অমরনাথ	(বি) বিজয় মার্চেন্ট
(সি) বিজয় হাজারে	(ডি) সি. কে. নাইডু

সঠিক উত্তর ঃ- (বি) বিজয় মার্চেন্ট। জনরায় ৪০ শতাংশ ছিল এতে।

প্রশ্ন (৮) ঃ— ২০০১ সালে প্রচলিত সব ১০০ টাকায় নোটে কার হস্তাক্ষর আছে?

অপশনস্

(এ) সি. রঙ্গরাজন	(বি) বিমল জালাল
(সি) মন্টেক সিং আওলিয়া	(ডি) মনমোহন সিং

সঠিক উত্তর ঃ- (বি) বিমল জালাল।

প্রশ্ন (৯) ঃ— কর্কট ক্রান্তি রেখা ভারতের কোন্ রাজ্যের মধ্য দিয়ে গেছে?

অপশনস্

(এ) মধ্যপ্রদেশ	(বি) মহারাষ্ট্র
(সি) গুজরাট	(ডি) পশ্চিমবঙ্গ

সঠিক উত্তর ঃ- (বি) মহারাষ্ট্র। ৫০ ঃ ৫০ তে উত্তর সমাধান করেন।

প্রশ্ন (১০) ঃ— ত্রয়োদশ লোকসভা নির্বাচনে এর মধ্যে কোন্ ফিল্ম ব্যক্তিত্ব কোন কেন্দ্রে প্রতিদ্বন্দ্বিতা করেন নি?

অপশনস্

(এ) আগ্রা	(বি) গুরুদাসপুর
(সি) উত্তর পশ্চিম মুম্বাই	(ডি) দারভাঙ্গা

সঠিক উত্তর ঃ- (ডি) দারভাঙ্গা। ফোন অব ফ্রেন্ডে উত্তর দেন।

প্রশ্ন (১১) ঃ— ১৯৮৪ সালে প্রথম সাফ গেমস কোন্ দেশে হয়েছিল?

অপশনস্

(এ) শ্রীলঙ্কা	(বি) বাংলাদেশ
(সি) নেপাল	(ডি) পাকিস্তান

সঠিক উত্তর ঃ- (সি) নেপাল।

প্রশ্ন (১২) ঃ— মহাভারতে কার শঙ্ককে 'অনন্তবিজয়' বলা হয়?

অপশনস্

(এ) কৃষ্ণ	(বি) যুধিষ্ঠির
(সি) ভীম	(ডি) কর্ণ

সঠিক উত্তর ঃ- (বি) যুধিষ্ঠির।

ভুলের ভয়ে ৬,৪০,০০০ নিয়ে খেলা ত্যাগ করেন।

প্রথম নির্বাচনী প্রশ্ন —

● ভারত-পাক যৌথ চুক্তির স্থানগুলো প্রথম থেকে শেষ ক্রমানুসারে লিখ।

অপশনস্

(এ) সিমলা	(বি) আগ্রা
(সি) তাসখন্দ	(ডি) লাহোর

সঠিক ক্রম হল ঃ— ১. (সি) তাসখন্দ
২. (এ) সিমলা
৩. (ডি) লাহোর
৪. (বি) আগ্রা

১০ জনে শুদ্ধ ক্রম করেন ৫ জন। এদের থেকে হট সীটে খেলেন ব্যাঙ্গালোরের সুলভা আটভালে। তাঁর পরের প্রশ্নগুলো হল —

প্রশ্ন (১) ঃ— মানুষের দ্বারা প্রদেয় রক্তকে কোথায় সঞ্চিত করা হয়?

অপশনস্

(এ) ব্লাড স্টোর	(বি) ব্লাড শপ
(সি) ব্লাড ব্যাঙ্ক	(ডি) ব্লাড মল

সঠিক উত্তর ঃ- (সি) ব্লাড ব্যাঙ্ক।

প্রশ্ন (২) ঃ— কে. আর. নারায়ণন দিল্লীতে কোথায় বাস করেন?

অপশনস্

(এ) তিনমূর্ত্তি ভবন	(বি) রাষ্ট্রপতি ভবন
(সি) সংসদ ভবন	(ডি) চানক্য পুরী

সঠিক উত্তর ঃ- (বি) রাষ্ট্রপতি ভবন।

প্রশ্ন (৪) ঃ— Snickometer কোন্ খেলায় ব্যবহার করা হয়?

অপশনস্

(এ) ফুটবল	(বি) ক্রিকেট
(সি) টেনিস	(ডি) ব্যাডমিন্টন

সঠিক উত্তর ঃ- (বি) ক্রিকেট। জনরায় সি-তে ৪৭ শতাংশ পেয়ে ভুল হবার কারণে শূন্য হতে ফেরেন।

দ্বিতীয় নির্বাচনী প্রশ্ন —

● টিয়া পাখীর এই অংশগুলো সামনের দিক থেকে ক্রমশ পেছনের দিকের অংশ হিসেবে লিখ।

অপশনস্

(এ) গলা	(বি) ঠোঁট
(সি) পাখা	(ডি) পুচ্ছ

সঠিক ক্রম হল ঃ— ১. (বি) ঠোঁট
২. (এ) গলা
৩. (সি) পাখা
৪. (ডি) পুচ্ছ

৯ জনের মধ্যে শুদ্ধ উত্তর করেন ৫ জন। এদের থেকে হট সীটে বসেন সুরাটের কে. ভি. জনপতি নাইডু। তাকে যে যে প্রশ্ন করা হয়, তা হল —

প্রশ্ন (১) ঃ— ভারতের সবচেয়ে উত্তরের অংশ কোন্ রাজ্যে অবস্থিত?

অপশনস্

(এ) অরুণাচল প্রদেশ	(বি) উত্তরাঞ্চল
(সি) জম্মু ও কাশ্মীর	(ডি) হিমাচল প্রদেশ

সঠিক উত্তর ঃ- (সি) জম্মু ও কাশ্মীর।

প্রশ্ন (২) ঃ— এর মধ্যে কোন্ আকারটি দাবার বোর্ডে দেখা যায়?

অপশনস্

(এ) সার্কেলস	(বি) ট্রাইএঙ্গেল
(সি) হেপ্টাগন	(ডি) স্কোয়ার

সঠিক উত্তর ঃ- (ডি) স্কোয়ার।

প্রশ্ন (৩) ঃ— কোন্ ফিল্মে 'টাবু' অনিল কাপুরের নায়িকা ছিলেন?

অপশনস্

(এ) বেটা	(বি) লমহে
(সি) বিরাসত	(ডি) মশাল

সঠিক উত্তর ঃ- (সি) বিরাসত। জনরায় ৯০ শতাংশ ছিল।

প্রশ্ন (৪) ঃ— নীচের কোন্‌টি সবচেয়ে ভারী?

অপশনস্

(এ) অর্ধ কিলোগ্রাম	(বি) অর্ধ কুইন্টাল
(সি) অর্ধ গ্রাম	(ডি) অর্ধ মিলিগ্রাম

সঠিক উত্তর ঃ- (বি) অর্ধ কুইন্টার।

প্রশ্ন (৫) ঃ— এর মধ্যে কোন্ মন্দির তামিলনাড়ুতে অবস্থিত?

অপশনস্

(এ) লিঙ্গরাজ মন্দির	(বি) দিলবারা মন্দির
(সি) সোমনাথ মন্দির	(ডি) মিনাক্ষী মন্দির

সঠিক উত্তর ঃ- (ডি) মিনাক্ষী মন্দির।

এই প্রশ্নের সঙ্গেই রাতের খেলা শেষ হল।

১৬ই অক্টোবর, ২০০১ ইং

আজ ছিল পূর্ব ঘোষণা অনুযায়ী স্পেশাল এপিসোড। তাই পূর্ণ মানসিকতা, পূর্ণ প্রস্তুতি নিয়ে তৈরী। আজ হট সীটে খেলবেন 'কাহানী ঘর ঘরকী'র সদস্য। কিন্তু খেলার সময় সমাগত হবার পূর্বেই অপদার্থ সুখের বিদ্যুৎ হৃদয়ে ঘা দিয়ে হারিয়ে যায় ৯-৫৫

মিনিট পর্যন্ত। যন্ত্রনায় আহত থাকার পর বিদ্যুৎ এলে ক্ষণিকের জন্যও শেষ প্রশ্ন পেলাম এপিসোডের একমাত্র স্মৃতি হিসেবে। স্মৃতিকে সুখের করে রাখার জন্য এই ১২ নং প্রশ্নটিকে সযত্নে কলমবন্দী করে তুলে দিলাম আপনাদের অঞ্জলীরূপে পুরো ইংরেজিতেই।

প্রশ্ন (১২) ঃ— which of these Union Finance Minister was earlier Governor of the Reserve Bank of India?

Options

(A)	P. Chidambaram	(B)	Manmohan Singh
(C)	Yashwant Singh	(D)	V.P. Singh

Correct Answer :- (B) Manmohan Singh.

তারা ফোন অব ফ্রেন্ড-এ উত্তর এ-বলায় ৩,২০,০০০ টাকার চেক নিয়ে খেলা ত্যাগ করেন। আর এরই সাথে সমাপ্তহল ঘর ঘরকী কাহানীর স্পেশাল এপিসোড।

১৭ই অক্টোবর, ২০০১ ইং

স্ব-ভাষ্য ঃ—কোন কিছু হারিয়ে যাওয়া, লোপ পাওয়া, তলিয়ে যাওয়া, ভেঙ্গে যাওয়া, বিদায় নেওয়া, নষ্ট হওয়া, ধ্বংস হওয়া—এগুলো প্রত্যেকের মনকেই পীড়া দেয়। বিশেষতঃ বিনাশ বা ধ্বংসের জন্য দুঃখ হয়। কিন্তু ধ্বংস এনে দিতে পারে চির সুখ। ভেবে অবাক হচ্ছেন তো? হ্যাঁ, ধ্বংস যে সুখ আনতে পারে তাই বলব আপাতঃ মনস্তাত্বিকতায়। গৃহ থেকে পাড়া, পাড়া থেকে গ্রাম, গ্রাম থেকে শহর, শহর থেকে রাজ্য, রাজ্য থেকে দেশ, দেশ থেকে বিশ্ব—সকল দ্বন্দ্ব সংঘাত-সন্ত্রাস ধ্বংস হলে উল্লাস হয়। সন্ত্রাসের অস্ত্র বিনাশ হলে স্বস্তি হয়। বুক ভরে তাজা বায়ুর পূর্ণতায়।

সারা পৃথিবী আজ প্রাচীন-নবীন অস্ত্রের বিশাল ভান্ডার। এই মারণ ভান্ডারের উপর দাঁড়িয়ে আছে সন্ত্রস্ত অসহায় মানুষ। পৃথিবী রূপ-সৌন্দর্য আজ বিনাশের দ্বারপ্রান্তে। ক্ষমতার লোভ, শক্তির আস্ফালনই ধ্বংসের সূত্রপাত। এজন্য মানুষই প্রত্যক্ষ দায়ী।

শান্তির ললিত বাণী মুখে বললে প্রকৃত শান্তি দূর অস্ত। এরজন্য চাই সকল দেশের যৌথ উদ্যোগে 'অস্ত্র নিধন যজ্ঞ'। প্রতিটি রাষ্ট্র নায়ক উদ্যোগী হলে 'অস্ত্র নিধন যজ্ঞ' করে বিশ্বে নতুন ইতিহাস করা যায়। বৃহৎ দেশগুলো প্রথমে পৃথিবীর মানুষের সামনে তা করে দৃষ্টান্ত স্থাপন করতে হবে। এতে অনুপ্রাণিত হয়ে অপর দেশও 'অস্ত্র নিধন যজ্ঞে' মেতে উঠবে। এভাবে রাজ্যে রাজ্যে, শহরে-গ্রামে, পাড়ায় পাড়ায়, ঘরে ঘরে শুরু হয়ে যাবে এই মহা অনুষ্ঠান। তাই ধ্বংসের জন্য মানুষ হাসবে, দু-বাহু তোলে নাচবে, গলা ফাটিয়ে গাইবে।

এরপর, পুলিশের হাতে থাকবে সুগন্ধী ফুল, সৈনিকের পীঠে থাকবে ক্ষুধার্তের

রুটি, সন্ত্রাসকারীর হৃদয়ে থাকবে ভালবাসার ফুটন্ত কলি। আর থাকবে না দেশের গন্ডি, থাকবে না বাড়ীর প্রাচীর। এবং থাকবেন হিংসা, থাকবে না লোভ। থাকবে না অরাজকতা, থাকবেনা লুট। মানুষ নিজ কর্মে এগিয়ে যাবে। রাতে ঘুমাবে দ্বার খোলে। অন্যের পতিত অর্থ, করবে না কেউ স্পর্শ। ঘরে ঘরে, প্রতি মনে থাকবে সুখ, দুর হবে ক্ষুধা রোগ। তাই মারণ অস্ত্র নিধন কে চাইবে না? এমন পরিবেশ সমাগত, স্বাগত। শেষের শুরু হোক না এখন থেকেই। কারণ মানুষই পৃথিবী সর্বশ্রেষ্ঠ উপহার।

১৮ই অক্টোবর, ২০০১ ইং

আলোকে বাধা দিয়ে আলো রোধ করা যায়। হাওয়াকে বাধা দিয়ে হাওয়া রোধ করা যায়। স্রোতকে বাধা দিয়ে স্রোত রোধ করা যায়। সৃষ্টিকে বাধা দিয়ে সৃষ্টি রোধ করা যায়। আর্থিক পথে বাধা দিয়ে অর্থ রোধ করা যায়। কিন্তু জ্ঞানের পথকে বাধা দিয়ে জ্ঞান রোধ করা যায় না। জ্ঞান এমনই বস্তু যা প্রথাগত প্রক্রিয়ার ছাড়াও অর্জন করা যায়। প্রথার জ্ঞানের পরিধি সীমিত, কিন্তু প্রথাহীন জ্ঞানের পরিধি বিশাল, মহাসাগরের চেয়েও বিশাল। কেননা মহাসাগরেরও পাড় আছে, শেষ আছে। কিন্তু জ্ঞান এমনই সমুদ্র যার কুল নেই, কিনারা নেই। নেই তার আদি, নেই আর অন্ত। তাই জ্ঞান হল অসীম, অনন্ত, অদ্বিতীয়। এজন্যই জ্ঞান হল মানুষের অমূল্য অলঙ্কার।

গতির পথে বাধা মানেই বিরতি। অনুষ্ঠানে বাধা মনেই বিরক্তি। দূর্ভাগ্যের কালো মেঘ আগরতলার আকাশে হঠাৎ দেখা দিল, স্টার প্লাসের সমস্ত প্যাকেজ বন্ধ করে দিয়ে। আজ টিভি খুলেই এমন ঘটনার প্রত্যক্ষ সাক্ষী হলেন আগরতলার কৌ ব ক্রো-র সমস্ত দর্শকবৃন্দ। আগরতলার কন্ট্রোলরুম এবং ক্যাবল অপারেটরদের মধ্যে অর্থনৈতিক শীতল যুদ্ধে কর্তৃপক্ষ বঞ্চিত করে দিলেন সমস্ত দর্শকদের। তাদের যৌথ প্রচেষ্টায় ১৮-১০-২০০১ ইং থেকে স্টার প্লাসের সমস্ত অনুষ্ঠান সম্প্রচার বন্ধ করে দেওয়া হল কেবল একটিমাত্র ক্যাপশান দেখিয়ে। অবাক হল সকল দর্শক। স্তব্ধ হল জ্ঞানের স্বাভাবিক গতি। থেমে গেল আমার কলম। নীরব থাকল কন্ট্রোল রুম, ক্যাবল অপারেটর।

কিন্তু জ্ঞান পিপাসু আমরা থেমে থাকব কেন? জ্ঞান যে মনের ক্ষুধা নিবৃত করে। জ্ঞান যে বুদ্ধিকে তীক্ষ্ণ করে। জ্ঞান যে মানুষকে জাগিয়ে তোলে। জ্ঞান যে মানুষের প্রতিষ্ঠার সিঁড়ি। তাই অনুষ্ঠান বন্ধ হলেই বা কি! অনুষ্ঠান লব্দ ফল এই 'কৌন বগেনা ক্রোরপতি' হাতে থাকলে জ্ঞানের পরিধি কম কি? ভুলে যাওয়া প্রশ্নগুলো তাজা উত্তরে ফিরিয়ে দেবে এই বইটি।

— সমাপ্ত —